# উপনিষদ অর্ঘ্য

## খেতাশতর ও ছান্দোগ্য উপনিষদ

পুষ্প দেবী

প্রাপ্তিম্বান ঃ

প্রকাশক ১, ডঃ খ্যামাদাস রো, ক্লিকাতা-১৯ মহেশ লাইজেরী

২/১, খামাচরণ দে খ্রীট,
কলেজ স্বোয়ার, কলিকাভা-১২

প্রথম সংকরণ: সেপ্টেম্বর ১৯৬৪

প্রকাশ করেছেন: প্রীপুষ্প দেবী ১, ড: খ্যামাদাস রো, কলিকাতা-১৯

ছেপেছেন:
শ্রীস্থবোধচন্দ্র মণ্ডল
কল্পনা ক্রোস প্রাইভেট লি:
৯, শিবনারারণ দাস লেন,
কলিকাতা-৬

প্রচন্দেপট এঁকেছেন: জীবদাবশী ভটাচার্য

প্রছেদণট ছেপেছেন: "গ্রাফিকো"

বাঁবিরেছেন:
ধর বালাস

৪, রাসমোহন রার রোড,
কলিকাভা-১

#### **छे**९मर्ग

পরম শ্রন্থের পিতৃবন্ধু শ্রীযুক্ত জ্যোতিষ চন্দ্র ঘোষ মহাশয়ের শ্রীকরকমলেযু

মেয়েদের তুমি দিলে সম্মান মায়ের মতন ক'রে বাংলা মায়েরে সাজাইলে তুমি যশের কণ্ঠহারে সব মেয়েদের প্রতীক হইয়া দিলাম ভোমায় ভাই মূনি ঋষিদের অমিয় ভথ্য "আমি এর মাঝে নাই"

সেহধক্তা কল্পা পুষ্প

जनाहेंभी, ১०१>

ভারত সরকারের পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়নকল্পে ভারত ও পশ্চিমবঙ্গ সরকারের অর্থাকুকুল্যের দরুণ এই পুস্তকের স্থলভ মূল্য সম্ভব হইয়াছে।

এই লেখিকার লেখা বইঃ—

পুণাকাহিনী-

বাঁকুড়ার পৌরব ৺স্কুমার চট্টোপাধ্যায় মহাশ্রের জীবনালেশ্য—মূল্য — ৩১

কবিতার শতখোকী-গীতা-

গীতার ১০৮ শ্লোক সরল বাংলা কবিতার অফ্রাদ ও ব্যাধ্যা। গীতা সরস্বতী সত্যানন স্বামীর ভূমিকা স্থালিত, দ্বিতীয় সংস্করণ মূল্য—২<

**উপনিষদ** निर्माना—

ঈশ, কেন ও কঠোপনিষদের সরল কবিভায় ভাবাহ্বাদ কলিকাতা বিশ্ববিভালয় কর্তৃক ১৯৬২ সালের লীলা পুরস্কার প্রাপ্ত । ডঃ শ্রীকুমার বন্যোপাধ্যায়ের ভূমিক। সম্পতি শ্রীশ্রীমাহনানন ব্রহারীর আশীর্কাণী সহিভ ম্লা - ২

चिन्नियम देन (वश्र-

প্রান্ধ, মৃণ্ডক, মাণ্ড্কা, তৈতিবিয়ে ও ঐতবেরোপনিষদের সরল পাসাহবাদ। শ্রীশ্রীজীব ভাষেতীর্থ মহাশাষের ভূমিকা ও শ্রীশ্রীষামী সত্যানন্দ মহারাজ ও শ্রীশ্রীমোহনানন্দ ব্রহারীর আশীর্কাদপুত। মূল্য—২১

পুল্পপরাগ---

পুষ্পদেবীর শ্রেষ্ঠ পর: — ধর্মহীন সমাজের কৌতৃক চিত্র
শ্রীআশাপূর্ণা দেবীর ভূমিক। সম্বলিত স্থলর রজীন
বাধাই — উপহারের উপযুক্ত। মূল্য — ৩ ৫০

শীন্ত্রই প্রকাশিত হইবে উপনিবদ অঞ্জলি—

٠

वृहणात्रवाक छेशनियम्ब कावाञ्चाम-मृणा-०

পরম শুভাস্ধ্যায়ী জ্রীজ্ঞাঞ্চরণাশ্রিতসেবক জ্রীমোহনানক ব্রহ্মচারী পরম শুভানীর্বাদ বিশেষ

ধর্ম ও অধ্যাত্মশান্তমর্মাক্তা বেদান্তবিদূষিণী লব প্রতিষ্ঠা লেখিকা ও রচয়িতা শ্রীমতী পুষ্পদেবীর যোগ্য লেখনী প্রস্ত ছানোগ্য ও খেতাখতর উপনিষদ হ'বানির কাব্যহ্রবাদ সম্প্রতি স্থবীজন ও সাধকজনের সমীকায় निर्देशन करा इहेन : উপনিষ্দের প্রাগৈতিহাসিক ছন্দ, ভাষা ভত্তও ভাব বর্ত্তমান প্রচলিত সংস্কৃত ভাষা হইতে অধিকতর বিশিষ্ট পরিমাজ্ঞিত সংক্রিপ্ত ও ভিন্নবিধার সাধারণের পক্ষে তুর্বোধা। ব্যাকরণ ছল নিক্রন্ত ও বৈদিক ভাষায় সমাকজ্ঞান বাতিত উপনিষদ হুজে য় হইয়া পড়িয়াছে। সংক্রিপ্ত হাত্রকারে বৈদিকশবে তত্ত বিকাস করা হইয়াছে। আচার্যা-গণের ভায় টীকা প্রভৃতির সাহায়্যে কথঞিৎ বোধগম্য হইলেও সংস্কৃতে সম্যক বুৎপত্তি ভিন্ন দেগুলির সাহায্যেও এই তুরুহ উপনিষদ বোধগম্য নছে। অথচ এই সকল উপনিষ্দে কত গভীর সার্বাকালিক সর্বাদেশের সার্কভৌম সতা নিহিত হইয়াছে। প্রাচ্য ও প্রতীচা বছ মনীষী সাধক ও বিদ্ব-লগণ এই উপনিষদ অমৃতপান করিয়াধক হইরাছেন। সহজ সরল প্রাপ্তল ভাষার সহজ অহুভব্গম্য তত্ত্তলিকে বিকাস করিয়া সর্বসাধারণের গ্রহণ ও আবাদনীয় যোগ্য করার কৃতিত এই কারামুরাদ রচরিতার রহিয়াছে। পূর্ব প্রকাশিত উপনিষদ-এর কাবাল্যবাদগুলিও যেমন সুধীজন সমাদৃত হইয়াছে, তাঁর বর্ত্তমান রচনাও সিদ্ধ সাধনা, ও অহুসদ্ধিৎস্থ জ্বনের সমাদর লাভ করিবে সন্দেহ নাই। ভগবানের রূপ। প্রসাদে তাঁর এই কল্যাণমন্ত্রী প্রচেষ্টা দার্থক হইয়া উঠুক ইকাই সর্ব্বান্তকরণে কামনা করি।

শ্রাবন ১৩৭১ রামনিবাস ব্রহ্মচর্ব্য আশ্রম, দেওবর श्रीयाहनानम अवहाती

#### श्रष्टावना

শীমতা পুলদেবীর উপনিষদের অন্তবাদগুলি পড়িয়া খুদী হইয়াছি।
অতি গভীর কথা খুব সহজ ভাষায় ও সরলছন্দে প্রকাশ করিতে লেখিক।
সম্পূর্ণরূপে কৃতকার্য হটয়াছেন। এই ধরণের বই সাধারণ পাঠক মত
পড়িবে ততই মলল। ভারতবর্ষ অত্যন্ত পুবাতন দেশ আমরা সর্বদাই
আসাইয়া চলিয়াছি কিন্তু কখনও পেছনের ঠেকাকে ছাড়ি নাই।
আমাদের পিছনের ঠেকা হইল আমাদের সনাতন জীবন ভাবনা, আমাদের
চিরকালের অধ্যাত্ম চিন্তা। শাস্তের কোটায় আঁটা সংস্কৃত ভাষার
কুলুপ দেওয়া সে অধ্যাত্ম চিন্তা আমাদের প্রথম সকলেরই নাগালের
বাইরে। থাহারা কোটা খুলিয়া সে চিন্তা আমাদের সময়োপগোগী
করিয়া ধরিয়া দেন তাঁহারা মহৎ কাজ করেন। পুম্পদেবী এমনি মহৎ
কাজ করিভেছেন। আশাকরি তাঁর কাজের সহায়তা স্বদিক হইতেই
ধ্বন মিলো।

২৭, গোষাবাগান লেন, কলিকাভা-৬ ( ফ: ) শীস্কুমাৰ সেন অধ্যাপক কলিকাভা বিশ্ববিভালর

#### ভূমিকা

ছানোগ্য উপনিষদের অস্ততম বৈশক্ষণ্য ইহার উপাসনা প্রকরণ।
চর্মতত্ত্ব লাভের পথে উপাসনার উপযোগিতা কিরুপ তাহাই এই
উপনিষদে বিস্তৃতভাবে প্রতিপাদিত হইয়াছে। সাধারণ গুরের জীবের
পক্ষে উপাসনাশ্রমে মুক্তিপথে অগ্রসর হওয়া সহস্পাধ্য। এজঞ্জ
চালোগ্যোপনিষদ আলোচনার প্রয়োজন অন্ধীকার্য।

শ্রীমতী পূল্পদেবী বছদিন ইইতে উপনিষদের ভাবাহুগ অনুবাদে প্রবৃত্ত ইইরাছেন। শুধু ভাই নর, সকল উপনিষদের সারভূত ভগবদগীভার একশত আটটি শ্লোকেরও অনুবাদ করিরাছেন। কবিতার শতশ্লোকী গীতা, উপনিষদ নির্মালা, উপনিষদ নৈবেল্প এই তিনটি পুল্তকে তাঁর সে অনুবাদ প্রকাশিত ইইরাছে। আমি সেগুলিও পড়িরাছি এবং লক্ষ্য করিয়াছি যে এই রচনার মধ্য দিয়া লেখিকার মনন শক্তির প্রাপ্ত গরিচ্য আলুপ্রকাশ লাভ করিয়াছে। পূর্ব পূর্ব অনুবাদের ন্যায় এই অনুবাদও গ্লাহুগ ও সহজবোধ্য ইইয়াছে। ছান্দোগ্যের ভাষাগত কাঠিক স্বিদিত স্তরাং সাফল্যের সহিত এই অনুলা গ্রেছের যিনি অনুবাদ করিতে পারিয়াছেন তিনি নি:সংশক্ষে আমাদের প্রশংসা ভাকান।

বর্তমান রাজ্য সরকার প্রকৃত সংসাহিত্য প্রচারে অর্থাহ্নকুল্য করিতেহেন। ছান্দোগ্যেপনিষদ ধেমন ভাবপত গুরুত্বের আধার তেমনি আরতনগত গুরুত্বেরও। সকলের পক্ষে স্বকীর ব্যারে এই গ্রন্থের প্রকাশ সম্ভব হয় না। আমার বিশাস রাজ্য সরকার শ্রীমতী পূপদেবীকে এই অনুবাদ প্রকাশে অর্থাহ্নকুল্য করিয়া সভ্য সভ্যই বহুজনের উপকার সাধন করিয়াছেন।

> জ্ঞীগোরী নাথ শাল্পী অধ্যক্ষ গভর্মেন্ট সংস্কৃত কলেজ।

#### (लिथिकात निर्वापन

গাঁর দ্যায় পঙ্গু গিরি লজ্মন করে সেই দ্যাময়ের অহেতুক রূপায়
আমার মত মেরে ঈশ কেন কঠ। প্রশ্ন মৃত্তক, মাতৃক্য ও তৈত্তিরীয় ও
ঐতরেয়, এবং খেতাঘতর ও তান্দোগ্য উপনিষদ কাবাল্যাদ করেছে।
বৃহদারণ্যক কাবাল্যাদও আমার শেষ হল বাকি রইল সেটি ছাপানো।
এই বইটিতে আমার পিতৃসম শ্রদ্ধের শ্রীযুক্ত যোগেশ চল্ল মিত্র মহাশ্যের
আনেক সাহায্য আমি পেয়েছি। নান। তৃপ্রাপ্য গ্রন্থ ও তার পাশে
তাঁর নিজের হাতে লেখা টিকা আমায় কত যে কঠিন সংশয় থেকে উত্তীর্ণ
করেছে তা লেখায় প্রকাশ করার নয়। তাঁকে আমার শ্রদ্ধাবনত প্রণাম
জানাচ্ছি আর জানাচ্ছি আমার সহৃদয় পাঠক পাঠিকাদের। এই বইগুলি
লেখায় জন্ম উপনিষ্কের চার্চা করে আমার ব্যক্তিগত জাবনে আমি
অনেক লাভ্রান হয়েছি। আশাকরি সেই তৃ:খল্পয়ের মন্ত্র আমার পাঠক
পাঠিকারাও আবাদন করে তৃপ্ত হবেন।

ইভি— বিনীত। **লেখিকা** 

## ৰুষ্ণ যজুৰ্বেদীয় (স্বতান্বতব্যোপনিষ্ণ

## শ্বেতাশ্বতর উপনিষদ শান্তি পাঠ

ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে। পূর্ণস্থ পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে॥ ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ॥ পরিপূর্ণ পূর্ণতার মাঝে অপূর্ণের নাহি কণা লেশ

তাইত সে পূর্ণতম হতে পূর্ণ নিলে রহে পূর্ণশেষ॥

ওঁ শান্তি ওঁ শান্তি ওঁ শান্তি

ওঁ সহ নাববতু সহ নো ভূনক্ত,। সহ বীর্যং করবাবহৈ।
তেজ্বস্থি নাবধীতমস্ত। মা বিদেষাবহৈ।

শুরু শিশ্য একসাথে করিয়া প্রণাম ঈশ্বর চরণে দোঁহে কামনা জানান, অধীত এ শাস্ত্র বিভা তুইজন পরে তেজ জ্ঞানে দীপু হয়ে সদা যেন ঝরে দোঁহাকার প্রতি দোঁহে বিষেষ না ২য় পরস্পরে ভালোবাসা অটুট সে রয়।

#### প্রথম অধ্যায়

#### ব্ৰহ্মবাদিনো বদন্তি-

কিং কারণং ত্রন্ধা কুতঃ স্ম জাতা জীবাম কেন ক চ সম্প্রতিষ্ঠা:। অধিষ্ঠিতাঃ কেন স্থাধিতরেরু বর্তামতে ত্রন্ধাবিদো ব্যবস্থাম॥ ১

ব্রহ্মবাদিরা আপনার মাথে কহেন পরস্পরে
কোথা হতে জাত ? কি করিয়া বাঁচি যাব বা কোথায় পরে ?
ব্রহ্ম কি সবে করেন পালন
প্রলয়ের কালে কে করে ধারণ ?
স্থাত্থ ভোগ কার নির্দ্দেশে হয় বলো সবাকার
ব্রহ্ম কি এই জগত কারণ ভাঁরি পরে সব ভার ?

কালঃ স্বভাবো নিয়তির্যদৃচ্ছা ভূতানি যোনিঃ পুরুষ ইতি চিস্ত্রা সংযোগ এষাং ন ছাত্মভাবাদাত্মাইপ্যনীশ স্থমতঃশহেভোঃ ॥ ২

সকল জীবের শেষ পরিণাম কারণ কি কাল তবে ?
স্বভাব নিরতি সহসা যা ঘটে নিশ্চয় কেবা কবে ?
ইহারা কারণ কখনো ত নয়
সকলের যোগ যদিও বা হয়
জীবাত্মা তবু বহে চিরকাল পাপ পুণ্যের ভার
থাকিলেও মিশে জগতের গতি কারণ নহেত তার।

তে ধ্যান যোগাসুগতা অপশ্যন্ দেবাত্মশক্তিং সম্ভবৈনিৰ্গৃচ্ছান্ যঃ কারণানি নিধিলানি তানি কালাত্মস্কান্যধিতিপ্তত্যকঃ॥ ৩

পরমান্থাই নিখিল কারণ তাঁর মতে সবে ধায়
কাল ও জীবের গতিপথ বাঁধা সেই ধারা বয়ে যায়
ঋষিরা সমাধি যুক্ত হইয়া
জেনেছেন তাহা সত্য করিয়া
সন্ত ও রজো তমো তিন গুণ পথ প্রান্থেতে তার
সবের আধার অত্ল্য সেই প্রণমা স্বাকার।

ভষেকনেমিং ত্রিবৃভং ধোড়শান্তং শভর্ধারং বিংশতি প্রভ্যরাভিঃ। অষ্টকৈঃ বড়ভিবিশ্বরূপৈকপাশং ত্রিমার্গ ভেদং দিনিমিত্তৈকমোহম্॥ ৪

> মায়া শক্তি যে পরমাত্মার রথ চক্রের শেষ বিশুণ দ্বারায় আর্ড যেই ষোড়শ গুণের বেশ পঞ্চাশ যার চক্র শলাকা বিশটি চক্র শলার খিলিকা ছয় অন্তক কাম পাশ দ্বারা আবদ্ধ যেইজন পাপ ও পুণ্য জ্ঞান অজ্ঞান সবের মধ্যে র'ন।

#### খেতাখতর উপনিবদ

পঞ্চল্লোভোইন্বুং পঞ্চবোন্যাপ্রবক্তাং
পঞ্চ প্রাণোমিং পঞ্চবদ্যাদিমূলাম্
পঞ্চাবর্তাং পঞ্চতুশেঘবেগাং

भकाम**रह**णाः भक्षभवात्रमीत्रः॥ ৫

পাঁচটি জ্ঞানের ইন্সিয় যথা পাঁচটি ধারার মত পঞ্চ ভূতের দ্বারা হস্তর জটিল পথেতে গত পঞ্চ কর্ম ইন্সিয় যার

চক্ষে প্রিক্ত পঞ্জানের মনটি যাহার মূল পঞ্চ শব্দ আবর্ত্ত যার শুধু যার নাহি কুল। পঞ্চ তৃঃখ যাঁর স্রোভাবেগ সোপান পঞ্চ ক্লেশ পঞ্চাশ রূপে যাঁর পরকাশ সেই জন প্রমেশ

তরঙ্গ সম হইল যাহার

হেথা নদী রূপে তাহারে শ্বরিয়া
আমরা সকলে পরাণ ভরিয়া
অপরূপ রূপা সে স্রোভ সলিলা প্রণমি জুড়িয়া কর
পঞ্চনদীর স্রোভ সম। সেই অপরূপ মনোহর।

সর্বা জীবে সর্ব সংস্থে বৃহস্তে অস্মিন হংসো ভ্রাম্যতে ব্রহ্মচক্রে পৃথগান্থানং প্রেরিভারঞ্চ মহা জুপ্টস্তভস্তেনামৃভহুমেভি॥ ৬

মিছে আপনারে বিভিন্ন ভেবে যেই জন দ্রে রয় বিশ্বনিক্তিক কারণ ও লয়ে পতিত তখন হয়
তখন সে বোঝে সব মিছে ভূল
যেখানে যে জীব সব সমতূল
বিশ্বজ্ঞান লভি সে তখন,আপনি অমর হয়
সবাকার মাঝে অমৃত লভিয়া আপনি অমৃতময়।

উদ্গীতমেতৎ পরমন্ত ত্রন্ধ ভশ্মিংস্ত্রমং স্থপ্রতিষ্ঠাইক্ষরণ। অত্যান্তরং ত্রন্ধ বিদেশ বিদিদ্ধা লীমা ত্রন্ধাণি তৎপরা যোমিমুক্তাঃ॥ ৭

এই মায়াতীত রূপে বেদান্তে তাহারি মহিমা গায় ভোগ্য ভোক্তা ঈশ্বর সাথে এক হয়ে বিরাজয় অচল রূপেতে প্রতিষ্ঠা যাঁর স্বয়ং রূপেতে নাহিক বিকার এ মায়ার মাঝে ঈশ্বরে জানি যত জানী ঋষিগণ সমাধি লভিয়া ব্রহ্মতে মিশে জনম মুক্ত হন।

সংযুক্ত মেতৎ ক্ষরমক্ষরঞ্চ ব্যক্তাব্যক্তং ভরতে বিশ্বমিশঃ। অনীশশ্চাত্মা বধ্যতে ভোক্ত ভাবাক জাত্বা দেবং মূচ্যতে সর্বপার্টশঃ॥ ৮

> বিনাশের রূপে অবিনাশী জন সবেতে মুক্ত র'ন কার্য্য কারণে যুক্ত করিয়া রহিয়াছে সেই জন আবার সেজন জীব রূপে রয় সুখ তৃখ রত হয়ে মোহময় আবার সেজন জ্ঞান লাভ করি ছিঁড়ে সব বন্ধন ব্রুক্তে লভিয়া ব্রুক্তে জানিয়া ব্রুক্তে লীন হন।

জ্ঞাজ্ঞো দ্বাবজাবীশানীশাবজা ছেকা জোক্ষ ভোগ্যার্থ যুক্তা। অনস্তশ্চাত্মা বিশ্বরূপো জ্বকর্ডা ত্রয়ং যদা বিশ্বতে এক্সমেডৎ ॥ ৯

এই ঈশ্বরই জ্ঞানী অজ্ঞানী দাস প্রভু ছই সাচ্চে
অনাদি অতীত স্বয়ন্ত্ সেই থাকে সবাকার মাঝে
ভোগ ও ভোক্তা ভোগ্যও সেই
আপনা আপনি প্রভু হয় যেই
তিনের মধ্যে তাঁহারে লভিয়া জ্ঞানী ও সাধক জন
অনস্ত এই ব্রহ্ম স্বরূপে লভিয়া মুক্ত হন।

ক্ষরং প্রধানমমৃতাক্ষরং হর: ক্ষরান্মানাবীশতে দেব এক: তত্যাভিধ্যানাদ্ যোজনাৎ তত্ত ভাবাদ্ ভুরান্চাত্তে বিধ্যায়ানিবৃত্তিঃ॥ ১•

এই যে বিনাশী অবিভাহারি অবিনাশী যেইজন
অমৃতময় সে পরম পুরুষ জগতের প্রাভূ হন
একাগ্র চিতে করি তাঁর ধ্যান
যেই লভে সেই ব্রহ্মেব জ্ঞান
জীবাত্মা সাথে পরমাত্মার যোগ জেনো সেই হয়
সংসার হতে লভিয়া মুক্তি ব্রহ্মতে হয় লয়।

জ্ঞাদ্বা দেবং সর্বপাশাপহানিঃ ক্ষীনৈ:ক্লেশৈর্জন্ম মৃত্যু প্রহাণিঃ। ভক্তাভিধ্যানাত্ত্বীয়ং দেহভেদে বিশৈশর্য্যং কেবলঃ আপ্তকামঃ॥ ১১

তাঁহারে জানিলে সব বন্ধন আপনি খুলিয়া যায়
পঞ্চ ক্লেশের হয় অবসান অমৃত জনম পায়
যাঁহারে শ্বরিলে সব পাওয়া যায়
তাঁহারে পাইলে তাঁহারি দয়ায়
সকল চাওয়ার যেথা অবসান সেইখানে স্থিতি হয়
পূর্ণানন্দে অমৃত লভিয়া সবি আনন্দময়।

এতজ্ঞাং নিভ্যমেবাত্মসংশ্বম্ নাভঃ পরং বেদিভব্যংহি কিঞ্চিৎ। ভোক্তা ভোগ্যং প্রেরিভারঞ্চ মন্ত্রা সর্বং প্রোক্তং ত্রিবিধ ব্রজমেভৎ ॥ ১২

> ভোক্তা জীব ও ভোগা নিখিলে যত কিছু সমূদ্য তাঁহারে পাইলে নিমেষের মাঝে সকলি লব্ধ হয় প্রকৃষ্ট রূপে আছে যে কথিত আত্ম রূপে যে ব্রহ্মই স্থিত যে সাধক এই জ্ঞান লাভ করে তাঁরে সে বক্ষে পায় ইহার অধিক নাহি আর কিছু জ্ঞানে সে তপস্থার।

বদ্বের্যথা যোনিগতশু মূর্ত্তি ন' দৃগ্যতে নৈব চ: দিলনাশ:। স ভূম এবেন্ধনযোণিগুছস্তদোভম: বৈ প্রণবেন দেছে॥ ১৩

কাঠের ভিতরে যে আগুন থাকে বাহিরে না যায় দেখা স্ক্রাবস্থা কাঠের গোপনে চুপি চুপি রয় ঢাকা ঘষিলেই দেখো জলে হুতাশন তেমনি ব্রক্ষে রত হলে মন আপনিই এই আত্মায় তার উপলব্ধি সে হয় ব্রক্ষে জানিয়া সাধক সে জন অমৃতে মগন রয়।

স্বদেহমরণিং কৃত্বা প্রণবক্ষোন্তরারণিম্ ধ্যাননির্মথনাভ্যাসাদ্ দেবং পশ্যোদ্ধিগুঢ়বৎ ॥ ১৪

নিচের কাঠেতে উপরের কাঠে ঘবিতে যেমন হয় তেমনই দেহতে ধ্যান ঘর্ষণে লভে সে জ্যোতির্ময় এই দেহ মাঝে লুকাইয়া রন আত্মায় সেই অরূপ রতন জাগো ওগো মন কর দরশন পূর্ণ রূপেতে তায়

নিমেষে মিলাবে সব শোক তাপ পরশিয়ে সেই পায়।

ভিলেযু তৈলং দধিনীৰ সপিরাপঃ ত্রোভঃ স্বরণীযু চাগ্নিঃ এবমান্মান্মনি গৃহুতেইতসা সভ্যেইননং তপসা যোইসুপশ্যভি॥ ১৫

> সত্য সহায়ে জ্ঞানী সুধী জন করে তারে দরশন একাথ্র ভাবে তাঁরে দেখিবারে চায় যেই জ্ঞানীজন স্বাকার মাঝে স্থিত সেইজন ভিল ও তৈলে ঘৃতের মতন আত্মজ্ঞান ও ভপস্থা মাঝে দেখে সেই অত্লন অস্কঃসলিলা শ্রোভস্থিনীর মত রহে সেই জন।

সর্বব্যাপিনমাত্মানং ক্ষীরে সর্পিরিবাপিতম্ আত্ম বিস্তা তপোসূলং তদ্ ত্রেক্ষোপনিষৎপরং তদ ত্রেক্ষোপনিষৎ পরমিতি॥ ১৬

এই সব কথা শুনে যেই জন তপণ্ড ব্রহ্ম সাথে

প্রথের মাথেতে ঘৃত যেই মত আপনিই মিশে তাতে

তিলের মাথেতে তেল যেই মত

দধির মাথেতে রয় যেন ঘৃত

মাটির মাথেতে জ্লের মতন কাঠে আগুনের সম
আপনি ব্রহ্ম বিরাজে সাধকে অপরূপ অয়পম।

#### দিতীয় অধ্যায়

যুঞ্জানঃ প্রথমং মনগুদ্ধায় সবিতা বিয়ঃ। অগ্নেক্ট্যোতির্নিচায্য পৃথিব্যা অধ্যাভরত॥ ১

তত্ত্ব জ্ঞান প্রকাশের তরে সূর্য্য সহায় হও
আমাদের সব মন ইন্দ্রিয় এক সাথে করে লও
পরমাত্মায় কর তা যুক্ত

ইন্দ্রিয় দল করগো মুক্ত প্রকাশে তাদের কর সহায়তা ইন্দ্রিয় অধিপতি তোমাদের কুপা লভিয়ে লভিব আমি সে পরম গড়ি यूटकम ममना वसः (प्रवक्त नविकः नटन। यूवरर्गसाम् मक्ता॥ २

হে পুষণ তব কুপাটুকু লয়ে আমরা ধ্যানেতে রত পরমাত্মায় সংযোগ করি তাঁরে পেতে করি ব্রত জনি দেহ মন সকলি সপিয়া শুধু তাঁর নাম পরাণে জপিয়া যেটুকু সাধ্য হে তগন আমি করি তা সাধ্যমত হে পুষণ তব কুপাটুকু লয়ে তাঁর ধ্যানে মোরা রত।

যুক্ত্যায় মনসা দেবাদ্ স্থবর্যতো ধিয়া দিবম্। বৃহক্ত্যোতিঃ করিয়াতঃ সবিতা প্রস্থবাতি তাদ্য। ৩

স্থময় সেই ব্রহ্ম সমীপে আমরা গমন করি
জ্ঞানের আলোয় দিকেরে প্রকাশি সহায় হইও তারি
প্রমাত্মার যুক্ত সে মন
ব্রহ্ম সভ্যে করে দরশন
হে পুষণ তুমি রূপা করি সবে শক্তি তাহার দাও
তোমার আলোয় আঁধার বিদরি সেই পথে নিয়ে যাও।

যুঞ্জ তে মন উভ যুঞ্জতে ধিয়ো বিপ্রা বিপ্রায় বৃহতো বিপশ্চিত:। বিহোত্রা দধে বয়ুনাবিদেক ইন্ মহী দেবস্থ সবিভূ: পরিষ্টুভি:॥ ৪

যে সব বিপ্র পরমাত্মায় মনকে যুক্ত করে
তাহাদের সেই মহান যজ্ঞে স্থ্যদেবেরে স্থারে
স্থ্যের স্তুতি করি যেইজন
তাহার শকতি করে আরাধন
সব যজ্ঞের মূলে সেইজন সাকী অদ্বিতীয়
ব্রন্ধে লভিতে তাহার কাছেতে হে মন শকতি নিও।

যুজে বাং জন্ম পূর্ব্যং নমোভিঃ বিশ্লোক এতু পঞ্চের সূরেঃ। শুবস্তু বিশ্বে অমুভগু পুত্রা আ বে ধামানি দিব্যানি ডমুঃ॥ ৫

ইন্দ্রিয়গণ অধিপতি হন যে সব দেবতাগণ তোমাদের কাছে জুড়ি ছটি কর এই মোর নিবেদন ব্রহ্ম পৃক্ষায় হব আমি রত সফল যেন গো হয় মোর ব্রত স্থাদেবের কাছে মোর স্তব বিস্তৃতি লাভ করে (হিরণাগর্ভ) দিব্যধামের সম্ভানগণ শোনে যেন প্রীতি ভরে।

অগ্নি র্যত্রাভিমথ্যতে বায়ুর্যন্তানিরুধ্যতে সোমো যত্ত্রাভিরিচ্যতে তত্ত্র সঞ্জায়তে মনঃ॥ ৬

স্থ্যদেবের অনুমতি ছাড়া পূজা করে যেইজন সে সব ষজে শুধু করা হয় অগ্নিকে মন্থন হোমাগ্নিতে যে প্রাণের স্থাপন তাহা না করিয়া সবি অকারণ ভোগে রত মন হইয়া সে জন বিফল পথেতে যায় স্থ্যদেবের অনুমতি বিনা যে বসে তপস্থায়।

সবিত্রা প্রসবেন জুষেত জন্ধ পূর্ব্যম্।
তত্র যোনিং রুণবসে ন হি তে পূর্তমন্ধিপং ॥ ৭
স্থ্য দেবের অমুমতি লয়ে ব্রন্মের পূজা করে।
অনাদি যেজন তাঁহারে পাইতে মনে প্রাণে তাঁরে স্মরে।
ব্রন্মের মাঝে সমাধি হইলে
সংসার মায়া যায় দূরে চলে
সব বন্ধন আপনি মুক্ত খোলে ব্রন্মের ছার
আনন্দময়ে ধরিয়া স্থান্য ঘোচে সংসার ভার।

ত্তিকল্পতং স্থাপ্য সমং শরীরং হৃদীন্তিয়াণি মনসা সালবেশ্য। ব্ৰহ্মোড়,পেন প্রতরেভ বিদান স্থোভাংসি সর্বাণি ভয়াবহানি॥ ৮

যোগ জানে যেই মস্থক গ্রীবা বৃক উন্নত করি
সরল ভাবেতে শরীর রাখিয়া মনকে হৃদয়ে ধরি
প্রণব রূপের ভেলায় তাহাতে
সংসার স্রোত পার হয় যাতে
স্থাধ ও শোক ভয় তাপ আদি হেসে হয়ে যার পার
যোগ যেই জানে প্রণবে লভিয়া পার হয় সংসার।

প্রাণাম্ প্রপীড্যেই সংযুক্তচেষ্টঃ ক্ষীণে প্রাণে নামিকয়োচ্ছুসীত। সুষ্টাশ্বযুক্তমিব বাহমেনং বিধান্ মনো ধারয়েতাপ্রমন্তঃ॥ ১

> শাস্ত্র মতেতে করিয়া চেষ্টা অভিজ্ঞ যোগীগণ যোগ মার্গেতে পঞ্চ প্রাণকে সংযত করি রণ ইন্দ্রিয় হতে প্রাণকে সরায়ে স্থির করি তারে হবে যেতে সয়ে নাসিকা মধ্যে শ্বাস ত্যাগ করি ধ্যানে রত হও মন তুষ্ট অশ্বে যুক্ত সার্থি যে ভাবেতে রথ লন।

সমে শুচৌ শর্করাবফ্রিবালুকাবিবাজতে শব্দ জলাশ্রয়াদিন্ডিঃ মনোইসুকুলে ন তু চকুঃ পীড়নে গুৱানিবাতাশ্রয়ণে প্রযোজয়েৎ ॥ ১•

সমতল আর পবিত্র স্থান খুঁজে বার করো আগে
পাথর অগ্নি বালি কোলাহল সেখানে যেন না থাকে
নহে মণ্ডপ নহে জ্বলাশ্য
দেখে যেন মন প্রসন্ন হয়
ঝড়ের বাতাস নাহি পশে সেথা নির্জন গুহাসম
সেথায় বসিয়া এক মন দিয়া ধান করো মনোরম :

নীহার ধুমার্কানিলামলানাং খন্তোত বিত্যুৎ স্ফটিক শশিমাম এতানি রূপানি পুর: সরাণি ত্রন্ধাগুভিব্যক্তিকরাণি যোগে ॥ ১১

যোগাভ্যাসেতে রত ঋষিগণ দর্শন পায় যবে
তৃষার ধুম বায়ু ও সূর্যা অগ্নি জোনাকী সবে
কভু বিহাত ফটিক বা কেহ
শশধর সম উজ্পালিয়া দেহ
নানা রূপ ধরি নানা দরশন হয় সেই সবাকার
অগ্রগামী এ লক্ষণ জেনো তাহার তপস্থার।

পৃথ্যপ্তেজাইনিলখে সমুখিতে পঞ্চাত্মকে যোগগুলে প্রবৃত্তে ন ভত্ত রোগো ন জরা ন মৃত্যুঃ প্রাপ্তত্ত যোগাগ্রিময়ং শরীরম্ ॥ ১২

অভিব্যক্তির লক্ষণ ইহা প্রথম স্চিত হলে
পৃথিবী অগ্নি বায়ু ও আকাশ কথন প্রকাশ জলে
যোগীর নিকটে ইইলে প্রকাশ
মৃত্যু ও জরা রোগের বিনাশ
যোগ শাস্ত্রের পঞ্চভূতের পঞ্চ গুণত এই
বিমল শরীর হয় সে প্রাপ্ত এতে কোন ভূল নেই।

লযুত্মারোগ্য অলোলুপত্বং বর্ণ প্রসাদঃ স্বরসোষ্ঠবঞ্চ। গল্প: শুভে। মুত্রপুরীবসন্ধং যোগপ্রবৃত্তিং প্রথমাং বদন্তি॥১৩

> তখন শরীরে নাহি রয় ভার মনে নাহি রোগ ভয় লোভ মোহ তাপ ক্ষণেকের তরে তারে নাহি পরশয় এখন মিলে যে মধ্র গদ্ধ স্বরে মাধ্র্য দেহতে ছন্দ উদ্দেশভাস্তি মলমূত্রের স্বল্পতা দেহে হয় যোগের সিদ্ধি এতে যায় বোঝা পূর্বভাবীরে কয়।

যথৈব বিশ্বং মূলয়োপলিগুং তেজোময়ং জালতে তৎ ভুগাত্তম্ ভবাত্বভত্তং প্রসমীক্ষ্য দেহী এক: কুডার্ডো ভবতে বীতনোক: ॥ ১৪

স্বর্ণ যথা মাটির মধ্যে মলিন হইয়া রয়
অগ্নির দারা হলে বিশোধিত উজ্জ্বল সেই হয়
তেমনি ব্রন্ধে হলে দরশন
আত্ম তত্ত্ব বোঝে যবে মন
ব্রন্ধের সাথে একাত্ম হয়ে অভিম হংগ্ন যায়
কৃত কৃতার্থ সাধক সকল ত্বংথে মুক্তি পায়।

यनाषाज्ञात्त्वम जू खन्नाज्यः मीरभाभस्मात्मक यूकः श्रामण्ड ज्ञाकः अन्तः अर्वाज्ञदेविक्षकः क्षाचा स्मतः यूह्यत्व अर्वभारेमः ॥ ১৫

যোগেতে যুক্ত এই যোগীগণ হৃদয় গুহাতে তার
আত্ম জ্ঞানের প্রদীপ জালায়ে সাক্ষাং পায় তাঁর
জ্ঞান রহিত হয় সেই ক্ষণে
অভিন্ন ষেই দেখে তারে মনে
সব অবিভা দূরে যায় তার পরমাত্মাকে পায়
ব্রহ্মে লভিয়া ব্রহ্মতে স্থিত যেজ্ঞান তপস্থায়।

এম হ দেবঃ প্রদিশোইকু সর্বাঃ পুবে ছ জাতঃ স উ গর্ভে অন্তঃ। স এব জাতঃ স জনিয়ামাণ প্রত্যেত্ত, জমাংগ্রিক্টভি সর্বভামুখঃ ॥ ১৬

> দর্ব ব্যাপিয়া আছে এইজন মায়াজালে এইজন বিরাট রূপেতে জাত হয়ে কতু শিশুরূপে জাত হন জ্ঞানের মাঝেতে হইয়া প্রকাশ অজ্ঞান মাঝে করেন বিনাশ সকল জীবের অস্তর যামী অস্তর মাঝে রন সবার মাঝেতে হের তাঁর মুখ মুখ তাঁর অগ্ণন।

ৰোদেৰো অয়ো যো অপাস্থ বো বিশ্বং ভ্ৰমমাৰিবেদ য ওৰধীয়ু যো বনস্পতিয়ু ওলৈয় দেবায় মযোনমঃ ॥ ১৭

অগ্নির মাঝে প্রকাশ যাহার প্রণমি তাঁহার পায়
ফলে ফুলে জলে ওযধির মাঝে তারে পুনঃ দেখা যায়
সবের মাঝেতে প্রকাশ যাঁহার
বর্ণিতে রূপ ভাষা মানে হার
ভক্তিতে ভরে জানাই প্রণাম তাঁহার ও ছটি পায়
লেখনী যাহারে বণিতে হারে নয়ন দর্শ চায়।

## তৃতীয় অধ্যায়

য একো জালবানীশন্ত ঈশনীভি: সর্ব (ক্লোকানীশন্ত ঈশনীভি: য একৈক উত্তবে সম্ভবে চ য এভিজিন্তরগুভাস্থে ভবন্তি ॥ ১

মারাময় সেই আপনার মাঝে কতনা শক্তি ধরে
নবজাত হতে ঐশর্য্যের মাঝেও চালিত করে
জানে এই কথা যেই জ্ঞানীজন
অমৃতের মাঝে সে হয় মগন
ভার ইচ্ছার সব কিছু হয় সহজ কথাটি এই
অহং ভাবের মূল এতে নাশ কোনোখানে ভূল নেই।

একোৰি ক্লজো ন দিতীয়ায় ভদুৰ্য ইমাজোকান ঈশভ ঈশনীভিঃ প্ৰভ্যঙ জনাংখিষ্ঠতি সঞ্চেপান্তকালে

সংস্জ্য বিশ্বা ভূবনানি গোপাঃ ॥ ২

কজ রপেতে মায়াবী সেজন সেজন অদিতীয়
ব্রহ্মলক সাধক জনের যেজন বাঞ্চনীয়
তারি শক্তিতে চলে সবলোক
তাহারি সৃষ্টি তিনিই পালক
প্রশায়ের কালে সংহারকারী রূপে জেন সেইজন
ব্রহ্ম লক সাধকের চাওয়া সেইত প্রমধন।

বিশ্বতশ্চকুরুত বিশ্বতোমুখে। বিশ্বতোবাছরুত বিশ্বতস্পাৎ সং বা**ছ**ভ্যাং ধমতি সম্পতকৈর্গ্যবাভূমী জনয়ন্ দেব একঃ ॥ ৩

> অসংখা তাঁর আঁখি বাস্ত মুখ অনেক চরণ তাঁর যেথা যত জীব মামুষ ও পাখী সবে তাঁর বিস্তার সকল বাহুকে তাঁর বাহু জানি ভূলোকে হ্যুলোকে যেথা যত প্রাণী সবাকার মাঝে এক হয়ে তিনি আপনি স্থপ্রকাশ তাইত তাহারে পাইবার তরে মুনি ঋষিদের আশ।

যো দেবানাং প্রভবশ্চোভবশ্চ বিশ্বাধিপো রুজো মছযিঃ ছিরণ্যগর্ভং জনরামাস পূর্বম স নো বৃদ্ধ্যা শুভয়া সংযুবজ্জু॥ ৪

দেবুতাগণের জনমও প্রভু হইয়াছে তোমা হতে
তুমিই দিয়াছ ঐশব্য ও সবে পালিয়াছ নানামতে
হে মহারুজ জান তুমি সব
তাই জগতের হলে উদ্ভব
তারো আগে তুমি দিয়ে মায়াজাল করিয়াছ আবরণ
সবের স্রস্টা আমাদের শুভ বৃদ্ধি করুন দান।

ষা তে ৰুজ শিবা ভনূৰঘোৱাইপাপকাশিনী। ভয়া নম্ভসুৰা শস্তময়া গিরিণস্তাভিচাকশীহি॥ ৫

হে রুজ তুমি এ দেহের মাঝে স্থানান অধিকারী
পৃত পবিত্র আনন্দ প্রাদ হই যেন দেহধারী
সেই স্থাতম পুণ্য এ দেহ
হয় যেন প্রাভূ মঙ্গল গেহ
নির্মাণ কর মঙ্গল কর কর আনন্দময়
তোমার দ্য়ায় এই দেহ মম হয় যেন স্থাময়।

যামিযুং গিরিশন্ত হল্তে বিভর্যন্তবে শিবাং গিরিত্র তাং কুরু মা হিংসীঃ পুরুষং জগৎ ॥ ৬

এই দেহ মাঝে তোমার নিবাস হোক সুখকর মম
নিক্ষেপ তরে লয়েছ যে বাণ হোক মঙ্গল সম
আমাদের এই গৃহ পরিবার
তার সাথে এই জগৎ তোমার
এরা নহে প্রভু তব হিংসার যোগ্য কখন নয়
পৃত পবিত্র ওগো পরমেশ চির মঙ্গলময়।

ভঙঃ পরং ব্রহ্মপরং বৃহন্তং যথানিকারং সর্বস্কৃতেরু গৃঢ়ম্ বিশ্বসৈ্যকং পরিবেষ্টিভারম্ ঈশং ডং জ্ঞাত্বাইমৃতা ভবন্তি॥ ৭

এই জগতের আত্মা বিরাট বিশাল যেরূপ তব ব্রন্মের এই মায়াজ্ঞাল হতে বিরাট বৃহত্তম বিভিন্ন ভাবে থাকি স্বামাঝে গোপনে যেজন সতত বিরাজে বেষ্টিত করি এ জগৎ সারা যেজন বিশ্বময় ভাঁহারে চিনিলে অমৃতের মাঝে জীবেরা মগন হয়। বৈদাহমেতং পুরুষং মহাস্তম্ আদিত্যবর্ণং ভ্রমসঃ পরস্তাৎ ভ্রমেব বিদিত্বাইতি মৃত্যুমেতি নাগ্যঃ পদা বিশ্বতেইয়নায়॥ ৮

আপনি প্রকাশ অজ্ঞানতীত সে দেবেরে আমি জানি সকল ব্যাপিয়া আছে সেই জন অস্তর মাঝে মানি যাহারে চিনিলে সব চেনা যায় যাহারে পাইলে মৃত্যু না রয় তাঁহারে না পেলে পরমার্থের আর কোন পথ নাই সকল ব্যাপিয়া অতুলন তিনি তুলনা কোথা বা পাই।

ষম্মাৎ পরং নাপরমন্তি কিঞিদ্ যম্মান্ধানীয়ে। ন জ্যায়োহন্তি কশ্চিৎ বক্ষ ইব স্তব্ধো দিবি তিওতোকস্তেনেদং পূর্বং পুরুষেণ সর্বম ॥ ১

যার চেয়ে বড় নাহি কোনখানে যার চেয়ে ছোট নাই
বিরাট যে জন অনুকনা সেই সব মাঝে যাঁর চাঁই
ব্লের সম সেই অতুলন
নিশ্চল রূপে প্রকাশিত হন
নিজ মহিমায় বিরাজিত যিনি ব্যাপিয়া সর্বলোক
বিরাট দেহ সে পুরুষের ঘারা আরত তিনলোক।

ততো ঘতুত্তরতরং তদরপমনামশ্বম্ য এডধিগুরমৃতান্তে ভবন্ত্যথেত্তরে গুঃখমেবাপিযন্তি॥১০

এই জগতের কারণ থেকেও সেজন উর্দ্ধে র'ন
সব হৃঃধের নিরাময় সেই অরূপ অধরা জন
তাঁহার তত্ত্ব বোঝে যদি মন
অমৃত লভিয়া অমর সে হ'ন
বোঝেনা যেজন ভাঁর হৃঃধের নাহি আর অবশেষ
শোকেতে মগন অভিভূত সেই নাহি থাকে সুখলেশ।

সর্বাননশিয়োগ্রীবঃ সর্বস্থৃতগুহাশয়ঃ সর্বব্যাপী স ভগবাংস্কমাৎ সর্বগতঃ শিবঃ ॥ ১১

যত জীব আছে সবাকার মুখে তাঁর মুখ চাঁদ রাজে যত গ্রীবা আছে তাঁর গ্রীবা সব নিশ্চয় তারি মাঝে

সকল জীবের মধ্যে থাকিয়া আছে সেই জন সকল ব্যাপিয়া ষড়ৈশ্বৰ্য্যশালী সেই জন সবেতে বিভ্যমান সবার ভিতরে আপনা প্রকাশি কল্যাণ করে দান।

মহান্ প্রস্কৃত্বর্ণ পুরুষঃ সন্ধৃতিশ্বর প্রবর্তকঃ। স্থানির্মলামিমাং প্রাপ্তিমীশানো জ্যোতিরব্যকঃ॥ ১২

মহৎ এজন জেনো মনে মহা শক্তির অধিকারী ফ্রদর শায়ী এ পরম পুরুষ পূর্ণাবতার তারি অস্তর হতে তাঁর আগমন পরম পদের দাতা যেইজন সবাকার প্রভু অবিনাশী এই সবার পূজ্যজন বিজ্ঞান মাঝে তাহার প্রকাশে স্তর ফ্রদর মন।

অঙ্কুষ্ঠমাত্রঃ পুরুষোইন্ডরাত্মা সদা জনানাং হৃদয়ে সন্নিবিষ্টঃ হৃদা মন্বীশো মনশাইভিক্ল,প্রো য এভদিতুরমূভান্তে ভবন্তি॥ ১৩

অঙ্গুঠের মত হয়ে আছে হৃদয়ের মাঝখানে
অথচ সে জন পূর্ণ রূপেতে রয়েছে সকল স্থানে
সকল প্রাণীর হৃদয় বিহারী
হে জ্ঞান আকর আছ সব ভরি
জ্ঞানেতে বিচারি হৃদয়েতে ভরি বৃদ্ধিতে স্থিত হন
যাহার মনেতে মরণ হইতে সেইজন দূরে রন।

সআশীর্যা পুরুষঃ সহআক্ষঃ সহঅপাৎ স ভূমিং বিশ্বতো বৃহাইত্যতিঠদশাঙ্গুলম্ ॥ ১৪

অনস্ত রূপ বর্নিতে তার ভাষা মোর মানে হার অনস্ত শির অনস্ত আঁথি অনস্ত পদ তাঁর এই ভূথনেরে ব্যাপ্ত করিয়া আছে যেই জন সকল ভরিয়া আবার সে জন দশ অঙ্গুলি নাভির উর্দ্ধ হতে

পুরুষ এবেদং সর্বং যদভূতং যচ্চভব্যম্ উভায়তত্বস্থোশানো যদয়েনাভিরোহতি॥ ১৫

হৃদয়ের মাঝে অসীম রূপেতে আছে এ জগৎ হতে।

যা আছে যা হবে হইয়াছে যাহা সবের বিধাতা সেই মুক্তিদাতা সে বিধাতা পুরুষ এর মাঝে ভুল নেই

অন্তের দ্বারা বাঁচে যেই জ্বন
তাহার বিধাতা সেই জ্বন হন
অমৃতময় সে আনন্দরূপে নিত্য সত্য ধন
সবের বিধাতা তিনি নিশ্চয় সেই জ্বন অতুলন।

সর্বতঃ পানিপাদন্তং সর্বতোইক্ষিশিরোমুখ্য সর্বতঃ শ্রুতিমল্লোকে সর্বমার্ত্য তিষ্ঠতি॥ ১৬ সকল জীবের হস্ত ও পদ ব্রহ্মের বলি জেন সর্ব জীবের মস্তক আঁখি তাঁর বলি মন চেনো স্বার কানেতে শোনে সেই জন সকল ব্যাপিয়া জগতেতে রন জ্ঞানীর দেহতে চৈতন্তের রূপ ধরি সেই রয় সকল ভরিয়া সকল পুরিয়া হহে সে শক্তি ময়। সর্বে ক্রিয়গুণান্ডাসং সর্বে ক্রিয়বিবজিতম্ সর্বাস্ত প্রভূমীশানং সর্বাস্ত শ্বরণং বৃহৎ ॥ ১৭

নিখিল জীবের সব ইন্দ্রিয় চলে জেনো তাঁর মতে
আপনি সে জন রহিত জানিও ইন্দ্রিয় সব হতে
সবারে শকতি দাতা সেইজন
সবাকার সেই পরম কারণ
সবার সেজন চির আশ্রয় আনন্দ সবাকার
কেমনে বলিব তাহার মহিমা মহিমা কে জানে তাঁর ?

নব দ্বারে পুরে দেহী হংসো লেলায়তে বহিঃ বদী সর্বস্থা লোকস্থা দ্বাবরস্থা চরস্থা চ ॥ ১৮

বন পর্বেত অখিলের মাঝে যেথা যত কিছু রয়
নিয়ন্তা সেই তারি নির্দেশে সকলে চালিত হয়
আবার সেজন নয় হার ধারি
জীব ভাব সয়ে দেহ অধিকারী
আবার সেজন বাহিরের রূপে সচেষ্ট হয়ে র'ন
নিথিল জগতে স্বাকার মাঝে রয়েছেন সেইজন।

অপাণি পাদো জবনো গ্রহীতা পশাত্যচক্ষু: স শ্নোত্যকর্ণঃ স বেত্তি বেন্তং ন চ তত্মান্তি বেত্তা তমাছরগ্র্যাং পুরুষং মহান্তম্॥ ১৯

চরণ নাহিক তবু জেন সেই সবচেয়ে ক্রত যায়
হস্ত না থেকে সেই জন জেন সবচেয়ে ক্রত লয়
চক্ষু না থেকে করে দরশন
কর্ণ না থেকে করেন শ্রবণ
সেখানে যাকিছু সব সেই জানে তাহারে না কেউ জানে
সর্বাগ্রাণী ও পূর্ণ মহান ব্রহ্মজ্ঞতে তা মানে।

অণোরণীয়ান্ মহতে। মহীয়ান আত্মা গুহায়াং নিহিভোইশ্য ক্রেঃ তমক্রতুং পশ্যতি বীতদোকো ধাতুঃ প্রসাদাশ্যহিমানমীশম্॥ ২•

ক্ষুত্র হইতে ক্ষুত্র সে জ্বন মহতে মহত্তর
সকল প্রাণীতে বিরাট হে প্রভু আপনি বিরাজ কর
হৃদয়ের মাঝে ভোগ স্থুখ আশা
তৃচ্ছ করিয়া ব্রক্ষে পিপাসা
হয় যার সেই চিত্ত শুদ্ধি করিয়া তপস্থায়
তাহারি কুপায় অনাদি জনের দর্শন সেই পায়।

বেদাহমেতমন্ত্ররং পুরাণং সর্বাত্মানং সর্বগতং বিভূত্বাৎ জন্মনিরোধং প্রবদন্তি যস্ত্র ব্রহ্মবাদিনো হি প্রবদন্তি নিভ্যম ॥ ২১

জন্ম বিহীন মৃত্যু বিহীন শাশ্বত যেইজন
সকল ব্যপিয়া সভ্যরূপেতে নিভ্যু নিরঞ্জন
জেনেছি ভাহার অপার সহিমা
বর্ণিতে যারে নাহি পাই সীমা
মৃত্রণ বলে জন্ম মৃত্যু ভারও আছে নাকি হায়
জ্ঞানীজন জানে নিভ্যু সভ্যে জ্ঞানের তপস্যায়।

## চতুৰ্য অধ্যায়

य একোইবর্ণো বছধাশক্তিযোগাদ্ বর্ণাননেকান নিহিতার্থোদধাতি বি চৈতি চাত্তে বিশ্বমাদে স দেবঃ স নো বৃদ্ধ্যা শুভয়া সংযুক্ত, ॥ ১

বর্ণ বিহীন সেই একজন নিগৃঢ় কি প্রয়োজনে
স্ঞান করেন বিচিত্র রূপ আপন শক্তি দানে
তাহারি মাঝেতে বিশ্বের স্থিতি
প্রলয়ের কালে সেই জনগতি
স্বয়ং জ্যোতি সে পরমমুক্ত সেজন জগং প্রাণ
তিনি দয়া করে আমাদের শুভ বৃদ্ধি করুন দান।

তদেবাগ্নি গুদাদিত্য গুদ্ধায়ুগুত্ব চন্দ্ৰমাঃ ভদেব শুক্ৰং ভদত্তক্ষা তদাপগুৎ প্ৰক্ষাপতিঃ॥ ২ তিনিই চন্দ্ৰ তিনিই স্থ্য অগ্নিও তিনি তারা তিনি বিশ্বের প্রাণ প্রদীপ্ত সবাকার মনোহরা

বিশ্ব ব্যাপিয়া মায়াজ্বাল সেই
সলিলেও তিনি এতে ভূল নেই
বাতাসের মাঝে প্রাণময় তার হেরি রূপ মধুময়
সবের মাঝেতে করেন বিরাজ সেই জন নিশ্চয়।

ত্বং দ্রী ত্বং পুমানসি ত্বং কুমার উত্ত বা কুমারী ত্বং জীর্নো দক্তেন বঞ্চসি তং জাতো ভবসি বিশ্বতোমুখঃ॥ ৩

পুরুষ রূপেতে তোমারি প্রকাশ হে মোর জ্যোতির্ময় নারী রূপে তুমি কল্যাণময়ী কত না শাস্তিময় তুমিই আবার কুমার বেশেতে

আবার দেখিযে কুমারী রূপেতে
শ্বলিত চরণে বৃদ্ধ বেশেতে দণ্ড হাতেতে যাও
নব নব রূপে বিচিত্র বেশে নবীন ক্ষম নাও।

নীলঃ পতলো হরিতো লোহিতাক্ষন্তড়িদ্ গর্ভ ঋতবঃ সমুদ্রাঃ অমাদিমত্বং বিভূত্বেন বর্তসে যতো জাতানি ভূবনানি বিশ্বা॥ ৪

> নীল পতক রূপে জাত তুমি সকলের মনোহারি হলুদ রকের পাথী হয়ে এলে রক্তিম আঁখিধারি তুমি হলে মেঘ বিছ্যুৎময় সপ্ত সাগর তুমি ছাড়া নয় তুমিই অনাদি অনস্ত তুমি রয়েছ ব্যাপিয়া সব তোমারি মাঝেতে বিশ্ব তুবন হইয়াছে উদ্ভব।

অজানেকাং লোহিত শুক্ল ক্লফাং বহুবীঃ প্রজাঃ স্বজনানাং সরূপাঃ অজো ছেকো জুধনাণোইসুনেতে জহাত্যেনাং ভূক্ত ভোগানজোইল্যঃ॥ ৫

লোহিত শুক্লা কৃষ্ণবর্ণা অজ্ঞা রূপ যেই ধরে

এক অজ্ঞ হয়ে তাহার সাথেতে বিহারে পরস্পরে

পুরুষ তখন প্রকৃতি অধীন

আপনা ভূলিয়া রহে সেই দিন
ভোগ শেষে সেই ত্যাগিয়া তাহারে মুক্তি পথেতে যায়
ভোগই বন্ধন মুক্ত যেজন সেই ত তাঁহারে পায়।

ছা স্থপর্বা সমুজা সখায়া সমানং বৃক্ষং পরিষম্বজাতে ভয়োরভঃ পিপ্পলং স্বাধন্ত্যনশ্বমন্তো অভিচাকশীভি॥ ৬

একটি ডালেভে বসে হুটি পাখী যুক্ত আলিঙ্গনে
যাহ পিপ্লন্গ ফল তার খায় শুধু পাখী একজনে
অন্তে সে ফল না করে গ্রহণ
শুধু চেয়ে দেখে করে দরশন
হুইটি পাখী হুইরূপ তার দেখো বসে একডালে
একজন খায় অত্যে তা দেখে একসাথে একডালে।

সমানে বৃক্ষে পুরুষো নিমগ্নোইনীশয়া শোচতি মুছ্মানঃ জঠং বদা পশ্যভাগ্যমীশমস্য মহিমানমিতি বীতশোকঃ॥ ৭

আত্মার সাথে পরমাত্মাও থাকে একদেহ মাঝে শোক ছঃখেতে আত্মা ব্যথিত জ্বা মৃত্যুর মাঝে পরমাত্মার নাই ক্ষতি ক্ষয় ব্রহ্মেতে স্থিত সেই নির্ভয় সেইরূপ জ্ঞান লাভ করে যেই মেলে যে স্ত্যুধন ভাঁহার মহিমা চিত্তে স্মরিয়া বীতশোক সেই জ্বন।

খাচো অক্ষরে পরমে ব্যোমন্ যশ্মিন দেবা অধি বিখে নিষেত্রঃ যন্তং ন বেদ কিয়ুচা করিয়াতি ব ইত্তিদ্বস্ত ইমে সমাসতে ॥ ৮

বেদ ও দেবতা আশ্রয় স্থল যে পরন ব্যোম হয়
তাহারে যে জানে আপনি ব্রহ্ম মূর্ত্ত হইয়া রয়
তাঁরে যে জানেনা বেদ নিক্ষল
তার তরে আর দেয় কোন্ ফল
ব্যর্থ বেদের মন্ত্রে তাহার নাহি কোন প্রয়োজন
ব্রহ্মে জানিলে সবি সার্থক মিলে সে সতা ধন।

ছন্দাংসি যজ্ঞাঃ ক্রেডবো ব্রতানি ভূতং ভব্যং যচ্চবেদা বদন্তি অক্সান্মায়ী সক্ততে বিশ্বমেতং অস্মিংশ্চান্তো মায়য়া সন্ধিরুদ্ধঃ॥১

বেদের মন্ত্র যজ্ঞ ও ক্রতু ব্রত নিজে প্রচারিয়া
যাহা হইয়াছে যাহা হবে আরো তাও তাহে প্রকাশিয়া
মায়ার সৃষ্টি করিয়া তাহাতে
আপনি বন্ধ হইলে যাহাতে
নিজ মোহ পাশে নিজেরে ঘেরিয়া জীবরূপে সেইজন
অপরূপ লীলা লিখিব কেমনে বিশ্বয়ে ভরে মন।

মায়াং তু প্রকৃতিং বিদ্বাদ্মায়িনস্ত মহেশ্বরম্ তত্যাবয়াব ভূতিস্ত ব্যাপ্তং সর্বমিদং জগৎ॥ ১•

প্রকৃতিরে হেথা মায়ারূপে জেনো ছড়ান বিশ্বময়
মায়াধীশ রূপে পরমেশ্বর অক্ষয় অব্যয়
তারি অবয়বে নানা রূপ ধরি
অথিল জগতে তাহারেই হেরি
সব কল্লনা মূর্ত্ত করিয়া রাজিছেন ভগবান
ভাঁহারি মুরতি হের দিকে দিকে তিনিই জ্বগৎ প্রাণ।

যো যোনিং যোনিমধিতিঠতেয়কো যশ্মিনিদং সং চ বিচৈতি সর্বম্ তমীশানং বরদং দেবমীভ্যং নিচায্যেমাং শান্তিমত্যন্তমেতি॥ ১১

> মূল হয়ে তবু নানারপ ধরি সেন্ধন বিরাজমান বিশ্ব যাহাতে স্বজ্বিত হইয়া যার মাঝে লয় পান পূজ্য সেজনে বক্ষে ধরিয়া যাহার হৃদয় উঠেছে ভরিয়া সব প্রভৃত্তি নিবৃত্ত হয়ে অপার শাস্তি তার নিশ্চিতরূপে ব্রক্ষে লভিয়া লভে সে তথ্য সার।

যো দেবানাং প্রভবশ্চোবস্তুণ্চ বিশ্বাধিপো রুদ্রো মহর্ষিঃ হিরণ্যগর্ভং পশ্যত জায়মানং স নো বৃদ্ধ্যা শুভয়া সংযুরক্তু ॥ ১২

দেবতা গণের উদ্ভব যেথা যেজন পালনকারি
বিশ্বের প্রভু পরম রুদ্র সবারে ধারণকারি
প্রাণশক্তির এই মায়াজাল
হিরণ্যগর্ভ বলে নাম যার
তাহারো জন্ম যিনি দেখেছেন সত্যে বিরাজমান
আমাদের তিনি মঙ্গলময় বৃদ্ধি করুন দান।

যো দেবানামধিপো যন্মি ল্লোকা অধিশ্রিতাঃ য ঈশে অস্তা দ্বিপদশ্চভুস্পদঃ কল্মৈ দেবায় হবিষাবিধেম॥ ১৩

দেবতা গণের অধিপতি যিনি যাঁর আশ্রিত সব
মৃগ ও মামুষ যাঁহার শাসনে মানিয়াছে পরাভব
উজ্জল সেই আনন্দময়
সকলের সেই চির আশ্রয়
চক্ষ পুরোডাশ হবি দিয়ে পৃঞ্জি সেই দেবতারে মোর
যাঁহার দয়ায় বিশ্ব মায়ার কাটে সব তমো ঘোর।

স্ক্মাতিস্ক্মং কলিলন্ত মধ্যে বিশ্বন্ত স্রস্টারমনেকরপম্ বিশ্বস্যৈকং পরিবেষ্টিভারং জ্ঞাভাং শিবং শান্তিমভ্যন্তমেভি॥ ১৪

সুক্ষ হইতে সূক্ষ হইয়া যেজন বিরাজ মান সংসার রূপ গহনের মাঝে যাহার অধিষ্ঠান নানা রূপে তারে হেরিয়া এমন তাঁহারে লভিয়া সাধক যেজন নিত্যসাক্ষী প্রমেশ্বরে শিব বলি সেই জানে কল্যাণ্ময়ে লভি সে ধন্ত হয় যেন মনে প্রাণে।

স এব কালে ভূবনশু গোপ্তা বিশ্বাধিপঃ সর্বভূতেমু গৃঢ়ঃ যশ্মিন যুক্তা ব্রহ্মর্থয়ো দেবতাশ্চ তমেব জ্ঞাত্বা মৃত্যুপাশাংচ্ছিনন্তি॥ ১৫

কল্পারস্ত হইতেই যিনি ভ্বনে রক্ষাকারি
সবার মাঝেতে প্রছন্ন রূপে মূর্ত যারি
দেবতা ঋষিরা যার মাঝে রয়
তাঁরে শিবরূপে জানি নিশ্চয়
জ্ঞানী গুণীজন মৃত্যুর পাশ ছিন্ন তথনি হয়
সকল আঁধার উজালি হলয়ে আপনি জ্যোতির্দ্ময়।

ঘুভাৎ পরং মণ্ডমিবাভিস্ক্ষাং জ্ঞাত্বা শিবং সর্বভূতেরু গুচুম্ বিশ্বস্থৈতকং পরিবেষ্টিভারং জ্ঞাত্বা দেবং মুচ্যতে সর্ব পালেঃ॥ ১৬

ঘৃতের উপরে সরের মতন স্ক্র রূপে সে রয়

যাহারে লভিলে নিমেফতে হয় সবকিছু সুখময়

বিশ্ব ঘিরিয়া রহে যেই জন

তাঁহারে চিনিতে পারে যার মন

সব বন্ধনে মুক্তি লভিয়া লভে সে পরমধন
আত্মার মাঝে মর্ম মাঝারে রহে সে সভ্য ধন।

এষ দেবো বিশ্বকর্মা মহাত্মা সদা জনানাং হৃদরে সন্ধিবিষ্টঃ হৃদা মনীষা মনসাইভিক্র শ্রো য এতদ্বিপ্ররয়তাত্তে ভবন্তি ॥ ১৭

> বিশ্ব শ্রষ্টা প্রকাশময় এ সর্কব্যাপী যেজন জীবের মাঝেতে গৃঢ়ভাবে যিনি সকল সময় রন জ্ঞানের মাঝেতে প্রকাশ যে হয় মনবৃদ্ধিতে যাঁহার উদয় তাঁবে যে দেখেছে জীবনে সেজন অমৃত পরশ পায় তাঁহারে লভিয়া তুঃখ হইতে মুক্ত সেজন হয়।

যদাইতম্বস্তন্ধ দিবা ন রাত্তিন সন্ধ চাসঞ্ছিব এব কেবলঃ ভদক্ষরং তৎ সবিভূর্বরেণ্যং প্রজ্ঞা চ ভক্ষাৎ প্রস্তুত। পুরাণী ॥ ১৮

জ্ঞানের আলোকে হয়ে প্রকাশিত আঁধার যখন যায়
শুদ্ধ সত্ত্বে সমুখে হেরিয়া তমসা লক্ষ্ণা পায়
সূর্য্য পূজ্য শুধু সেইজন
বিবেকের মাঝে দিয়ে দরশন
পুরানী প্রজ্ঞা করি বিতরণ শুদ্ধরূপেতে র'ন
দিবস রাত্রি কিছু নাহি রয় আলোকিত জ্ঞানী মন।

নৈনমুধ্বং ন তিৰ্যঞ্চং ন মধ্যে পরিজ্ঞগ্রভৎ ন ভস্ম প্রতিষা অন্তি ষস্তা নাম মহদ্যশঃ॥ ১৯

উপরেতে নীচে কিবা কোন কোনে তারে নাহি পাওয়া যায় তাহারে ধরিবে এমন শকতি আছে বা কাহার হায়

সর্বব্যাপিরা কীর্ত্তি যাহার কি করে আঁকিব মূরতি তাহার কি ৰামে ঘোষিব সবার মাঝেতে যেজন প্রকাশমান স্তব্ধ রসনা লেখনী ও হারে গাহিতে তাঁহারি গান।

ন সন্দৃশে তিন্ঠতি রূপমস্থা ন চক্ষুষা পশ্যতি কশ্চনৈনম্ হুদা হুদিস্থং মনসা য এনমেবং বিপ্লরমূতান্তে ভবস্তি॥২•

নয়ন তাঁহার না পায় দরশ পরশ ও ত নাহি পায় কোন ইন্দ্রিয় প্রকাশিতে নারে কেমনে ব্ঝাব তায় হৃদয় মধ্যে স্থিত সেই জন জ্ঞানের প্রভায় করি দরশন

উজ্জ্বল যার বিকশিত মন সেই জ্বন তারে পায় অমৃতের মাঝে হয়ে সে মগন মৃত্যুরে পার হয়।

অঙ্গান্ত ইত্যেবং কন্চিদ ভীক্ষঃ প্রপদ্মতে রুদ্ধে যন্তে দক্ষিনং মুখং তেন মাং পাছি নিভাষ্॥ ২১

জন্মরহিত তুমি বলে আমি তোমার শরণ লই
ভীক্ত মন কোথা রবে নির্ভয়ে বল আর তোমা বই
হে রুদ্র তব দক্ষিণ মুধ
বারেক দেখাও দুরে যাক তুধ

নিত্য সত্য শিব স্থূন্দর ত্রাণ করে। তুমি মোরে তোমারে লভিয়া সকল আঁধার উঠুক আলোয় ভরে। মা নস্তোকে ভনয়ে মা ন আয়ুষি মা নো গোষু মা নো অশেষু রীরিয়ঃ বীরান্ মা নো রুজ ভামিতোইব ধীর্হবিল্পন্তঃ সদমিৎতা হবামহে॥ ২২

> হে রুদ্র তুমি হোয়ো না ক্রুদ্ধ বিনাশ কোর না সবে মোর সস্তান সস্ততি গণে মৃত্যু যেন না লভে গরু ঘোড়া আর মোর যত দাস তাহাদের প্রভু কোর না বিনাশ হবি ও যজে আহ্বান করি তোমাকেই পূজা করি পূজা আরাধনা যক্ত ও স্তবে তোমাকেই আজু শ্বরি।

#### পঞ্চম অধ্যায়

দ্বে অক্ষরে ব্রহ্ম পরে ত্বনন্তে বিক্তাবিক্তে নিহিতে যত্ত্র গূঢ়ে ক্ষরন্ত্রবিক্তা হয়তং তুবিক্তা বিক্তাবিক্তে ঈশতে যস্ত লোইক্যঃ॥ ১

সংসার গতি কারণ যেজন অবিতা বলি তারে
অমরত্বের লাভ হয় যাতে বিতা কহি যে তারে
বিতা এবং অবিতা ছুই
অস্তহীন সে অক্ষরেতেই
ছুই যার মাঝে একত্র রাজে সে কিন্তু তাহা নয়
সবার অতীত অনস্ক জন আপনি আপনাময়।

যো যোনিং যোনিমধিষ্ঠত্যেকো বিশ্বানি রূপানি যোনীশ্চ সর্বাঃ শ্ববিং প্রসূত্য কপিলং যন্তমধ্যে জ্ঞানৈবিভর্তি জায়মানঞ্চ পশ্যেৎ॥ ২

> সকল যোনিতে সকল কারণে রাজিছেন সেই জন জ্ঞান অজ্ঞান হইতে ভিন্ন নিত্য সত্য ধন স্বৰ্ণগৰ্ভ মায়া জ্ঞালমাঝে যার দেয়া জ্ঞান সতত বিরাজে তাহারো জনম যেজন দেখেছে সেজন জগৎ প্রাণ জ্ঞান অজ্ঞানে অভিন্ন যেই সেইজন ভগবান।

একৈকং জালং বছধা বিকুর্বন্ধস্মিন্ ক্ষেত্রে সংহরত্যেষ দেবঃ ভূমঃ স্ফু ়া পভয়ন্তথেশঃ স্বাধিপভ্যং কুরুতে মহান্ধা॥ ৩

এই স্বগতেতে প্রতি প্রাণী তরে ফেলি কর্মের স্বাল কার্য্য কারণে হুয়েরে চালিত করে যেই মহাকাল আবার গোটান সেই জ্বাল তাঁর যেথা যত স্থীব আছে যেথাকার সবার উপরে প্রভূষ তাঁর সবি যে তাঁহার সৃষ্টি সকল ব্যাপিয়া সকল ছাপিয়া রয়েছে তাঁহারি দৃষ্টি।

সর্বা দিশ উর্দ্ধমধশ্চ তির্য্যক্ প্রকাশয়ন্ ভাজতে যদ্ধমড্যান্ এবং স দেবো ভগবান্ বয়েণ্যো যোনি অভাবানধিতিষ্ঠত্যেকঃ ॥ ৪

পূর্য্য যেমন উজ্বলিয়া দিক চতুর্দ্দিকেতে দীপ্তিমান
উদ্ধে ও নীচে পার্শ্বে সকলি তাহারি আলোয় দীপ্যমান
তেমনি সে দেব রহি সবামাঝে
প্রতি জীবে সেই সম ভাবে রাজে
অন্তু পরমাণু সবাকার মাঝে করেন আপনি অধিষ্ঠান
পূর্য্য যেমন আলো বিতরিয়া সবাকার মাঝে প্রকাশ পান

যচ্চ স্বভাবং পচতি বিশ্বযোনিঃ পাচ্যাংশ্চ সর্বান পরিণাময়েদ্ যঃ সর্বমেতদ্বিশ্বমধিতিপ্তত্যেকো শুণাংশ্চ স্বান্ বিনিযোজয়েদ্ যঃ॥ ৫

জগং স্জন যে করে বিধান সেই জন ভগবান
পরিণামী সবে বিভিন্ন রূপে করে যেই রূপদান
এক হয়ে তব্ বিশ্ব ভরিয়া
রয়েছে যেজন সকল ব্যাপিয়া
এ সারা জগং জুড়িয়া তিনিই অদ্বিতীয় যে সত্ব
বিশ্বতা তাদের নিজ নিজ কাজে তিনিই করেন যুক্ত।

তদ্বেদগুহোপনিষৎস্থ গৃঢ়ং তদপ্রক্ষা বেদতে প্রক্ষানেম্ যে পূর্বদেবা ঋষয়শ্চ তদ্বিগুন্তে তন্মগ্রা অমৃতা বৈ বস্তুবুঃ॥ ৬

আত্মতত্ত্ব বেদের গহনে গভীরে নিহিত আছে
উপনিষদের এ অমর গাথা ঋষিগণ গাহিয়াছে
ব্রহ্মের রচা মায়াজাল এই
জানে এ তথ্য এতে ভূল নেই
জানিয়া একথা মুনী ঋষিগণ হন তাতে তন্ময়
অমতে জানিয়া অমতে লভিয়া তারা অমৃতময়।

মণাষ্করো যঃ ফলকর্মকর্ডা ক্রন্তন্ম ভবৈদ্যব স চোপভোজ্ঞা স বিশ্বরূপজ্ঞিকাজিবর্জা প্রাণাধিপঃ সঞ্চরতি স্বকর্মজিঃ॥ ৭

ফলাকান্থায় কাজ করে যেই সেই মত ফল পায় কর্মজনিত বাসনা তাহারে সেই পথে লয়ে যায় সত্ত্ব রজো ও তমো তিনগুণ ধর্মাধর্ম জ্ঞান রূপে র'ণ পঞ্চপ্রাণের অধিপতি তারে সেরূপ জন্ম দেন আপন আপন কাজ অনুসারে জীবেরা জন্ম নেন। অঙ্গুর্জনাত্রো রবিতুল্যরূপঃ সঙ্কল্লাহন্তারসমন্বিত্যে যঃ বুদ্ধেগু শেনাত্মগুণেন চৈব আরাগ্রমাত্রো অপরোইপি দৃষ্টঃ॥ ৮

যিনি জীব মাঝে অঙ্গুর্দ্ধরূপে রহেন বর্ত্তমান
পূর্য্য সমান তেজ মণ্ডিত জ্যোতিময় ভগবান
পূচের মতন স্ক্র তীক্ষ
বৃদ্ধির দ্বারা যে অভিজ্ঞ
পরমাত্বায় জীবাত্বা মাঝে করে যেই দরশন

পরমাত্মায় জাবাত্মা মাঝে করে যেই দরশন তীক্ষবৃদ্ধি মেধাবী ও জ্ঞানী মতিমান সেইজ্বন।

বালাগ্র শত ভাগস্ত শতধা কল্পিডস্ত চ
ভাগো জীবঃ স বিজেয়ঃ স চানস্ত্যায় কলতে ॥ ৯
একটি কেশেরে করি শতভাগ একভাগ যদি লও
একভাগ পুনঃ করি শতভাগ যদি কেহ হাতে লও
সেই পরিমাণ অমুর মতন
একটি জীবের জানিও গঠন
আবার সে জীব অনস্ত মাঝে অনস্ত রূপ নেয়
স্বরূপে লভিয়া বিরাট যেরূপ কেবা বর্ণনা! দেয়।

নৈব জ্ঞীনপুমানেষ ন চৈবায়ং নপুংসকঃ যদ্যচ্হবীরমাদত্তে তেন তেন স রক্ষতে॥ ১০

এই জীব জেন নহে নর নারী নহে ক্লীব রূপ তার

যখন যে দেহ করেন ধারণ তেমনি আকার তার

যে শরীর তিনি-করেন ধারণ

তাহার দ্বারায় রক্ষিত হন

নিজ অভিমান রাখিতে করেন তাতেই অবস্থান জীবের মাঝারে রাজেন আপনি নিরাকার ভগবান। সকলনস্প শনদৃষ্টিমোহৈগ্রাসান্ধ্রট্যা চাত্মবিবৃদ্ধিকর কর্মান্দুগান্যকুত্তমেণ দেহী স্থানের রূপাগ্যভিসম্প্রপথততে ॥ ১১

ভোজন ও পানেতে শরীরের বৃদ্ধি যেইরূপ সদা হয় সেইরূপ জেনো বিষয় লোভেতে মোহ হয় সঞ্চয় নিজ অর্জিত পুণ্য ও পাপ দেয় জীবগণে সুখ ছখ তাপ আপন কর্ম অনুসারে দেহ জীবগণ লাভ করে বিচিত্র পথে চলে যত জীব বিচিত্র পথ ধরে।

পুলানি সৃক্ষানি বছুনি চৈব রূপাণি দেহী স্বগুণৈর্বনাতি ক্রিয়াগুণৈরাত্মগুণৈশ্চ তেখাং সংযোগহেত্রপরোইপি দৃষ্টঃ॥ ১২

স্থুল ও স্ক্র নানা রূপ ধরি আপন কর্ম মত

ভীব জনময় আপন ক্ষেত্রে রূপ ধরি কতশত
পূর্ব প্রজ্ঞা তাতে মিশে থাকে
কঠিন বাসনা বাঁধে শতপাকে
মৃত্যুর পরও অন্ত জীবনে থাকে যে প্রভাব তার
যে কাজ যে করে পায় তার ফল নাহি তাহে নিস্তার।

অনান্তনন্তং কলিলস্থ মধ্যে বিশ্বস্ত স্রস্টারমনেকরপম্ বিশ্বস্যৈকং পরিবেষ্টিভারং জ্ঞাত্বা দেবং মুচ্যুতে সর্বপার্টনঃ॥১৩

নাহি যার সীমা অনস্ত যেই এই সংসার মাঝে
অনাদি রূপেতে স্রষ্টা তাহার রহে সাথে নানা সাজে
সকল ব্যাপিয়া শুধু সেইজন
রহেছেন সদা জানে যার মন
যেজন জেনেছে সেইত বুঝেছে সকল তত্ত্ব সার
নিশ্চয় জেনো তাহারি তরেতে খোলা ব্রহ্মের ছার।

ভাবগ্রাহ্মনীড়াখ্যং ভাবাভাবকরং নিবম্ কলাসর্গ করং দেবং যে বিতুত্তে জহুত্তমুম্॥ ১৪

শুদ্ধ চিত্তে অমূভব যার হাদয় উ**জ্বলি জ্বলে**সবার কারণ পরিণাম যেই সৃষ্টি প্রালয় কালে
ভাঙ্গে গড়ে সবে যেই রূপকার
পরম শিল্পী মূরতি যাহার
অদেহী ও চির শিবময় যেই তাহারে জ্বানে যেজন
দেহ অভিমান ত্যজি সেই সুধী অমৃতে মগন হন।

#### ষষ্ঠ অধ্যায়

স্বভাবোমেকে ক্রয়ো বদন্তি কালং তথাতো পরিমূছমানাঃ দেবস্যৈষ মহিমা তু লোকে ষেনেদং ভ্রাম্যতে ব্রহ্মচক্রম্।। ১

পণ্ডিতগণ কখন বা কহে স্বভাব জ্বগত কারণ
মূর্যেরা বলে কালই করেছে জ্বগতে যা কিছু ধারণ
তুই ভুল জ্বেন নিজ্ব মন মাঝে
প্রভুর অপার মহিমা বিরাজ্বে
পরমের্যর ব্রহ্মচক্রে ঘোরালেন নিজে জ্বেন
স্বাকার মূল আদি সেই জ্বন তাঁহারে সত্য মেন।

ষেনাবৃতং নিত্যমিদং হি সর্বাং জ্ঞঃ কালকারোগুণী সর্ববিদ যঃ তেনেশিতং কর্ম বিবর্ততে হ পুথুস্প,তেজোইনিলখানি চিন্তাম্।। ২

বাঁহার দ্বারা এ নিখিল দ্বগং পূর্ণাবৃত রয়
সর্বজ্ঞানের আধার যে দ্বন কালের কারক হয়
সেই গুণময় সর্ববিদ যে
এ দ্বগং চলে তারি নির্দেশে
তাঁরি প্রেরণায় ক্ষিতি দ্বল তেন্দ্র আকাশে বাতাদে বয়
কর্ম ফিরিছে চিরকাল ধরে একথা জ্ঞানীরা কয়।

তৎকর্ম ক্বত্বা বিনিবর্ত্ত্য ভূয়ন্তত্বস্থা তত্বেন সমেত্য যোগার্ম একেন দাস্ত্যাং ত্রিভিরষ্টভির্বা কালেন হৈবাত্মগুলৈন্চ সক্ষিয়ঃ।। ৩

বোগ বর্ণিত পথ ধরি তুমি সাধনা করিয়া বাও
তাহারি তরেতে কর্মে আবার বিরতি করিয়া নাও
যাহা কিছু কর সব তাঁর তরে
জন্ম অথবা জনমান্তরে

সঞ্চিত তব যা কিছু পুণ্য তাহাতে যুক্ত হয়ে তাঁহার সাথেতে লভিয়া মিলন যাইবে মুক্ত হয়ে।

আরভ্য কর্মাণি গুণান্বিভানি ভাবাংশ্চ সর্বান্ বিনিযোজয়েদ ্যঃ ভেষামভাবে কৃতকর্মনাশঃ কর্মক্ষয়ে যাতি স ভন্ধভোইল্যঃ।। ৪

> তাঁর পূজা ভাবি সকল কর্ম করে যেই প্রীতি ভরে যেখানে যা ঘটে তাঁহারি কার্য জানিয়া তাঁহাকে শ্বরে

> > কৃতকর্মের লভি শুধু ফল

প্রারন্ধ শেষে মেলে যা সকল ভাহা পেয়ে শেষে বিদেহী রূপেতে মুক্ত সে জন হয় চির বাঞ্চিত ঈর্খরে লভি সবি আনন্দ ময়।

আদিঃ স সংযোগনিমিন্তহেতুঃ পরন্ধিকালাদকলোইপি দৃষ্টঃ। তং বিশ্বরূপং ভবভূতমীড্যং দেবং স্বচিত্তস্বমূপাশু পুর্ব'ম্॥ ৫

সেই আদি জনে যেজন জেনেছে সব সংযোগকারি

ত্রিকাল অতীত প্রাণকলা হীন যাকিছু প্রকাশ তারি
পূজনীয় সেই পূজা সবার
তাহারি পূজায় রত মন যার
সকলের আগে তাহার সাধনা করে যে শুদ্ধ মন
ভাঁহার স্বরূপ লভিয়া চিত্তে ধন্ত হন সেজন।

স বৃক্ষ কালাকৃতিভিঃ পরোইদ্যো যম্মাৎ প্রপঞ্চঃ পরিবর্ততেইরুম্। ধর্মাবহং পাপকুদং ভগেশং জাহাত্মসময়তং বিশ্বধাম ॥ ৬

> যাহা হতে এই জগত জনম ঘুরিতেছে ঘিরে যারে সংসার রূপ বৃক্ষ ও কাল এ সবের যেই পারে সবার উর্দ্ধে রাজে যেই জন ধর্ম আকর পাপের নাশক যড়ৈশ্বর্য্য অধিপতি যেই অমর্ত্য ভগবান বিশ্ব আধার মনের গহনে জানি তিনি প্রাণারাম।

ভমীশ্বরাণাং পরমং মহেশ্বরম্ তং দেবতানাং পরমঞ্চ দৈবতম্। পতিং পতীনাং পরমং পরস্তাদ্ বিদাম দেবং ভুবনেশমীভ্যম্॥ ৭

> সব দেবতার দেবতা যেজন তাঁরে মোরা মনে জানি প্রজাপতি পতি মায়া চেয়ে বড় শ্রেষ্ঠ তা মোরা মানি অখিলের অধিপতি সেইজন সবার পূজ্য পরাণের ধন স্বয়ং জ্যোতি সে চির ভাস্বরে জানি মোরা এক মনে শ্রেষ্ঠাক্ষরে যেজন বিরাজে তারো চেয়ে বড় জনে।

ন ডল্ম কাৰ্য্যং করণঞ্চ বিভাতে ন তৎসমশ্চাভ্যধিকশ্চ দৃশ্যতে । পরাম্ম শক্তি বিবিধৈৰ জায়তে স্বাভাবিকী জ্ঞানবদক্রিয়া চ ॥ ৮

> নাহিক তাঁহার ইন্দ্রিয় সব নাহি কোন কায়া তাঁর তাঁহার সমান কেহ কোথা নাই তুলনা নাহিক যাঁর বিচিত্র মায়া করিয়া স্ক্রন যে করে স্ঠি এই ত্রিভূবন যাঁর জ্ঞানবলে এ জ্বাৎ চলে সবি যাঁর মায়াময় তাঁহার মতন কে আছে এমন যেজন সর্বময়।

ন তত্ত্ব কশ্চিৎ পতিরন্তি লোকে ন চেশিতা নৈব তত্ত্ব লিক্ষ্। স কারণং করণাধিপাধিপো ন চাত্ত্ব কশ্চিক্ষনিতা নচাধিপঃ॥ ৯

এ জগতে তার নাই কোন পতি নিয়ন্তা তাঁর নাই
স্ত্রী পুরুষ রূপে তাহার মাঝেতে কোনধানে কিছু নাই
সকলের সেই মূল যে কারণ
সকলেরে তিনি করেন ধারণ
তাঁহার জনক নাই কোনধানে নাই কোথা প্রভু তাঁর
ইন্দ্রিয় দল তাঁহারি আদেশে চালিত যে হয় যার।

যস্তম্ভনাভ ইব তম্ভভিঃ প্রধানজৈঃ। স্বভাবতো দেব একঃ স্বমার্ণোৎ স নো দধাতু ব্রহ্মাপ্যয়ন্॥ ১০

আপনার দেহ নিঃস্ত জ্বালে মাকড়সা যেই মত
আপনারে ঘিরে রচে যেই জ্বাল চারদিকে শত শত
রূপ কর্ম ও নামে আপনার
প্রকাশ বিহীন স্বরূপ যাহার
সেই শাশ্বত নিত্য ব্রহ্ম করুন তাহাতে যুক্ত
গাঁহারে পাইলে সব পাওয়া যায় পরশেতে হয় মুক্ত।

একোদেবো সর্বভূতেযু গৃঢ়ঃ সর্বব্যাপী সর্বভূতান্তরান্তা। কর্মাধ্যক্ষঃ সর্বভূতাধিবাসঃ সাক্ষী চেতা কেবলো নিগুণক্ষ॥ ১১

জ্যোতির স্বরূপ পরমাত্মা সে সব প্রাণী মাঝে রাজে
সকল ব্যাপিয়া আড়ালে রহিয়া রহে সে সবার মাঝে
সবার সাক্ষী জেন সেই জন
সবাকারে তিনি করেন চালন
সবাকার মাঝে রাজে যেই জন তাঁর মাঝে কেহ নাই
ত্রিশুণ অভীত উপমা দিবার কোথাও কিছু না পাই।

একো ৰশী নিজিয়াণাং বহুনামেকং বীজং বহুধা যঃ করোতি।
ভমাত্মন্থং যে ইনুপশ্যতি ধীরান্তেযাং স্থাং শাখাঙং নেভরেষাম্॥ ১২
এক মায়া বীজে জড় ও চেতনে সেই জন বহু করে

জড়ের ভিতরে স্থির ধীর হয়ে যেই জন বাস করে নিভ্য সভ্য সে পরম জনে স্থির বৃদ্ধিতে সেই জন চেনে

সেই তাঁরে লভি পরমা শান্তি আনন্দ জেন পায় তাহারে না চেনে যেইজন জেন তৃংখ তাহারি হায়। জ্যানাং চেজনক্ষেত্রানায়েকো ক্রমাং যোকিছাতি কামার

নিজ্যো নিজ্যানাং চেতনশ্চেজনানামেকো বছুমাং যোবিদধাতি কামান্। তৎ কারণং সাংখ্যযোগাধিগম্যং জ্ঞাত্বা দেবং মুচ্যতে সর্বপাশৈঃ॥ ১৩

> নিভ্যের মাঝে নিভ্য যেজন চেতনা চেতন মাঝে এক হয়ে যিনি বহুতে প্রকাশ দিকে দিকে নানা সাজে যেজন পুরাণ সবার কামনা

তাঁহার যেজন করেন সাধনা তাঁহারে যে জ্বানে যাঁর জ্ঞান যোগে উদেন জ্যোতির্ময়

ভোহারে যে জ্বানে থার জ্ঞান থোগে ৬৫৭ন জ্যোতিময় সেই ত মুক্ত চির তরে তার ঘুচে বন্ধন ভয়।

ন তত্র সূর্য্যো ভাতি ন চন্দ্র তারকং নেমা বিহ্যুভোভান্তি কুতোইয়মগ্নিঃ।

ভ্ৰেৰ ভান্তমমূভাতি সৰ্বং তন্ত্ৰ ভাসা

সর্ব মিদং বিভাতি ॥ ১৪ সূর্য সেথায় নাদেয় আলোক না জ্বলে চক্র তারা অগ্নি সেথায় প্রকাশিতে নারে আপনার জ্যোতিহার।

সেই খানে যেই আপনা প্রকাশি জ্ঞানের প্রভায় আপনি বিভাসি ভাঁহারি আভায় গগন পবন আলোয় আলোকময় সকল আঁধার নিমেষে বিনাশি রাজেন জ্যোভির্ময়। একো হংস ভূমসাম্ম মধ্যে স এবাগ্নিঃ সলিলে সন্নিবিষ্টঃ। তমেব বিদিত্বাইতি মৃত্যু মেতি নাম্মঃ পদ্ধা বিশ্বতেইয়নায়॥ ১৫

> তাঁহারে জানিলে মৃত্যু সাধক পার হয়ে সে্থা যায় সহজে তাঁহার কাছে গিয়ে তাঁরে চির দিন তরে পায় আগুনের মাঝে সলিলের মত যেজন রয়েছে গোপনে সতত

পরম সে পদ লভিবার হলে তাঁরে ছাড়া গতি নাই সাধক জনের আরাধ্য ধন সকলের তাঁরে চাই।

স বিশ্ব কৃদ্বিশ্ববিদাত্মযোনিজ্ঞ: কালকারো গুণী সর্ব বিদ্ যঃ। প্রধানক্ষেত্রজ্ঞপতিগুণিশঃ সংসাধ মোক্ষন্থিতিবন্ধহেতুঃ॥ ১৬

> এই জগতেরে গড়েছেন তিনি তিনিই জগং প্রাণ চির চেতনার জ্যোতি সেই জন সেজন বিশ্বজ্ঞান যাঁহারে জানিলে লভে সে মুক্তি যাঁরে না জানিলে শুধু ক্ষয় ক্ষতি মূল প্রকৃতিও তাতে প্রকাশিত জগং পালনে নিত্য সকলের প্রভু সব যাঁর জানা গুণের আকর সত্য।

স তন্ময়োহ্মমূভ ঈশ সংস্থোজ্ঞঃ সর্বগো ভূবনসাম্ম গোপ্তা। য ঈশেইন্স জগতো নিভ্যমেব নাম্মোহেডু বিস্তভে ঈশনায়॥ ১৭

এই ধরণীরে যে করে শাসন সেজন জগৎময়
সব যেই জানে সবাকার মাঝে যেই জন তথ্ময়
মোহ বন্ধের কারণ সেজন
মোক্ষ ও সেই সেই বন্ধন
চেতনা রূপে সে সবখানে যায় অরূপ জ্যোতির্ময়
বিশ্বস্ত্রী বিশ্ব পালক সে ছাডা কিছুই নয়।

যো জ্ঞাণং বিদধাতি পূর্বং যো বৈ বেদাংশ্চ প্রস্থিগোতি ভব্মৈ। তং হ দেবমাত্মবৃদ্ধিপ্রকাশং মুমুকুর্বৈ শরণমহং প্রপদ্যে॥ ১৮

সবার প্রথম ব্রহ্মারে যেই আপনি স্ক্রন কারী
জ্ঞান দান তরে বেদ তাঁরে দিয়ে যেই জ্বন জ্ঞান ধারি
বেদের মাঝেতে সত্য প্রচারি
আত্মবৃদ্ধি যেজ্বন বিকাশি
মৃক্তি মাত্র কামনা করিয়া শরণ লইযে তাঁর
পঙ্গুতে গিরি লভ্যন করে পাইলে গো কুপা যাঁর।

নিজ্ঞলং নিজ্ঞিয়ং শান্তং নিরবতং নিরপ্তনম্। অমৃতশ্য পরং সেত্রং দক্ষেন্ত্রনিরবানলম্॥ ১৯

নিরাকার যিনি নিজ্ঞিয় যিনি যেজন নির্বিকার সর্ব উপাধি বর্জিত যিনি সেজন সারাৎসার

আনন্দ যেই মুক্তির সেতৃ মোক্ষ কারণ যিনি হন হেতৃ দগ্ধ কাষ্ঠে অনলের মত যে জ্বন জ্ব্যোতির্ময় আপনার সেই তুলনা আপনি অস্ত কিছুই নয়।

যদা চর্মবদাকাশং বেষ্টগ্নিয়ান্তি মানবাঃ। তদা দেবমবিজ্ঞায় ছঃখস্থান্তো ভবিয়াতি॥২০

কোন নর যদি নিজ চর্মেতে আকাশ ঢাকিতে চায় কখন পারে না বিফল হইয়া করে যথা হায় হায় তাঁহারে না চিনে যদি কোন জন হঃখ হইতে মুক্তি যে চান তাহাও জানিও হইবে না কভু সেই জনই সুখময় তাঁহাকে চিনিলে তবেত হঃখ নিমেষেতে স্থধ হয়। তপঃ প্রভাবদ্দেবপ্রসাদাচ্চ ত্রদ্ধা হ খেতাশ্চ তরোইথ বিধান্। অত্যাশ্রমিভ্যঃ পরমং পবিত্রং প্রোবাচসম্যগৃষিসংঘজুষ্টুন্॥ ২১

> সাধনা করিয়া দেব কুপালভি শ্বেভাশ্বতর ঋষি জেনেছেন এই সভ্যু পরম নিজে যোগাসনে বসি সনকাদি যত সব শ্বেষিগণে বুঝালেন তাহা পরম যতনে বলিলেন পুনঃ মুক্ত কপ্তে সব ঋষিদের কাছে পুত পবিত্র ব্রহ্মতত্ব জ্ঞানীজন যাহা যাচে।

বেদান্তে পরমং গুহুং পুরাকদ্মে প্রচাদিত্য। নাপ্রশান্তায় দাতব্যং নাপুত্রায়াশিয়ায় বা পুনঃ॥ ২২

বেদাস্তের এ পরম তথ্য গোপন তথ্য কথা বলিবার নয় শুনাবার নয় বলিবে না যথা তথা পুত্র শিশু শাস্ত যে হয় তবেই তাহারে বোল নিশ্চয় অশাস্ত জনে নহে বলিবার গভীর জ্ঞানের কথা পূর্ব কালেতে উপদেশে লভি মিলিল যে ধন তথা।

যক্ত দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরো। তক্তৈতে কথিতা হুর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ প্রকাশন্তে মহাত্মনঃ॥ ২৩

ঈশ্বরে যার গভীর ভক্তি রহিয়াছে মনে প্রাণে তাহারি জ্বানিও মিলিবে মুকতি উপনিষদের জ্ঞানে ইষ্ট গুরুতে ভকতি যাহার সেই শুধু পায় সন্ধান তাঁর মহাত্মা সেই সুধীজন কাছে বলার যোগ্য হয় যেই জ্ঞান পেলে মিলিবে মুকতি মিলেবে মুকতিময়। ওঁ সহ নাববতু সহ নৌ ভূনক্তু সহ বীৰ্যং কববাহ হৈ। ভেজন্মি নাবধীতমন্ত মা বিধিধা বহৈ॥ ২৪ ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ

গুরু ও শিশ্ব মোরা তুইজনে জ্ঞানের অন্বেষণে আসিয়াছি হেথা করুন রক্ষা ব্রহ্ম এ তুইজনে আমাদের যেন জ্ঞান লাভ হয় দোহে বিদ্বেষ কখন না হয় তোমার দয়ায় পূর্ণ হউক যাহা মম অভিলাষ বিজ্ঞা লভিয়া হই তেজকী মিটে যেন মন আশ।

ওঁ শান্তি শান্তি শান্তি॥

ইতি খেতাখতর উপনিষদ

# শামবেদীয় ছান্দোগ্যোপনিষ্

## ছান্দোগ্য উপনিষদ্

#### শান্তি পাঠ

ওঁ আপ্যায়ন্ত মমাঙ্গানি বাক্ প্রাণশ্চক্ষুঃ ক্রোত্তমথো বলমিন্দ্রিয়ানি চ সর্বাণি সর্বং ত্রক্ষোপনিষদং মাইহং ত্রক্ষ নিরাক্র্যাং মা মা ত্রক্ষ নিরাকরোদনিরাকরণমন্ত্রনিরাকরণং মেইস্ত ভদাত্মনি নিরতে য উপনিষ্ণস্থ ধর্মাস্তে ময়ি সন্ত তে ময়ি সন্ত ॥

ওঁ শান্তিঃ শান্তিঃ गান্তিঃ॥

আমার এ দেহ বাক্য ও প্রাণ চক্ষু কর্ণ সব
যত ইন্দ্রিয় যা কিছু অঙ্গ লভুক পুষ্টি সব
বন্ধারে যেন লই আমি মেনে
সবের স্রষ্টা সেই জন জেনে
তাঁর সাথে মোর অভেদ মিলন যেন চিরকাল রয়
পরমাত্মায় সতত নিষ্ঠ হইগো ব্রহ্মায়।

ওঁ শান্তি শান্তি শান্তি।

### সামবেদীয় ছান্দোগ্যোপনিষৎ

#### প্রথম অধ্যায়

প্রথম থণ্ড

(ওঙ্কারোপাসনা)

ওমিভ্যেতনক্ষরমুদগীথমুপাসীভ। ওমিভি হাদ্গায়তি তক্তোপব্যাখ্যানম্॥১

ওঁ শব্দের করি উপাসনা করি যেন স্তব গান
উদগীথ গাথা যাহে উপজিল জুড়াতে সবার প্রাণ
বলিব এবার তাহার মহিমা
যেই শব্দের নাহিক উপমা।
সবাকার মূল ওঁ শব্দের মানে কি সকলে জ্বানে যাহারে পৃজ্ঞিলে সবাকার পূজা জনমে গভীর জ্ঞানে ॥

এষাং ভূতানাং পৃথিবী রসঃ পৃথিব্যা আপো রসঃ। অপামোষধয়ো রস ওষধীনাং পুরুষো রসঃ পুরুষস্য বাগ্ রসো বাচ ঋগ্রেস ঋচঃ সাম রসঃ সাল্ল উদ্গীথো রসঃ॥ ২

এই পৃথিবীতে যত রস আছে সবের স্রষ্টা সেই
যত জলরাশি ওষধি যা কিছু মানব দেহেও সেই
বাক্যের মাঝে আছে যেই রস
তাহাতে মিলিয়া হইল সরস
খগ মন্ত্রেও সাম মন্ত্রেতে শোন ওঠে সেই স্কর
উদগীধ গাখা ওঁকারে ভরা সবচেয়ে স্কুমধুর।

স এষ রসানাং রসভমঃ পরমঃ পরাধের্যাইষ্ঠমো যতুদ্গীথঃ॥ ৩

এই উদগীত স্তব জেন মনে হল ওঁকার সার

এর চেয়ে বড় নেই কোন মানে কোথাও কখন আর

পরমাত্মার সব এই গান

অষ্টম নামে জেনো এর স্থান

রসের মাঝেতে রসভম এই মধুময় এই গান

কি করে বলিব বর্ণনা তার যেজন জগংপ্রাণ॥

কতমা কতমৰ্ক, কতমৎ কতমৎ সাম কতমঃ কতমঃ উদ্বীথ ইতি বিমুঠ্য ভবতি ॥ ৪

কোন শব্দটি ঋক বলি খ্যাত এবার জ্ঞানিতে হবে
কারে বলে সাম ? ঋকেরে চিনিলে আপনিই চিনে লবে
কোনটি বা এই উদগীথ হয়
জ্ঞানে চিনে মনে জ্ঞানে নিতে হয়
আপনার মনে হয়ে নিশ্চয় তবে বিবেচনা করে।
কোন জ্ঞান ঋক কোনটি বা সাম উদগীত বলি শ্মরো?

বাগেবর্ত প্রাণঃ সামোমিত্যেতদক্ষরমুদ্গীথঃ। ভদ্বা এতন্মিথুনং যদ্ বাক্ চ প্রাণশ্চর্ক, চ সাম চ॥ ৫

কথা হয় ঋক প্রাণ তার সাম হয়ের মিলন স্থল উদগীথ গাথা মিলন মহিমা প্রচারিছে অবিরল বাক্য ও প্রাণ মিশে একসাথে মিথুন বলিয়া বলে শাস্ত্রেতে শাস্ত্রের কথা গভীর অর্থ তাহা হতে নিজে লও সহজ্ব অর্থ কথা ও প্রাণেরে একসাথে বেঁধে লও। ভদেভন্মিথুনমোমিভ্যেভন্মিম্নক্ষরে সংস্ক্র্যতে যদা বৈ মিথুনৌ সমাগচ্ছত আপয়তো বৈ ভাবজ্যোগ্যস্য কামম॥ ৬

আপরিতা হবৈ কামানাং ভবতি
য এতদেবং বিদ্বান্ অক্ষরমূদগীথমূপান্তে॥ ৭
উদগীথ গাথা হরিকথাময় একথা সত্য জেনে
যেজন তাহার করে উপাসনা এই কথা মনে মেনে
যাহা চায় পায় সেই সুধীজন
ওঁকার বলি যে করে ভজন
জানে তার মন পরম রতন মেলে এ আখরে হায়
সব কামনার হয় অবসান প্রার্থিত জনে পায়।

ভদা এভদসূজ্ঞাক্ষরং যদ্ধি কিঞামুজানাভ্যোমিভ্যেব ভদাহৈষো এব সমৃদ্ধির্ঘদসূজ্ঞা সমধ শ্লিভা হ বৈ কামানাং ভবভি য এভদেবং বিধানক্ষরমুদ্,গীথমুপান্তে॥ ৮।

এই ওঁকার সম্মতিরূপে সবাকার মাথে রয়

একটি আথরে সকল পূর্ণ জেন মনে নিশ্চয়

অনুমতি এই সমৃদ্ধি এই

জানিও ইহাতে কোন ভূল নেই

উদগীথ গাথা স্তব করে যেই ওঁকার নাম করি

যা কিছু কাম্য সকলি লভিয়া উঠে সে আপনি ভরি।

তেনেরং এরী বিজ্ঞা বর্তত ওমিত্যাঞ্ছাবয়ত্যোমিতি শংসত্যোমিতৃদ্বায়ত্যেতসৈয়বাক্ষরস্যাপচিত্তৈয় মহিল্পা রসেন॥ ৯

> বেদ ও বিজ্ঞা বিহিত যাকিছু মনে জেন সমুদ্য একটি আখরে সবকিছু জেন পূর্ণতা নিশ্চয় দেবতা সকলে করেন শ্রবণ ওই অক্ষরে হর সামগান উহাতেই জেন হবি দ্রবীভূত কল্যাণরস যত বর্ণিতে নারি মহিমা ইহার যক্ত ও কত শত।

ভেনোর্ভো কুরুতো যশ্চৈতদেবং বেদ যশ্চ নবেদ। নানা তু বিজ্ঞা চাবিভা চ যদেব বিভয়া করোতি শ্রেদ্ধয়োপনিষদা তদেব বীর্যবন্তরং ভবতীতি খবেতস্যৈবাক্ষরস্যোপব্যাখ্যানং ভবতি॥ ১০

ওঁকার রূপ মহিমারে যেই অন্তর দিয়ে জ্ঞানে
তাহার পূজাই হয় সার্থক ভরা তা গভীর জ্ঞানে
থেজন না জ্ঞানে নহে নিক্ষল
তবুও জ্ঞানিও যে জ্ঞানে সকল
তাহার পূজাই সত্য সফল ভরা সে গভীর জ্ঞানে
একটি আখরে ব্রহ্ম প্রকাশ বিশ্বয় মনে আনে।

#### দ্বিতীয় থণ্ড

দেবান্তর। হ বৈ যত্ত সংখেতির উভয়ে প্রাক্তাপভ্যান্তর দেব। উদ্গীথমাক্তহ রুনেনৈনানভিভবিস্থাম ইতি ॥ ১

দেবতা অসুর ছুই দলে যবে সংগ্রামে রত হন
দোহে সম বলী প্রেক্ষাপতি হতে সন্তান ছুইজন
তখন লইয়া ইহার শর্ণ
জয়ী হব বলি ভাবে দেবগণ
উদগীথ গাথা এইরূপে এই ভাবেতে স্ট হল
এই মন্ত্রেতে হারাব শক্র দেবতারা ভেবে নিল।

তে হ নাসিক্যং প্রাণমুদ্গীথমুপাসাঞ্চক্রিরে তং হাস্তরাঃ পাপ্রনা বিবিষুক্তমান্তেনোভয়ং জিঘ্রতি স্থরভি চ প্র্যন্ধি চ পাপ্রনা হেছা বিদ্ধঃ॥ ২

> তখন দেবেরা নাসিকার আণে উপাসনা করেছিল গৃষ্ট অস্থ্র পাপেতে বিদ্ধ করে তাকে মেরেছিল পাপেতে বিদ্ধ হল সে কারণ সেই অপরাধ না হল স্থালন ভালো গদ্ধর সাথে নিতে হয় মন্দ-গদ্ধ আণ পাপেতে বিদ্ধ হয়েছিল বলে না পেল পরিত্রাণ।

অথ হ বাচমূদ্গীথমূপাসাঞ্চক্রিরে তাং হাস্তরাঃ পাপ্রনা বিবিধুক্তন্মান্তয়োভরং বদতি সত্যঞ্চানৃতফ পাপ্রনা ছেয়া বিদ্ধা॥ ৩

তখন দেবতা বাগদেবতাকে উপাসনা করেছিল
উদগীথ গাথা কর্ত্তা রূপেতে তাহাকে পৃঞ্জিয়াছিল
অসুর তখন পুনঃ বাগ মেরে
পাপের দারায় বিঁধেছিল তারে
পাপেতে বিদ্ধ হয়ে বাগদেব নিরমল নাহি হয়
সেই হতে জেন সত্য মিথা। ছই হল বাগময়।

অথ হ চক্ষুক্রদ্গীথমুপাসাঞ্চক্রিরে ভদ্ধান্তরাঃ পাপ্ননা বিবিধুক্তমাত্তেনোভয়ং পগুভি দর্শনীয়ঞ্চাদর্শনীয়ঞ্চ পাপ্ননা ছেভদ্ বিদ্ধম্ ॥৪

চক্ষু দেবেরে উদগীথ গাথা বলি উপাসনা করে
সব দেবতারা চক্ষু দেবেরে শ্রেষ্ঠ বলিয়া শ্মরে
অন্থর তথন বি<sup>\*</sup>থৈ পাপ দিয়ে
চক্ষুতে কালি দিলো পরশিয়ে
সে পাপ পরশে চক্ষুতে হেরে ভাল ও মন্দ সব
পাপের পরশে ঢাকিল পুণ্য মেনে নিলো পরাভব।

অথ হ শ্রোত্রমুদ্গীথমুপাসাঞ্চলিরে ভদ্ধাস্থরাঃ পাপ্সনা বিবিশ্বস্থান্যোভিরং শৃণোভি প্রবণীয়ঞ্চপ্রবণীয়ঞ্চ পাপ্সনা হেভদ্ বিদ্ধম্॥ ৫

কর্ণেরে তবে উদগীথ গাথা কর্ত্তা রূপেতে মানি দেবতারা করে তারি উপাসনা তাহারে শ্রেষ্ঠ জ্বানি অস্থর তথন দিয়ে পাপ বাণ করিল বিদ্ধ কলুষিত কাণ সেই হতে কাণে প্রিয় অপ্রিয় তুইই শুনিতে হয় পাপের পরশে মুক্ত হওয়াত সহজ্ব কথা সে নয়।

অথ হ মন উদ্গীথ মুপাসাঞ্চক্রিরে তদ্ধাস্তরাঃ পাপ্ননা বিবিধুস্তম্মাত্তেনোভয়ং সম্বন্ধয়তে সম্বন্ধনীয়ঞ্চ পাপ্ননা হেতদ্ বিদ্ধম্॥ ৬

মন দেবতারে তখন সকল দেবতারা পূজা করে উদপীথ গাথা স্রস্থা বলিয়া তাহাকেই তারা স্মরে অসুর তখন দিয়ে পাপ বাণ বিংধ মন দেবে করে হুখ দান পাপেতে বিদ্ধ হয়ে তবে মন কালিমা পরশ করে তাহারি ফলেতে শুভ ও অশুভ হুই সে চিন্তা করে। অথ হ য এবারং মুখ্যঃ প্রাণস্তমুদ্গীথমূপালাঞ্চক্রিরে ডং হাস্তরা ঋত্বা বিদধ্বংস্কর্যথাইশ্মানমাখণমূত্বা বিধবংসেত ॥ ৭

ভাহার পরেতে মুখ্য প্রাণেরে দেবতারা পৃষ্ণা করে অস্কুরেরা তবে পাপ বাণ দিয়ে প্রাণেরে বিদ্ধ করে পাথরের গায়ে ঢেলার মতন প্রাণের পরশে পাপের নাশন মুখ্য প্রাণের পরশ পাইয়া অস্কুরেরা গেল মরে প্রাণের পরশে সভারে হেরি অসত্য গেল দূরে।

এবং যথাইশ্মানমাখণমূত্বা বিধ্বংসত এবং হৈব স বিধ্বংসতে য এবং বিদি পাপং কাময়তে যশৈচনমভিদাসতি স এষোইশ্মাখণঃ॥ ৮

মুখ্য প্রাণের পরশে জানিও সত্য বিকাশ হয়

যত ইন্দ্রিয় অধিপতি সেই জেন মনে নিশ্চয়

অভেচ্চ যেন পাষাণের সম

মুখ্য প্রাণের সে সত্য তম

তাহার পরশে দূরে যায় পাপ অসত্য দূরে যায়

তাহারে হিংসা করে যেইজন সেজন বিনাশ পায়।

নৈবৈত্তেন স্থব্নভি ন তুর্গন্ধি বিজ্ঞানাত্যপহতপাপ্না ছেষ ভেন যদশ্লাতি যৎ পিবতি তেনেতরান্ প্রাণানবতি। এতমু এবাস্ততোইবিস্থোৎক্রমিতি ব্যাদদাত্যেবাস্তত ইতি॥ ৯

> মুখ্য প্রাণের দ্বারা কোন জন কোন গন্ধ না নেয় অপাপবিদ্ধ শুদ্ধ সন্থ, মলিন কখনো নয় মুখ্য প্রাণ যা পান ও ভোজন করে, তাহে ভ্রাণ আদিকে পালন পান ভোজনের আশায় তাই সে অন্তিম কালে হায় মুখটি খুলিয়া আপনার তরে শেষ চাওয়া তাই চায়।

তং হালিরা উদ্গীথমুপাসাঞ্জ্র এতমু এবালিরসং মন্ত্রকোনাং যজসঃ॥ ১০

মুখ্য প্রাণেরে অঙ্গিরা ঋষি উদ্গীত প্রভু জ্বানে
তারি উপাসনা যত জ্ঞানীক্ষন করে জ্বেন মনে প্রাণে
সব ইন্দ্রিয় প্রাণ দেয় রস
তাই ইন্দ্রিয়ে পরাণের বশ
সকল রসের আধার প্রাণেরে সবে প্রভু বলি মানে
তাই আঙ্গিরস নামেতে প্রাণেরে এ জগতে সবে জ্বানে।

তেন তং হ বৃহস্পতিরুদগীথ মুপাসাঞ্চক্র এতমু এঘ বৃহস্পতিং মন্মন্তে বাগ্ ঘি বৃহতী তম্মা এম প্রতিঃ॥ ১১

> বৃহস্পতি শ্বষি প্রাণে পূজা করে গেয়ে উদনীথ গাথা প্রাণেরে সবার শ্রেষ্ঠ বৃঝিয়া পূজা করে তাব তথা যেহেতু বাক্য সবচেয়ে বড় প্রাণেরে জানিয়া তাহার উপর তারি উপাসনা পূজা আরাধনা করে শ্বষিগণ সব বৃহস্পতিও এই কথা মানি করেন পূজা ও স্তব।

ভেন তং হায়াস্থ উদগীথমুপাসাঞ্চক এডমু এবায়া<mark>স্থং মন্সন্ত</mark> আস্তাদ্ যদয়তে ॥ ১২

আয়াস্থ ঋষি আপনা হইতে তাঁরে অভিন্ন মানে উদগীথ গাথা কর্ত্তা বলিয়া পূক্তে তারে এক প্রাণে যেহেতু আস্থা হইতে অয়ন অর্থাৎ এর হয় যে গমন তাই ঋষিগণ আয়াস্থা বলি প্রাণকেই মনে করে সব ইন্দ্রিয় অধিপতি জানি প্রাণেরে হৃদয়ে শ্বরে। তেন তং হ বকে। দাল্ভ্যে। বিদাঞ্চার। স হ নৈমিধীয়ানামুদ্গাভা বছুব স হ স্মৈভ্যঃ কামানাগায়তি॥ ১৩

> দলভ্য স্থৃত বক নামে ঋষি ইহারে জানিয়াছিল নৈমিষারণ্য বাসীদের হয়ে উদগাথা গেয়েছিল তাহাদের তরে কাম্য যা ফল ঐ গান গেয়ে চাহেন সকল উদগীত গাথা গেয়ে যেই জন যা তার কাম্য চায় স্তবেতে তুই হলে ভগবান যা চায় সেই তা পায়।

আগাতা হবৈ কামানাং ভবতি য এতদেবং বিধানক্ষরমুদগীথ-মুপান্ত ইত্যধ্যাত্মম্ ॥ ১৪

> প্রাণকে যেজন উক্ত গুণের আধার বলিয়া জানে ওঁ অক্ষরে প্রাণ দৃষ্টির উপাসনা করে প্রাণে প্রাপ্ত হন যা কামনা তাঁহার পূর্ণ হইবে যা বাসনা যার অধ্যাত্মের দর্শন কথা বর্ণিত এতে হল পরাণের মাঝে পরাণ দেবতা তাঁহার জাগায়ে তোল।

#### তৃতীয় খণ্ড

তথাধিদৈবতং এবাসো তপতি তমুদগীথমুপাসীতোগ্যন্ বা এষ প্রজান্ত্য উদ্গায়তি। উত্তংস্তমো ভয়মপহস্ত্যপহস্তাহ বৈ ভয়স্থ তমসো ভবতি য এবং বেদ॥ ১

> তাপ দান করে তপন যেজন তুমি তাঁর পূজা করে। উদগীথ রূপে উপাসনা করি তাহারে হৃদয়ে স্মরো উদয় কালেতে উদগীথ গানে যিনি আঁধারেতে আলোকের দানে অন্ধকারের ভয় নাশ করি করেন অভয় দান সবিতা রূপেতে আঁধার নাশিয়া উদয় সে ভগবান।

সমান উ এবায়ঞ্চাসে চোফোইয়মুঞ্চোইসৌ স্বর ইভীমমাচক্ষতে স্বর ইতি প্রত্যাম্বর ইভ্যমুং ভস্মাদ্ বা এভমিমমমুং চোদ্গীথমুপাসীত॥ ২

এই প্রাণ আর সূর্য্য সমান তুই জনে তাপ দেয় পরাণ জানিও গমন শীল ও সূর্য্য গমন ময় উদয় অসের গজনে সমান

উদয় অস্তে ছ**জনে সমান** দোঁহে পুজ গাহি উদগীথ গান শুধু সে সূর্য্য অস্তের পর আবার উদয় হয় প্রাণ শুধু যেই মৃতদেহ ত্য**জে ফি**রে না তাহাতে হায়। অথ খলু ব্যানমেবোদ্গীথমুপাসীত ববৈ প্রাণিতি স প্রাণো যদপানিতি সোইপানঃ। অথ যঃ প্রাণাপানয়োঃ সন্ধিঃ স ব্যানো যো ব্যানঃ সা বাক্। তম্মাদপ্রাণন্ধনপানন্ বাচমভিব্যাহরতি॥ ৩

যেই নি:খাস ত্যাগ করে জীব তাহাকেই কহে প্রাণ যেই নি:খাস লয় ভিতরেতে তাহারে কহে অপান প্রাণ ও অপাণ হুয়ের মাঝারে যে বায়ু বৃত্তি রহে বাস করে বাান নাম তার বাক্য তাহাই তাহারে রুদ্ধ করি তবে সে জীবেরা কথা কহে সব শব্দেতে উচ্চারি। যা বাক্ সর্ক্ ভুমান প্রাণন্ধনপানমুচ্মভিব্যাহরতি যর্ক্ ভুৎ সাম ভুমান প্রাণন্ধনপানন্ সাম গায়তি যুৎ সাম স উদ্গীপ ভুমান প্রানন্ধানন্ধ, দুগায়তি॥ ৪

বাক্য যাহাই ঋক জেনো তাহা একই জানিও দোঁহে
তাই প্রাণাপান নিরুদ্ধ করি ঋগ গান সবে গাহে
যাহা ঋগ জেনো তাহাইত সাম
প্রাণাপান রুধি গাহে সাম গান
যাহা সাম তাহা উলগীও জেনো দেবতার আরাধনা
প্রাণ ও অপানে রুদ্ধ করিয়া করো সেই উপাসনা।
আতো যাল্যনানি বীর্যবন্তি কর্মাণি মথাইর্যে মন্থনমাজেঃ সরণং
দুচ্ন্ত ধনুষ আয্মনম অপ্রানম্বনপানংস্তানি করোত্যেতন্ত

**८इट्डा**र्यामस्यद्यानगीथयूभाजीज ॥ ५

ইহার চাইতে যত্ন সাধ্য যা কিছু কর্ম আছে
অগ্নি মথন লক্ষ্য ধাবন-দৃঢ় ধমু শবে রাজে
এসব কার্য্য করিতে সাধন
প্রাণ ও অপানে করিবে দমন
ব্যানকেই তুমি উদগীথ রূপে উপসনা মনে করো
উদগীথে ব্যান দৃষ্টি আরোপি তাহারেই মনে শ্বরো।

অথ খলুদগীথাক্ষরাণ্যপাসীত্যোদ্গীথ ইতি প্রাণ এবাৎ প্রাণেন ছ্যন্তিন্ঠতি বাগ্নীর্বাচো হ গির ইত্যাচক্ষতেইয়ং থময়ে হীদং সর্বং স্থিতম্॥ ৬

উৎগীথ ও এই নামগুলি সহ অক্ষরে পৃঞ্চা করে। প্রাণই উৎ ও বাক্যই গী ও অন্নে থ বলি স্মরে। প্রাণের সহায়ে উত্থিত লোক বাক্যে গীরূপে স্তব গান শ্লোক অন্ন থ রূপে অন্নে লভিয়া সবে স্থিতি লাভ করে উৎগীথ গাথা গাহিয়া তাইত সবে উপসনা করে।

দ্যোরেব উদন্তরিক্ষং গাঃ পৃথিব। থমাদিত্য এবোদ্ বায়্র্গীরগ্নিন্থং সামবেদ এবোদ্ যজুর্বেদো গীর্মাগ্রেদক্ষং ত্রগ্নেইস্মৈ বাগদোহং যো বাচো দোহোইন্ধবানদ্ধাদো ভবতি য এভান্সেবং বিদ্বাসুদ্ গীথাক্ষরাণ্যুপাস্ত উদ্গীথ ইতি॥ ৭

> হ্যলোক উৎ ও আকাশ গী নামে পৃথিবী থ নামে খ্যাত পৃথ্য উৎ ও পবন গী রূপে আগুন থ নামে রত সাম বেদ উং ঋজু গী নামেতে ঋথেদ থ খ্যাত এ জগতে সাধকেরা তাই বাকরূপ হুধই দোহন করিয়া থাকে উদগীথ গাহি প্রভূত অন্ন অধিকারী জানি তাকে।

অথ খবাশীঃ সমৃদ্ধিরূপসর্গানীত্যুপাসীত যেন সাম্বা ভোষান স্থাৎ তৎ সামোপধাবেৎ ॥ ৮

কাম্য ফলের সমৃদ্ধি তবে এইখানে বলা হোলো
সামগানে গাহি উদগীথ গাথা যার যা কামনা পেলো
উৎপত্তি ও ছন্দ দেবতা
সবে করি স্তব পৃজিও হে সেথা
স্মারণে মননে জ্ঞানে ও ধেয়ানে সকলের পূজা করে।
সবার শ্রেষ্ঠ ওঁকার রূপে তাহারে হৃদয়ে স্মরো।

ৰস্তামৃচি ভামৃচং যদার্যেয়ং তমৃষিং যাং দেবভাম ভিষ্টোম্ভান স্থাৎ ভাং দেবভামৃপধাবেৎ ॥ ৯

যে ঋক মন্ত্রে সাম বিরাজেন সে ঋক মন্ত্রে স্মরো সে ঋষি উহারে জ্ঞানালেন সবে তারে তুমি পূজা করে। যে দেবের তরে করিছ এ স্তব তাঁহারে স্মরিয়া তবে পূজ সব ঋক মন্ত্রেতে বিরাজেন সাম এই কথা রেখ মনে ভাঁহার পূজাও ধ্যান অরোধনা কর তুমি এক সনে।

বেনচ্ছন্দসা স্তোয়ন্ তাৎ ওচ্ছন্দ উপধাবেদ ্বেন স্তোমেন স্তোয়মাণঃ তাৎ তং স্তোমমুপধাবেৎ॥ ১•

যে ছন্দে স্তব করিবে তাহারে আপন মনেতে স্মর
যেই স্তোম দারা করিবে এ স্তব তার আরাধনা করো
যার তরে পূজা করিবে স্তোমেতে
তার নহে লাভ জানিও মনেতে
আপন মনের শুদ্ধি লভিয়া নিজে উন্নত হও
যক্তমান তরে নহে এই পূজা আপনি লভ্য লও।

ষাং দিশমভিষ্টোয়ান্ স্থাৎ তাং দিশমুপধাবেৎ। ১১ যে দিকেতে মুখ করিয়া পৃচ্চিবে সে দিকের পুচ্ছা করো দিক অধিপতি দেবতা সকলে আপন মনেতে স্মরো।

আত্মানমন্তত উপক্ষত্য গুৰীত কামং ধ্যায়ন্ধপ্ৰমন্তো ইভ্যানো হ যদস্মৈ স কামঃ সমূধ্যেত যৎকামঃ গুৰীতেতি যৎকামঃ গুৰীতেতি ॥ ১২

অবশেষে তুমি আপন গোত্র বর্ণাদি করে মনে
আপন নামকে স্মরণে আনিয়া পৃজ্ঞিও সে আরাধনে
উচ্চারণেতে করিও না ভুল
ছন্দ ও স্থর হয় সমতুল
কামনা যা করে পৃজা যেই করে সেই তা প্রাপ্ত হয়
সুখ ও স্বাস্থ্য সমৃদ্ধি লভিয়া হয় সেই সুখময়।

#### চতুর্থ থণ্ড

ওমিত্যেতদক্ষরমূদ্গীথমূপাসীতোমিতি ছ্যদ্গায়তি ভস্যোপব্যাখ্যানম্॥ ১

উদগীথ হতে উদিল যে ওম্ তাঁহারে পৃজ্জিতে হবে প্রথমে ওমকে উচ্চারি তবে উদগীথ গাখা গাবে ওম শব্দেতে যত পৃজ্জা হয় বর্ণিব তাহে এতে নিশ্চয় করিব ব্যাখ্যা শুনগো এবার বলিব তা যথাযথ উপাসনা যত গান বিধিমত সবি ওঁকারে রত। দেবা বৈ মৃত্যোবিভ্যভন্ত্রয়ীং বিভাং প্রাবিশংস্তে ছন্দোভিরচ্ছাদায়ন্ যদেভিরচ্ছাদয়ংগুচ্ছন্দসাং ছন্দপুম্॥ ২

> মৃত্যুর পরে দেবতারা সৰ এয়ী রূপে করে কাজ মন্ত্রের দ্বারা আচ্ছাদিয়া সে করিলেন দেহ সাজ মন্ত্রের নাম ছন্দ যে তাই ইহা হতে হল এতে ভুল নাই মন্ত্রের দ্বারা দেহরে ঢাকিয়া করিল রক্ষা তায় ছন্দ মন্ত্রে ওঁকারে শ্বরি তবে উদসীথ গায়।

তাকু তত্র মৃত্যুর্যথা মৎস্থ মুদকে পরিপশ্যেদেবং পর্যপশ্যদৃচি সান্ধি যজুষি। তে কু বিদিত্বোধর্বা ঋচঃ সান্ধো যজুষঃ স্বরমেব প্রাবিশন্॥ ৩

> মংসজীবিয়া মংস যেমন স্বল্প জ্বলেতে হেরে দেবতারা তবে ঋক্ যজু সাম তিনে মৃত্যুরে শ্বরে মন্ত্র সাধ্য কর্মের মাঝে মৃত্যুরে তারা হেরে এক সাজে দেবের ইচ্ছা বুঝি মন্ত্রেরা তাহারো উর্দ্ধে ওঠে স্বর শব্দ বাচ্য অক্ষরে পশিয়া উঠিল তথন ফুটে।

যদা বা ঋচমাপ্রোভ্যোমিভ্যেবাভিস্বরভ্যেবং সামৈবং যজুরেষ উ স্বরো যদেভদক্ষরমেভদমু ভমভয়ং তৎ প্রবিশ্য দেবা অমৃতা অভয়া অভবন্ ॥ ৪

যথনই যে কেহ ঋকে আয়ত্তি দেবতার পৃচ্চা করে
তথনই ওঁমকে সাদরে বলিয়া তবে যে তাহাকে শ্মরে
সাম মন্ত্র ও জেনো এই মত
যজু মন্ত্রেরও জেনো এই পথ
এই অক্ষরে স্বর ও অমর অভয় মন্ত্র এই
ইহাতে প্রবেশি দেবতা অমর জেন তাহে ভুল নেই।

স য এতদেবং বিদ্বান্ অক্ষরং প্রণোত্যেতদেবাক্ষরং স্বরমমূতমভয়ং প্রবিশতি তং প্রবিশ্য যদমূতা দেবাস্তদমূতে। ভবতি ॥ ৫

> ওম শব্দরে মনেতে জানিয়া যেই জন পূজা করে স্বর শব্দের অমর অভয় পদ সেই লাভ করে এই ছুই পদে করিয়া প্রবেশ ছঃখ মৃত্যু হয় তার শেষ দেবতার মত অমৃত লভিয়া অমর সেজন হয় শাস্তের কথা সত্য জানিও মনে প্রাণে নিশ্চয়।

#### পঞ্চম খণ্ড

অথ খলু য উদ্গীথঃ স প্রণবো যঃ প্রণবঃ স উদ্গীথ ইভ্যেসী বা আদিভ্য উদ্গীথ এষ প্রণব ওমিভি ছেষ স্বরমেডি॥ ১

এর পর জেন উদগীথ যাহা প্রণব ও তাহাই হয়
আদিত্য রূপে উজলি আকাশ সকলি প্রণব ময়
ওম শব্দেরে বলিয়া তপন
আকাশ উপরে করেন ভ্রমণ
ওঁকার রূপে উদগীথ জেনো প্রণব রূপেও তাই
সূধ্য রূপেতে আঁধার বিনাশী দেখো সেই জন ভাই।

এতমু এবাহমভ্যগাসিষং ভস্মান্মম ত্বমেকোইসীতি হ কোষীতকিঃ পুত্রমূবাচ রক্ষ্মীংস্কং পর্যাবর্তমাদ, বহুবো বৈ তে ভবিশ্বস্তাভ্যধিদৈবভম্॥ ২

পুরাকালে ঋষি কৌষিতকি সে নিজ পুত্রকে কয় এঁর উদ্দেশ্যে গাহি আমি গান এক পুত্র সে হয় তাই তুমি মোর একই তন্য় এক ওঁকারে পুঞ্চি লাভ ভয় বহু রশ্মির কিরণে সূর্য্য মণ্ডিত যেই মত সেরপে গাহিলে উদগীথ গাহি লভিবে পুত্র তত। অথাধ্যাত্ম য এবায়ং মুখ্যঃ প্রাণস্তমুদ্নীথ মুপাসীতো

মিতি হোষ স্বয়েতি॥ ৩

ইহার পরেতে শরীর বিষয়ে বলিলেন উপাসনা মুখ্য প্রাণের উদগীথ গাহি করিবে যে সারাধনা ওম উচ্চারি প্রাণ এই দেহে করি বিচরণ তবে জেনো রহে মুখ্য প্রাণেই বাগাদি সকলে বলেন করিতে কাজ মৃমুষ্ জনে আদেশিতে নারে স্তদ্ধ সকল কাজ। এতমু এবাহমভ্যগাসিষং ভস্মান্তম হমেকোইসীভি হ কৈষাভকিঃ পুত্রমুবাচ প্রাণাংস্থং ভূমানমভিগায়ভাদ্ বছবে। বৈ মে ভবিয়ান্ত্ৰীতি ॥ ৪

কৌষীতকি তবে নিজ পুত্রকে বলিলেন বাছা শোন মুখ্য প্রাণের করি বন্দনা-করিলাম আমি গান তার ফলে তুমি একই জনয় এক ছাড়া হুই কখনও ত নয় বহু পুত্রের কামনা করিক্সা গাহি উদগীণ গান পূজিও জানিও নানা ইন্সিয়ে প্রাণই বিভ্যান।

অথ খলু উদ্নী যঃ স প্রণবো য প্রণবঃ স উদগীধ ইতি হোতৃষদনাদ্ধেবাপি তুরুদগীতমনুসমাহরতীত্যসূ সমাহরতীতি ॥ ৫

যাহা উদগীথ তাহাই প্রণব রূপেতে বিভ্যমান গায়কের যদি এ সার সত্যে রহে নিশ্চয় জ্ঞান তবে যদি তার গানে ক্রটি হয় দোষ মুক্ত সে হয় নিশ্চয় ঐ জ্ঞান বলে হোতার সকল কর্মেতে লভে ফল ওঁকার আর প্রণবে জ্ঞানিলে সব হয় সমতল।

### যন্ত্র খণ্ড

ইয়নেবর্গন্তি: সাম তদেওস্থামূচ্যধূঢ়ং সাম জমাদৃচ্যধূঢ়ং সাম গীয়ত ইয়নেব সা অগ্নিরমস্তৎ সাম॥ ১

পৃথিবীই জেনো ঝক ও সামেতে আধার আথেয় রূপে
পৃথিবী জ্রীরূপে পুরুষে অগ্নি বাস করে চুপে চুপে
ছন্দো বন্ধ মন্ত্র সকল
ঝক সামরূপে গাহি অবিরল
সংস্থারেতে পৃথিবী দৃষ্টি অগ্নি দৃষ্টি হয়
ঝক ও অগ্নি সামরূপ ধরি পৃথিবীর মাঝে রয়।

অন্তরিক্ষমেবর্গ, বায়ুঃ সাম তদেতস্তামৃচ্যগুড়ং সাম তম্মাদৃচ্যগুড়ং সাম গীয়তেইন্তরিক্ষমেব সা বায়ুরমন্তৎ সাম ॥ ২

আকাশ ঋকেতে বায়ুরূপে সাম আকাশ মাঝেতে রয়
তাইতো ঋকেতে অধিষ্ঠিত সে সাম হয় গীতময়
সহজ্ব নহে তো একথা সকল
আকাশেতে বায়ু বহে অবিরল
ছয়েতে মিলিয়া সাম গান দেখো দিকে দিকে দিকময়
গগন ভরিয়া ভুবন প্লাবিয়া ছন্দে মথিয়া বয়।

জৌরেবর্গাদিত্যঃ সাম ওদেওস্যামূচ্যধ্যুচ্ং সাম ওম্মাদৃচ্যধ্যুচ্ং সাম গীয়তে জৌরেব সাদিত্যোইমস্তব সাম॥ ৩

> হ্যলোক ঋক ও সূর্য্য সামেতে আপনি প্রকাশময় তপন রূপেতে উজ্বলি স্বরগ আপনি প্রকাশ হয় সা রূপে স্বরগ সূর্য্যই অম উদিত হইয়া কাটে সবতম এইরূপে সাম শব্দ বাচ্য বুঝে যত জ্ঞানী জন স্বরগ ঋকেতে সূর্য্য সামেতে এভাবে প্রকাশ হন।

ৰক্ষত্ৰাণ্যে বাৰ্ক্ চন্দ্ৰমাঃ সাম তদে ৬স্যামূচ্যধ্যুঢ়ং সাম গীয়তে ৰক্ষত্ৰাণ্যেৰ সা চন্দ্ৰমা অমন্তৎ সাম॥ ৪

তারকা রাজিই ঋক রূপে সাজি চন্দ্রম। সামে রয় এই জন্মই ঋকেতে থাকিয়া সাম গান গীত হয় তারকা সকল সা রূপেতে রয় চন্দ্রমা অম রূপে প্রকাশয় এইরূপে জেন সাম শব্দের বর্চন প্রচার হয় তারকা সকল ঋতে গ্রন্থিত চন্দ্রমা সামে রয়। অথ যদেতদাদিত্যস্ত শুক্লং ভাঃ সৈবর্গথ যন্নীলং পরঃ কৃষ্ণং তৎসাম তদেতদেতস্থামূচ্যধুঢ়েং সাম তম্মাদৃচ্যধুঢ়েং সাম গীয়তে॥ ৫

সূর্য্যের এই শুত্র দীপ্তি ঋক রূপে জেন রয়
অতি নীল যেই কৃষ্ণ আভাসে তাহা জেনো সামময়
শুত্র কিরণে ঋক যেই মত
কৃষ্ণ কিরণে সামও সেইমত
এই কারণেতে ঋকেতে থাকিয়া সাম গীত গাওয়া হয়
সাদা ও কালোয় মিশে যেই আলো সামরূপে তাহা রয়।

অথ যদেবৈত্তদাদিত্যস্য শুক্লং ভাঃ সৈব সাথথ যন্ত্ৰীলং পরঃ কষ্ণং তদমন্তৎ সামাথ য এষোহস্তরাদিত্যে হিরন্ময় পুরুষো দৃশ্যতে হিরণ্যশাশ্রুঃহিরণ্যকেশ আপ্রণশাৎ সর্ব এব স্থবর্বঃ॥ ৬

সূর্য্যের মত শ্বেত আভা যাহা সা রূপে জ্বানিও তায়
অতিশয় নীল কালো রূপ ধরি অম তাহে শোভা পায়
সূর্যের এই মণ্ডল মাঝে
স্বর্ণ প্রতিম যে পুরুষ রাজে
শাশ্রু ও কেশ স্বর্ণ যার সবি উজ্জ্বনময়
নথাগ্র হতে সোনার বরণ শাস্ত্রেতে যেন কয়।

তম্ম যথা কপ্যাসং পুশুরীকমের মক্ষিণী তম্মোদিতি নাম স এষ সর্বেক্যঃ পাপ্নভ্য উদিত উদেতি হবৈ সর্বেভ্য পাপ্নভ্যো য এবং বেদ॥ ৭

> শাখামূগদের পুচ্ছের নীচে রক্তিম আভা মত রক্ত পদ্ম সম যাঁর আঁখি উজ্জ্বল সেই মত পাপের উর্দ্ধে রহি যেই জ্বন দেবরূপে পূজা করেন গ্রহণ তাঁহারে যে জ্বানে পাপ হতে দূরে সেই স্থা জ্বন রয় তাঁহার মহিমা জ্বানে যেই জ্বন সেই জ্বন তাঁকে পায়।

ভস্তর্ক, চ সাম চ গোঞো ভন্মাত্রদ্গীথন্তমাত্ত্বেবোদ্গাবৈজন্ত হি গাভা স এষ যে চামুম্মাৎ পরাঞো লোকান্তেষাং চেপ্টে দেবকামানাং চেভ্যধিদৈবভ্য। ৮

শ্বক সাম তার হুটি অধ্যায় হুইটি পর্ব জেনো
উৎনাম ধারী ব্রহ্মা বলিয়া উদগীথে তারে মেনো
পৃথিবী আগুন হুই রূপধরি
শ্বক সাম রূপে রূপ পরিহরি
উদগীথ গাথা গাহি সকলেরে শাসন ধারণ করে
দেবতা গণেরও অভীষ্ট বলি জ্ঞানী জ্বন তাকে শ্বরে।

#### সপ্তম থণ্ড

অথাধ্যাত্মম্ বাগেবর্ক্ প্রাণঃ সাম তদেওস্যাম্ব্যুদ্ ওস্মাদ্ব্যুদ্ সাম গীয়তে। বাগেব সা প্রাণেখিমন্তৎ সাম । ১

বাক প্রাণ রূপে ভ্রাণ ইন্দ্রিয়ে সাম রূপ সবে বলে
তাই ভ্রাণরূপী সাম বাগ ইন্দ্রিয় ঋকে চলে
ঋকেতে থাকিয়া সামগীত হয়
বাক সা ও ভ্রাণ অম্ নিশ্চয়
এইরূপে বাক্ ও ভ্রাণ দোহে মিলে সামে পরিণত হয়
শাস্তের কথা নহে অক্সথা জেন সবে নিশ্চয়।

চক্ষুরেবর্গান্থা সাম তদেভস্থামূচ্যধাূঢ়ং সাম ভস্মাদৃচ্যধাূঢ়ং সাম গীয়তে। চক্ষুরেব সান্ধাইমস্তৎ সাম॥২

> চক্ষ্ই ঋকে প্রতিবিশ্বিত চোখে দেহ ছায়া সাম চক্ষুরূপী র্সে ঋকেতে থাকিয়া যুক্ত যে তুই নাম ঋকেতে থাকিয়া সাম গীত হয় চক্ষুই সা ও ছায়া অম ময়

এইরপে চোধ ও ছায়ার মিলনে সাম গান তবে হয়
চক্ষুতে ঋক ছায়া মাঝে সাম থাকে জেন নিশ্চয়।
শ্রোত্তমেবর্জনঃ সাম ভদেতস্থামূচ্যধ্যুঢ়ং সাম তম্মাদূচ্যধ্যুঢ়ং
সাম গীয়তে। শ্রোত্তমেব সা মনোইমস্তৎ সাম॥ ৩

কর্ণ ও ঋক মন সামরূপে ঋকেতে প্রতিষ্ঠিত এ কারণে সাম গান হয় জেন ঋক থেকে উত্থিত কর্ণই সা ও অম রূপে মন সাম শক্ষের হইল স্কুন

শ্রবণের রূপে ঋক বিরাজিছে সাম রূপে নিজে মন কর্ণ ও মনে সাম শব্দের বাচ্য এভাবে হন।

অথ যদেওদক্ষঃ শুক্রং ভাঃ সৈবর্গথ যদ্মীলং পরঃ কৃষ্ণং তৎ সাম তদেওস্থামূচ্যধূাঢ়ং সাম তত্মাদূচ্যধূাঢ়ং সাম গায়তে। অথ যদেবৈভদক্ষ্ণঃ শুক্লং ভাঃ সৈব সাইথ যদ্মীলং পরঃ কৃষ্ণং তদমন্তৎ সাম॥ ৪

নয়নের মাঝে শুল্র দীপ্তি রূপে জেন ঝক রয়
অতিশয় নীল কৃষ্ণ রূপেতে সাম সেথা বিরাজ্য
শুল্র ললাটে কালো টিপ সম
ঝকের মাঝেতে সাম মনোরম
নয়নের এই শুল্র জ্যোতিরে ঝক বলে জেনে নিও
অতিশয় নীল কৃষ্ণ বিন্দু অম নাম তার দিও।

অথ য এমোইস্করিলি পুরুষো দৃশ্যতে নৈবর্ক তৎসামতত্ত্বং তদ্ যজুস্তদ্ত্রকা তহৈয়ত্ত তদেব রূপং যদমুশ্য রূপং যাবমুশ্য গেফে তে। গেফে যদ্মাম ভদ্ধাম॥ ৫

নয়নের মাঝে এই যে পুরুষ দেন তবে দরশন
ইনি ঋক সাম উকথ ও যজু ও তিন বেদ ইনি হন
আদিত্য মাঝে পুরুষ রূপেযে
নয়নের মাঝে সেই জনই রাজে
তাহারও তুইটি অধ্যায় মত এর ও পর্ব তুই
একনামে দোঁহে এক প্রাণ দোঁহে কোনখানে ভেদ নাই।

য এষ যে হৈতস্মাদর্বাক্ষা লোকান্তেষাং চেন্টে মন্তুয়কামানাক্ষেতি
তদ্ য ইমে বাণায়াং গায়ক্ট্যেতং ে গায়ত্তি তম্মাতে ধনসনয়ঃ॥ ৬

আত্মা হইতে উদ্ভূত হয়ে অধে। দিকে যেই যায়
আক্ষি পুরুষ কুপায় তাহার। যার যা প্রাপ্য পায়
আত্রএব তারা করি বীণাগান
ইহারই সকলে করে গুণগান
ঈশ্বর নাম করিয়া তাহারা ধনপতি সবে হন
হরিনাম সার এই ত্রিভুবনে তাতে রত হয়ে রন।

অথ য এডদেবং বিশ্বান্ সাম গায়ত্যুতে স গায়তি সোইমুনৈব স এষ যে চামুম্বাৎ পরাঞো লোকান্তাংশ্চাপ্রোতি দেবকামাংশ্চ॥ ৭

উদগীথ দেবে স্বরূপে জানিয়া যেই সাম গান করে

আক্ষি পুরুষ ও আদিত্য দেব উভয়েরে গানে স্মরে

কুয়ের সাথেতে মিলিত হইয়া 
আদিত্য হতে উর্দ্ধে উঠিয়া

যে সকল লোক আছে প্রসারিত তাহাই প্রাপ্ত হন

দেবতা দিগের ও কামনীয় যাহা পান সেই অতুলন।

অথানেনৈব যে চৈ সন্মাদর্বাঞ্চো লোকান্তাংশ্চাপ্রোতি মনুষ্য কামাংশ্চ জন্মান্ত হৈবংবিদ্পুগাতা ক্রেয়াৎ ॥ ৮

কার্য্য কারক থেজন তাহারে বলিও তথ্য কথা

অক্ষি পুরুষে প্রাপ্ত হইয়া নীচে যার প্রসারতা

কাম্য যা কিছু প্রাপ্ত হইবে

যজ্ঞ সাধক ইংাই কহিবে
জ্ঞানবান জনমনে জানে এই শ্রেয় ও প্রেয়র ভেদ
প্রেয়রে চাহিয়া প্রেয়রে না চায় ভারি রয় মনে খেদ।

কংতে কামমাগায়ানীত্যেষ ছেব কামাগানস্তেষ্টে য এবং বিধান্ সাম গায়তি সাম গায়তি ॥ ৯

যাজ্ঞিক জন শুধান তথন নিজ যজমানে তবে
বৃঝিয়াছ তৃমি তৃই ফলাফল বল কি চাহিব এবে
দেবেরে তুষেছ গাহি সামগান
বলকি কামনা চাহে তব প্রাণ।
অভিষ্ট যাহা পাবে নিশ্চয় চাহ যা কামনা ভাই
স্বাকার যেই কামনার ধন ক'জন ভাঁহার চাই।

#### অপ্তম খণ্ড

ত্রয়ো হোদ্গীথে কুশলা বস্তুবুঃ শিলকঃ শালাবভ্যদৈচকিতায়ণো দাল্ভ্যঃ প্রবাহণো জৈবলিরিভি ভে হোচুরুদ্গীথে বৈ কুশলাঃ স্মোঃ হস্তোদ্গীথে কথাং বদাম ইভি॥ ১

শলাবং পুত্র শিলক সাথেতে দালেভ্য গোত্রীয় জন চৈকিভায়ণও জীবল তনয় নাম যার প্রবাহন উদগীথ জ্ঞানে জ্ঞানী তিনজ্ঞন পরস্পরেরে কহেন তথন উদগীথ জ্ঞানে নিপুণ বলিয়া প্রসিদ্ধি লাভ করে তবু তিন জ্ঞন বিচারি তাহাই কহেন পরস্পরে।

তথেতি হ সমুপবিবিশুঃ স হ প্রবাহনো জৈবলিরুবাচ ভগবস্তাবতো বদভাং ব্রাহ্মণয়োর্বদভোর্বাচং প্রোক্তামীতি॥ ২

তথাস্ত বলি তিনজনে তবে বসিল পরস্পরে
রাজা প্রবাহন জৈবিলি তবে কহিলেন তার পরে
তোমরা উভয়ে করহ বিচার
বলিব না কথা মাঝে আমি তার
ব্যাহ্মণ দোঁহে আলোচিবে যাহা শুনিব গো দিয়ে মন
তোমরা তুজনে করহ বিচার উদগীথ আলাপন।

স হ শিলকঃ শালাবভ্যদৈচকিতায়নং দাল্ভ্যমুবাচ হন্ত ত্বা পৃচ্ছানীতি পৃচ্ছেতি হোবাচ॥ ৩

শিলক পুত্র শালাবত্য সে আপনি তখন কন
দালভা গোত্র ধারী সেই জন চৈকিতায়ন যে হন
অনুমতি যদি দাও গো আমায়
প্রশ্ন করিব যাহা জানা যায়

শালক্য কন করহে প্রশ্ন যাহা আছে জানিবার ছুৰ্জ্জের যাহা হয়গো সহজ বলিলে বারংবার।

কা সাম্বো গতিরিতি স্বর ইতি হোবাচ স্বরস্থ কা গতিরিতি প্রাণ ইতি হোবাচ প্রাণস্থ কা গতিরিত্যন্ধমিতি হোবাচান্নস্থ কা গতিরিত্যাপ ইতি হোবাচ॥ ৪

শিলক কহিল সামের কি গতি ? দালভ্য কহেন স্বর শিলক কহিল স্বরের কি গতি ? প্রাণ দেন উত্তর

প্রাণের কোথায় আপ্রয় স্থান দালভা কহে অন্নেতে প্রাণ

শিলক কহে যে অন্ন কাহারে করে তবে আশ্রয় দালভা কন অন্নের স্থিতি জলে জেন নিশ্চয়।

অপাং কা গতিরিভ্যসোঁ লোক ইভি হোবাচামূয় লোকস্থ কা গভিরিতি ন স্বর্গং লোকমভিনয়েদিভি হোবাচ স্বর্গং বয়ং লোকং সামভিসংস্থাপয়ামঃ স্বর্গসংস্তাবং হি সামেভি॥ ৫

শিলক তথন পুনঃ জিজ্ঞাসে জ্বল কোথা স্থিতি পায় দালভ্য কন স্বরণের মাঝে জ্বলের স্থিতি যে হয়

তাই ত সামেরে স্বরগ হইতে
কেহ নাহি পারে কোথা লয়ে যেতে
অতএব মোরা সামকে স্বরগে বিরাজিত বলে জানি
স্বরগ বলিয়া সামে বন্দিয়া জানাই প্রণাম খানি!

তং হ শিলকঃ শালাব হ্যকৈচকিতায়ণং দাল্ভ্যমুবাচাপ্রতিষ্ঠিতং বৈ কিল তে দাল্ভ্য সাম যন্ত্রেভর্হি ক্রয়ামূর্ধান্তে বিপতিয়াভীতি মুর্ধান্তে বিপতেদিতি। ৬

শিলক তখন কহে দালভ্য মিমাংসা নাহি হল
সাম আপনার তবু জেন মনে অপ্রতিষ্ঠিত রয়ে গেল।
প্রতিষ্ঠা লভি অভিজ্ঞ জন
যদি কেহ তবে কহেন তখন
মস্তক তব পড়িবে খসিয়া তখন তাহাই হবে
সভ্যই জেন মস্তক তবে স্কন্ধ চ্যুতই হবে
এখানে অর্থ আরও সরল করিয়া বলিব শোন
সাধুজন কভু হেন শাপ কারে দেন না কখনও জেন
মিথ্যা বলিলে কত পাপ হয়
বুঝাইতে তাহা জেন নিশ্চয়
উপমা হিসাবে বলিলেন কথা করিবারে নির্ণয়
দেশ কাল আর নিমিত্ত ভেদে কর্মের ফল হয়।

হস্তাহমেভদ্ধগৰতো বেদানীতি বিদ্ধীতি হোবাচামুম্ম লোকস্ম ক। গতিরিভ্যায়ং লোক ইতি হোবাচাস্ম লোকস্ম কা গতিরিতি ন প্রতিষ্ঠাং লোকমত্তিনয়েদিতি হোবাচ প্রতিষ্ঠাং বয়ং লোকং সামাভি সংস্থাপয়ামঃ প্রতিষ্ঠাসংস্থাবং হি সামেতি॥ ৭

দালভা কহে অমুমতি পেলে আপনার কাছে জানি
শালবত্য সে কহেন তখন বলিব যা আমি জানি
দালভ্য কহে, কি সে আপ্রয়
এ লোকের তাহ। কহ নিশ্চয়
শালবতা সে কহেন পৃথিবী সামের বাসস্থান
পৃথিবী হইতে সরাতে সামেরে না পারেন হয় জ্ঞান।

তং হ প্রবাহণো জৈবলিরুবাচান্তবদ্বৈ কিল তে শালাবত্য সাম যন্ত্তেতর্হি ক্রেয়ান্মূর্ধা তে বিপতিয়াতীতি মুর্ধা তে বিপত্তেদিতি হস্তাইমেতদ্ ভগবতো বেদানীতি বিদ্ধীতি হোবাচ ॥৮

শালবত্যকে কহিলেন তবে জৈবিলি প্রবাহন
আপনার সাম অবশ্য তাহা অনস্ত কভু নন
প্রতিষ্ঠাভিজ যদি কোনজন
মস্তক তবে হইবে পতন
কহিলে একথা সত্যই তার মুগু পতিত হবে
আপনার কাছে জানিবার সাধ বিস্তারি মোরে কবে ?

#### নবম থণ্ড

অস্ত লোকস্ত কা গভিরিত্যাকাশ ইতি হোবাচ সর্বাণি হ বা ইমানি ভূতাল্যাকাশাদেব সমূৎপঞ্চন্ত আকাশং প্রত্যন্তং যন্ত্যাকাশো তেইবৈভ্যো জ্যায়ানাকাশঃ পরায়ণম ॥১

> শালবত্য সে শুধান তখন এলোকের আগ্রয় ? জৈবলি কন আকাশ, প্রলয়ে আকশেতে লীন হয় জলম আর স্থাবর যা হয় সবি জেন পায় আকাশেতে লয় এই কারণেতে আকাশ জানিও সবার মহত্তর আকাশের মাঝে প্রতিষ্ঠা তার জনমও তেমনিত্র।

স এষ পরে:বরীয়াসুদ্গীথঃ স এষোইনন্তঃ পরোবরীয়ো হাস্য ভবতি পরোবরীয়সো হ লোকাজয়তি য এতদেবং বিদ্বান্ পরোবরীয়াংসমুদ্গীথমুপাত্তে ॥২

> উদগীথ গাথা করি আলোচনা এই কথা জানা গেল অনস্থ সেই পরমে চিনিতে অস্তর আঁথি মেল শ্রেষ্ঠ হইতে শ্রেষ্ঠ যে জন তারি উপাসনা কর দিয়ে মন এরূপে পৃজিলে ক্রমশঃ লভিবে জনম শ্রেষ্ঠতম সর্বলোকের জয় করি তবে জানিবে পরমতম।

তং হৈতমতিধন্বা শৌনক উদরশান্তিল্যাক্যোক্ত্যোবাচ যাবন্ত এনং প্রজায়ামুদ্যীথং বেদিয়ন্তে পরোবরীরো হৈভ্যন্তাবদন্মিরোকো জীবনং ভবিয়তি ॥৩

অতিধন্বা সে শৌনক ঋষি উদয় শান্তিল্যকে
উদগীথ গাথা দিয়া উপদেশ কহিলেন এই শ্লোকে
যেথায় তোমার যত সন্তান
থাকিলে তাদের উদগীথ জ্ঞান
ইহলোকে তারা থাকিবে স্থাতে জীবন শ্রেষ্ঠতম
সাধারণ হতে হবে তারা বড় জানিও হে স্লেহতম।

ভথাই মুশ্মি ল্লোকে লোক ইভি সযএতদেবং বিশ্বান্সপাত্তে পরোবরীয় এব হাস্যান্মি ল্লোকে জীবনং ভবভি তথাইমুশ্মি ল্লোকে লোক ইভি লোকে লোক ইভি ॥৪

পরলোকে তারা লভিবে পরমে মনে জেন নিশ্চয়
উদগীথ জ্ঞান লভে যেই জ্পন সবা মাঝে লভে জয়
ইহলোক তার হয় স্থাথ ভরা
পরলোকে লভে চির মনোহরা
পরম শ্রেয়রে লভি মনে প্রাণে হয় তাহে তন্ময়
উদগীথ জ্ঞান লভে যে জীবনে হয় জেনো তার জয়।

#### দশম থণ্ড

মটচীইতেষু কুরুম্বাটিক্যা সহ জায়য়োষন্তির্ছ চাক্রায়ণ ইত্যপ্রামে প্রজাণক উবাস ॥১

শিলাগৃষ্টিতে কুরুদেশে যবে শস্ত নষ্ট হল
চক্রতনয় উষস্তি তবে অনেক তৃঃখ পেল
গ্রাম ছেড়ে শিশু বধু লয়ে যায়
মাহুতদের কাছে চেয়ে আশ্রয়
তাদের কাছেতে থাকেন তৃজনে ছেড়ে আপনার গ্রাম
চক্র তনয় বলে পরিচিত উষস্তি যার নাম।

স হেভ্যং কুঝাষান্ খাদন্তং বিভিক্ষে ডং হোবাচ নেভোইন্সে বিশ্বস্থে যচচ যে ম ইম উপনিহিত। ইতি ॥২

ধারাপ মাংস ভক্ষণে রত মাহুতের কাছে গিয়ে
চক্র তনয় ভিক্ষা চাহিল তাহারি অংশ চেয়ে
মাহুত কহিল পাত্রেতে এই
আছে যে মাংস তাহা ছাড়া নেই
কি দিব তোমায় না পাই ব্ঝিয়া খাও যদি মন চায়।
ছঃথের দিনে বিচারের তার নাহি যে উপায় হায়।

এতেষাং মে দেহীতি হোবাচ তনেশ্রৈ প্রদদে হন্তানুপানমিত্যু-চ্ছিষ্ঠং বৈ মেপীতং স্যাদিতি হোবাচ ॥৩

উষস্তি বলে দাও এইগুলি ইহাই লইব আমি
মাহত বলিল পীত অবশেষ জ্বল লও হেথা নামি
উষস্তি কহে নাহি প্রয়োজন
ওই জ্বল ভাই নোবনা এখন
এঁটো জ্বল খেয়ে কিবা কাজ বলো মাংসই শুধু দাও।
পীত অবশেষ ও পানীয় জ্বল মাহত বলে তা নাও।

ন স্বিদেতে২পুঞ্ছিপ্তা ইতি ন বা অজীবিয়ামিমানখাদন্ধিতি হোবাচা কামো ম উদপানমিতি ॥৪

> মান্তত বলিল মাংসও এঁটো তাহা তবে নিলে কেন ? উষস্তি কয় মাংস না থেলে প্রাণ বাহিরিবে জ্বেন পানীয় জ্বলতো-আরো পেতে পারি তাই নাহি লই কহি যে বিচারী আহার না পেলে দেহ ছাড়ে প্রাণ তাই সেধা নিরুপায় আপদ ধর্ম বলি এই কথা শাস্ত্রেতে জ্বেন গায়।

স হ খদিত্বাইতিশেষাঞ্চায়ায়া আজহার। সাইগ্র এব স্থভিক্ষা বস্তুব তান্ প্রতিগৃহ্যনিদধৌ ॥৫

> আপনি আহরি বাকি মাংসটি পত্নীর তরে লয় তাহার আগেতে স্থভিক্ষা লভি পত্নী রাথিয়া দেয়।

স হ প্রাতঃ সঞ্জিহান উবাচ যদবতাল্লস্য লভেমহি লভেমহি ধনমাত্রাং রাজাৎসৌ যক্ষ্যতে স মা সবৈ রাজিল্যৈর গীতেতি ॥৬

উবস্তি তবে প্রত্যুষ কালে শয্যা তেয়াগ করি কন নিজ মনে মিলিলে অন্ন যজে গমন করি রাজার যজে ঋত্বিক হলে কত ধন লাভ হত অবহেলে এই কথা বলি বলে উবস্তি অন্ন কোধায় পাই মিলিলে অন্ন ভক্ষণ করি রাজার কাছেতে যাই।

তং জায়োবাচ হন্ত পত ইম এব কুক্সাধা ইতি তান্ ঋদিত্বাইমুং যজ্ঞং বিভতনেয়ায় ॥৭

> পদ্মী কহিল তাই যদি হয় শুন তবে মোর কথা কালকে দিলে যে মাংস আনিয়া আজ্বও রয়েছে তথা ঐগুলি তুমি আহার করিয়া রাজার কাছেতে যাওগো চলিয়া উষস্তি তবে স্ত্রীর কথামত মাংস আহার করে যজ্ঞের স্থানে করেন গমন মনে শত আশা ভরে।

## ভত্তোদ্গাভ্নান্তাবে স্থোক্সমানান্তপোপবিবেশ স হ প্রস্তোভারমুবাচ ॥৮

সেখানে সকল উদগাতাদের দেখেন প্রাক্তান্তরে
স্থবভূমি পরে স্তব পাঠ করে তাহারা মধুর স্বরে
তাহাদের কাছে বসিয়া তখন
কহেন তখন মধুর বচন
প্রস্তাব পাঠ করে যেইজন তাহারে তখন কন
বলি যেই কথা ওগো মহাশয় শোন তুমি দিয়া মন।

প্রস্তোতর্যা দেবতা প্রস্তাবমন্বায়ত্তা তাঞ্চেদবিদান্ প্রস্তোয়াসি মুর্ধ তে বিপতিয়তীতি ॥৯

প্রস্তাব পাঠ করিছ যে জন সে জন কি তারে জানে ?
সাম ভক্তিতে অনুগত যেই দেবতা তার কি মানে
তাহা না জানিয়া যদি কোন জন
প্রস্তাব পাঠ করে অকারণ
তথন তাহার দেহ হতে জেন মস্তকচ্যুত হয়
শাস্তের কথা কর্মফলেরে আগে জান নিশ্চয়।

এবমেবোদ্গাভারমুবাচোদ্গাভার্যা দেবভোদ্গীথমন্বায়ন্তা ভাঞ্চেদ-বিদ্বাস্থদ্গাস্যসি মুর্ধা ডে বিপতিষ্যভীতি ॥১০

ঠিক এই কথা উদগাতাকেও উষস্থি বলে তবে
এই উদগীথে আছে যে দেবতা তাঁহারে জ্বানিয়া লবে
তাঁরে না জ্বানিয়া উদগীথ গান
করে যেইজন নাহি তার ত্রাণ
তথন তাহার দেহ হতে জ্বেন মস্তক চ্যুত হয়
শাস্তের কথা কার্য্য কারণে আগে জ্বান নিশ্চয়।

এবনেব প্রতিহর্তারমুবাচ প্রতিহর্ত্ব। দেবত। প্রতিহারমম্বায়ন্তা তাঞ্চেদবিদ্বান্ প্রতিহরিষ্যাসি মূর্ধা তে বিপতিষ্যতীতি তে হ সমারতান্তু ফীমাসাঞ্চক্রিরে ॥১১

সাম ভক্তির পাঠকে তথন উষস্তি পুন: কয়
ইহার মাঝেতে আছে যে দেবতা জ্ঞান তারে নিশ্চয়
তারে না জ্ঞানিয়া যদি করে। পাঠ
তবে জ্ঞেন তব হইবে নিপাত
প্রতিহার পাঠ বিফল হইলে মুগু পাত যে হবে
তথন তাহারা নীরব হইয়া স্থির হয়ে বসে সবে।

#### একাদশ খণ্ড

অথ হৈনং যক্তমান উবাচ ভগবন্তং বা অহং বিবিদিধানীভ্যুযন্তি রশ্মি চাক্রায়ন ইতি হোবাচ ॥১

যজ্বমান কন উষস্তি প্রতি বিনয় মধুর স্বরে
দেহ মোরে তব নিজ পরিচয় তুমি প্রভু দয়। করে
উষস্তি তবে কহেন তথম
দিই পরিচয় শুন দিয়া মন
চক্র তনয় উষস্তি আমি এই মোর পরিচয়
কুরু দেশ হতে মোর আগমণ জেন তুমি নিশ্চয়।

স হোবাচ ভগৰন্তং বা অহমেভিঃ সবৈ রাত্বিজ্যঃ পর্বৈষিষং ভগৰভো বা অহমবিক্যাইক্সানর্ষি॥ ২

যজ্ঞমান কন যজ্ঞের তরে তোমারেই আমি চাই
আয়েষণেতে বিফল হয়েছি খোঁজ তব মেলে নাই
না পেয়ে তোমায় ডেকেছি এদের
দয়া করে যদি ভার নাও এর
ঋত্তিক কাজে তোমারে বরণ করিবারে মোর সাধ
লও ভার তুমি মিলিবে তাহলে দেবের আশীর্বাদ।
তত্ত্বের মে সবৈরাত্তি বৈজ্ঞারিতি তথেত্যথ তর্হ্যেত এব

ভগবাংস্থেব মে সবৈ রাত্বি জ্যৈরিন্ডি তথেত্যথ তর্হ্যেত এব সমতিস্প্তাঃ স্থবতাং যাবস্থেত্যো ধনং দভান্তাবন্ধম দভা ইতি তথেতি হ যক্ষমান উবাচ।। ৩

কন যজমান ঋষিক পদে তোমারে বরণ করি
দয়া করে তুমি লও এর ভার আপনার হাতে ধরি
উষস্তি তবে কহেন বচন
তথাস্ত বলে রাজি তিনি হন
বলেন আমার অদেশ মানিয়া এরা যেন পূজা করে
ইহাদের তুমি দেবে যা অর্থ বল তাই দেবে মোরে।

অধ হৈনং প্রস্তোতোপসসাদ প্রস্তোতর্যা দেবতা প্রস্তাবমন্বায়ন্ত। তাঞ্চেদবিদ্বান প্রস্তোষ্যসি মূর্ধাতে বিপতিষ্যতীতি মা ভগবানবোচৎ কন্তমা সা দেবতেতি ॥ ৪

প্রস্তাব পাঠে রত যেই জন উবস্তি কাছে কয়
বলেছ আপনি দেবেরে না চিনে প্রস্তাব যেই কয়
তাহার মুগু পড়িবে খসিয়া
বল তবে মোরে করি আজ্ব দয়।
কোন সে দেবতা কারে না জানিলে সকল পণ্ড হয়
সেই দেবতার নামটুকু মোরে কহ প্রভু মহাশয়।

প্রাণ ইতি হোবাচ সর্বানি হ বা ইমানি ছুতানি প্রাণমেবাভি সংবিশন্তি প্রাণমভ্যুক্তিহতে সৈধা দেবতা প্রস্তাবমন্বায়তা তাঞ্চেদ-বিদ্বান প্রস্তোধ্যো মুর্ধা তে ব্যপতিষ্যৎ তথোক্তস্য ময়েতি ॥ ৫

উষস্তি কন প্রাণই দেবতা সৃষ্টি প্রলয় মাঝে
এই প্রাণ হতে সবার সৃজন নানা রূপে প্রাণ দাজে
প্রাণ দেবতারে না জ্বানি যে জন
এই প্রস্তাব পাঠে রত হন
ঋতিক রূপে মোর অভিশাপে মস্তক চ্যুত হয়
পরাণ দেবতা প্রস্তাব মাঝে অন্তুগত যেন রয়।

অথ হৈনমুদগাভোপসসাদোদগাভৰ্ষা দেবভোদ্গীথমম্বয়ন্তা ভাঞ্চেদবিদ্বাসুদগাস্যাস মুধ্বিতে বিপতিষ্যতীতি মা ভগবানবোচৎ কতমা সা দেবতেতি॥ ৬

> উদগাথা তবে উষস্তি তরে কহে সবিনয় বাণী বলেছ আপনি "উদগীথ" রূপে যেজন তারে না জ্বানি উদগীথ গান করে যেইজন মস্তক তার খসিবে তথন কে সেই দেবতা বুঝাইয়া তুমি কং মোরে মহাশয় কি নামে সেজন উদগীথে রয় কেমন সেজন হয় !

আদিত্য ইতি হোবাচ সর্বানি হ বা ইমানি ভূতল্যাদিত্যমূকৈ: সন্তং গায়ন্তি সৈধা দেবভোদগীথমন্বয়ন্তা ভাঞ্চেদবিশ্বাসুদগাস্যো মূর্ধা ভে ব্যপতিব্যৎ ভথোক্তস্য ময়েতি॥ ৭

উষস্তি কন আদিত্য রূপে পেই জন সবে রয়
সবের উর্দ্ধে বিরাজি সেজন আপন মহিমাময়
উদগীথ গাথা গাহি যেই জন
তাঁহারে অরিয়া যে করে পূজন
তাহারি সে পূজা সার্থক হয় যেজন ইহা না জেনে
গায় উদগীথ মন্তক তার খদে পড়ে সবে জানে।

অথ হৈনং প্রতিইর্জোপসসাদ প্রতিহর্ত্যা দেবতা প্রতিহারমধায়ন্ত। তাঞ্চেদবিধান্ প্রতিহরিষ্যসি মুর্ধা তে বিপতিষ্যতীতি মা ভগবান বোচৎ ক্তম। সা দেবতেতি ॥ ৮

> সাম ভক্তিতে পাঠক যেজন প্রতিহার রূপে রন উষস্তি কাছে বিনয় ভরেতে করে এই নিবেদন প্রতিহার মাঝে অমুগত দেবে না জানিয়া সেই তারে শুধু সেবে ডোমার শাপেতে মস্তক তার দেহ হতে চ্যুত হয় বল তুমি তবে কে সেই দেবতা জানো যদি নিশ্চয়।

অম্প্রমিতি হোবাচ।সর্বানি হ বা ইমানি ভূডাক্সম্মের প্রতিহর— মাণানি জীবন্তি সৈধা দেবতা, প্রতিহার মধায়তা তাঞ্চেদ বিধান-প্রতিহরিষ্যো মুর্ধাতে ব্যপতিষ্যৎ তথোক্তস্য ময়েতি তথোক্তস্য ময়েতি ॥ ১

উষস্তি কন অন্নদেবতা দেখো এই চরাচর
আন্নতে প্রতিপালিত ইইয়া বাঁচিছে অতঃপর
প্রতিহার মাঝে অন্নই রন
জ্ঞানিও হে তুমি শোন দিয়া মন
ইহারে না চেনে যেজন শুধুই প্রতিহার পাঠ করে
ঋতিক রূপে আমার শাপেতে মাথা তার খদে পড়ে।

#### দাদশ খণ্ড

অথাতঃ শৌৰ উদ্গীথস্তত্ম ৰকো দাল্ভ্যো গ্লাবো বা মৈত্ৰেয়ঃ স্বাধ্যায়মূদৰব্ৰাজ ॥ ১

ইহার পরেতে কুকুর দৃষ্ট উদগীথ কথা শোন
অতীত থণ্ডে অন্ন না পেয়ে ছঃখ যা পেলো জানে!
দালভ্য আর মিত্রা তনয়—
বক গ্লাব নামে একই জন রয়
বেদাধ্যয়ন তরে বাহিরায় আপনার গ্রাম হতে
নির্জন এক জলাশ্য ধারে উপনীত সেই পথে

তল্মৈ খা খেতঃ প্রাত্তব ভ্রমন্তে খান উপসমেভ্যোচুরন্ধং নো ভগবানাগায়ত্বনায়াম বা ইতি॥ ১

খেতকায় এক কুকুর তখন দয়া করে দেখা দিলো
তাহার সাথেতে অনেক কুকুর এসে তারে ঘিরে ছিল।
কুকরেরা তবে এক সাথে কয়
খেত কুকুরেরে শুন মহাশয়
গান গাহি তুমি আমাদের তরে অন্ন বিধান করে।
কুধার্ড মোরা গান গেয়ে তুমি মোদের ত্থে হর।
দেবতারা সব বক ঋষি তপে তুষ্ট যখন হয়
প্রধান এবং অধীনে লইয়া সেথা উপনীত হয়
ম্ধ্য প্রাণের অধীন হইয়া
বাকি ইন্দিয় চলে মত নিমা

ন্ধ্য আণের অধান হহয়।
বাকি ইন্দ্রিয় চলে মত নিয়া
তেমনই শ্বেতবর্ণের সেই মুখ্য দেবতা জ্বন
তাহারি অধীনে কুরুর রূপে বাকি দেবতারা র'ন।

তানহোবাচেহৈব মা প্রাতক্ষপসমীয়াতেতি। তদ্ধ বকো দাল্ভ্যো গ্লাবো বা মৈত্রেয়ঃ প্রতিপালয়াঞ্চকার॥ ৩

শ্বেত কুকুরেতে কহিল তথন অপর কুকুর সবে
কাল সকালেতে আসিও হেথায় মোর সনে দেখা হবে।
মিত্রা তনয় বক নামে ঋষি
তাদের তরেই ছিল যেন বসি
দালভ্য নামে ঋষির পুত্র প্লাব নামে খ্যাত জন
তাহার কাছেতে সকলেতে মিলি সমাগত তবে হন।

তে হ যথৈবেদং বহিস্পবমানেন জোষ্যমাণাঃ সংব্রধাঃ সর্পন্তীত্যেবমাসস্পুত্ত হ সমুপবিশ্য হিং চক্রুঃ॥ ৪

> যজে যেমন এই ছয়জন পরস্পরেরে ধরি প্রস্তোতা আর উদগাথা আর অধ্যূর্য প্রতিহরি যজমান আর ব্রহ্মায় মিলে বস্ত্র ধরিয়া একসাথে চলে তেমনি সেথায় খেত কুকুরেরে ঘিরিয়া কুকুর গণ লাকুলে লাকুলে যুক্ত করিয়া হিংকার রব কন।

ও ৩ মদা ৩ মোং ৩ পিবা ৩ মোং ৩ দেবো বরুণ: প্রজাপতিঃ সবিতা ২ ইন্নমিহা ২ হরদন্তপতে ৩ ইন্নমিহা ২ হরা ২ ইরো ৩মিতি॥ ৫

হিংকার রবে তপনের কাছে প্রার্থনা তারা করে
অন্নপতি হে সূর্য্য বলিয়া বন্দনা তার করে
ওমকার রূপে জ্যোতির আধার
ক্ষুধা ও তৃষ্ণা মিটাও সবার
প্রজাদের প্রতি অন্নদানেতে সূর্য্য বিহিত হও
ওম শব্দেতে পৃজেছি তোমায় প্রসন্ন তুমি রও।

#### ब्राप्तम थ्र

অরং বাব লোকো হাউকারো বায়ুহাইকার**শ্চন্দ্র**মা অথকারঃ আত্মেহকারোইগ্রিরীকারঃ ॥ ১

সাম গীত মাঝে স্থোভ নামে জ্বেন অদৃষ্ট গীত হয়
পৃথিবী হাউকার বায়ু হাইকার চন্দ্র অথকার রয়
আত্মায় জ্বেন ইহকারে স্থোভ
অগ্নিতে দী ঈ কারের স্থোভ
সাম গীত মাঝে অবলশ্বন রূপ জ্বেন স্থোভ হয়
পৃথিবী বায়ু ও চন্দ্র অগ্নি দৃষ্টি আরোপ রয়।

আদিত্য উকারো মিহব একারে। বিশ্বদেব। ঔহোয়িকারঃ প্রজাপতিহিংকারঃ প্রাণঃ সরোইয়ং যা বাগ্নিরাট,॥ ২

আদিতো উকার রূপে স্তোভ যেন রয়
আমন্ত্রনে একার দে জানিহ নিশ্চয়
বিশ্বদেবগণ মাঝে উকার রূপেতে
হিংকার রূপেতে রয় প্রকাপতি মাঝে
প্রাণমাঝে স্বর কার রূপে স্থিতি তার
অন্ন মাঝে রূপ ধরে দেজন যা কার
বিরাটের মাঝে বাক রূপে স্তোভ রয়
বর্ণিয়ু স্থোভের কথা যাহা সর্ব্বময়

অনিক্রক্তস্ত্রনাদর্শঃ ক্তোভঃ সঞ্চরো হ্রকারঃ ॥ ৩

অব্যক্ত বিবিধ রূপে স্তোভের সঞ্চার

অয়োদশ স্তোভ মাঝে শ্রেষ্ঠ সে হুকার

কার্য্য ও কারণ ভেদে নানা রূপে রয়

হুকার আরাধ্য ভাতে জানিহ নিশ্চর।

ত্তক্ষেথকৈ বাগ্ দোহং যো বাচে। দোহোইল্লবানলাদো ভ্ৰতি য এতামেবং সালামুপনিষদং বেদোপনিষদং বেদেতি॥ ৪

> যিনি এই স্থোভক্ষর সকল বিষয় বাগরূপ ফল দ্বারা দোহন করয় ইহার দর্শন যেই জ্বানে ভালমতে অন্নশালী অন্নভোজী হন জেন তাতে।

## দিতীয় অধ্যায়

#### প্রথম থণ্ড

ওঁ। সমস্তস্য খলু সাত্র উপাসনং সাধু যৎ খলু সাধু তৎ সামেত্যাচক্ষতে যদসাধু তদসামেতি॥ ১

প্রথমাধ্যায়ে ওঁকার রূপে সাম বর্ণনা করি
সর্বাবয়ব বিশিষ্ট স্তোভে ভকতি ভরেতে শ্মরি
বাহা উত্তম প্রসিদ্ধ বাহা
পণ্ডিতগণে করে জেন তাহা
অবয়ব পূজা নহে নিন্দার, একে যদি বলি ভাল
ভাহার অর্থ ইহা নয় কভু অপর ধারাপ কালে

তর্তাপ্যাতঃ - সাক্ষেনযুপাগাদিতি সাধুনৈনযুপাগাদিত্যেব তদাত্তরসাক্ষেনযুপাগাদিত্য সাধুনৈনযুপাগাদিত্যেব তদাতঃ॥ ২

ভাল ও মন্দ বিচার স্থলেতে সুধীক্ষন সবে কয়
সামের দ্বারাতে সমাগত জন এই জন মহাশয়
সং উদ্দেশে এসেছে এজন
এই কথা সে যে জানে দিয়ে মন
আবার যেজন অসামের দ্বারা আসি উপনীত হয়
জ্ঞানীক্ষন বলে মন্দের তরে এল জানি নিশ্চয়।

অথোডাপ্যাছঃ াম নো বডেতি যৎ সাধু ভবতি সাধু বডেড্যেব তদাহুরসাম নো বডেতি যদসাধু ভবত্যসাধু বডেত্যেব তদাহুঃ॥ ৩

> আবার যথন বলে কোন লোক মোর সাম লাভ হয় জানে সেই জন সামের দ্বারাই প্রকাশ সে শিবময় আবার যথন যদি কোন জন অ-সামে পেয়েছি বলে সেই জন সবে জানে তার অমঙ্গলের স্চনা ইহাতে হয় অসামের দ্বারা নহে পাইবার সেই মঙ্গলময়।

স য এতদেবং বিদ্বান সাধু সামেত্যুপাত্তেইভ্যাশো হ যদেনং সাধবো ধর্মা আ চ গচ্ছেয়ুরুপ চ নমেয়ুঃ॥ ৪

এই কথা জেনে যেই জ্ঞানীজন সাম উপাসনা করে
জানিয়া সামের যত সাধু গুন পরম ভকতি ভরে
সকল ধর্ম আসিয়া ত্তরিত
তাহার কাছেতে হয় উপনীত
সকল ধর্ম লভি সেই জ্ঞানী ভোগা রূপেতে পায়
ভাহার পরেতে লভে সে তাঁহারে জ্ঞানীজন যারে চায়।

### দিতীয়াধ্যায় : দিতীয় খণ্ড

লোকেরু পঞ্চবিধং সমোপসীত পৃথিবী ছিল্কারঃ। অগ্নি প্রস্তাবোইস্ত রিক্ষমুদ্গীথ আদিত্যঃ প্রতিহারো ভোনিধনমিত্যুধের্য রু॥ ১

জ্ঞানীজন সবে এই ভাবে জেন সাম উপাসনা করে
পৃথিবী দৃষ্টি হিংকার আর অগ্নি দৃষ্টি প্রস্তাবরে
গগন দৃষ্টি উদগীথে হয়
সূর্য্য দৃষ্টি প্রতিহারে রয়
ছালোক দৃষ্টি নিধন তরেতে উপাসনা জেনো হয়

হালোক দৃষ্টে নিধন তরেতে ডপাসনা জ্বেনো হয় ইহাই উদ্ধিস্থ লোক দৃষ্টিকে উপাসনা জ্বেনো কয়।

অধারতের জোহিন্ধার আদিত্যঃ প্রস্তাবোইন্তরিক্ষমুদগীথোইগ্নি: প্রতিহারঃ পৃথিবী নিধনম্ ॥ ২

সকল সামের পঞ্চ সামের উপাসনা যেই হয়

হালোক দৃষ্টি হিংকার রূপে জানিও সতত রয়

স্থ্য দৃষ্টি প্রস্তাব রূপে

গগন দৃষ্টি উদগীথে চুপে

অগ্নি দৃষ্টি প্রতিহার মাঝে আপনি আপনাময়

পৃথিবী দৃষ্টি নিধন রূপেতে পৃঞ্জা করে সুধীচয়।
কল্পন্তে হাল্মৈ লোকা উধ্বশিচারতাশ্চ য এতদেবং বিশ্বাক্সেয়ু
পঞ্চবিধং সামোপাত্তে॥ ৩

পঞ্চ রূপেতে সামের মাঝেতে সাধু গুণ যেই জানে
লোক দৃষ্টিতে তারি উপাসনা করে যেই মনে-প্রাণে
উর্জ ও অধােমুখে সেইজন
সব লোক তিনি ভােগে রভ রণ
করু অস্তে ভােগ্য রূপেতে সেইজন জাত হন
পঞ্চ রূপেতে সাম উপাসনা করে যেই সাধুজন।

# দিতীয়াধ্যায় : তৃতীয় খণ্ড

বৃষ্টো পঞ্চবিধং সামোপানীত পুরোবাতো ছিংকারো মেঘো ভায়তে স প্রস্তাবো বর্ষতি স উদ্গীথো বিজ্ঞোততে স্তনয়তি স প্রতিহার: ॥ ১

বৃষ্টি দৃষ্টি অন্ধুসার করি সাম উপাসন। করে।
প্রদিক হতে বহে সেই বায়ু জেনো তারে হিংকারও
মেঘ সঞ্চারে প্রস্তাব হয়
উদগীথ গাথা বর্ষণময়
বিহুতে মাঝে মেঘগর্জনে প্রতিহার তবে সাজে
বৃষ্টির শেষ নিধন রূপেতে সকল লোকেতে রাজে।

উদগৃহ্ণাতি ভন্নিধনং বর্ষতি হাল্মৈ বর্ষয়তি হ য এতদেবং বিদ্বাদ্ বৃষ্টো পঞ্চবিধং সামেপাজে॥ ২

সামকে জানিয়া সাধুগুণ জাত যেই জন পূজা করে
বৃষ্টি চাহিয়া পঞ্চ সামের উপাসনা যেই করে
তাহার কামনা হইয়া বৃষ্টি
করে যে তাহার মনের তৃষ্টি
অনাবৃষ্টিতে বৃষ্টি যে হয় তাহার পূজার কলে
যাহা চাহিবার চাহ তার কাছে যেজন হলয় দলে।

# দিতীয়াধ্যায় : চতুর্থ খণ্ড

সর্বাশপরু পঞ্চবিধং সামোপাসীত মেথো যৎ সংপ্লবতে স হিছারো যদব্ধতি স প্রস্তাবো যাঃ প্রাচ্যঃ স্তম্মন্তে স উদসীথো যাঃ প্রতীচ্য স প্রতিহারঃ। সমুজো নিধনম্॥ ১

সকল প্রকার জল দৃষ্টিতে সাম উপাসনা করে৷
পঞ্চ প্রকারে তাহারি প্রকাশ মনের মাঝেতে স্মরে৷
মেঘ ঘন হয়ে বর্ষণ হয়
তথন জেনো তা হিস্কার ময়
প্রস্তাবরূপে বৃষ্টি বরষে যে নদী পূর্বে বয়
উদগীথ তাহা প্রতিহার যাহা পশ্চিম দিকে বয় ।\*

ন হাজ্প, প্রৈভ্যপ অ্রাণ্ ভবতি য এতদেবং বিদ্বান্ সর্বাত্মপ স্থ পঞ্চবিধং সামোপাত্তে॥

> পঞ্চবিধ এ সামকে সেজন সাধুগুণ বলি জানে বিশিষ্ট রূপে জলদৃষ্টিতে বৃঝে যে তাহার মানে। জল মাঝে তার মৃত্যু না হয় জলশালী সেই হয় নিশ্চয় জলের মধ্যে পঞ্চসামের করে যেই উপাসনা জল হতে তার তথ নাহি হয় শুদ্ধ সত্ত মনা।

<sup>•</sup>সমুদ্রই নিধন

## দিতীয়াধ্যায় ঃ পঞ্চম থগু

ঋতুবু পঞ্চবিধং সামোপাদীত বদন্তো হিন্ধারো গ্রীম্ম প্রস্তাবো বর্ষা উদ্সীথঃ শরৎ প্রতিহারো হেন্ডো নিধ্নম্॥ ১

পঞ্চভাবেতে ঋতু দৃষ্টিতে সাম উপাসনা করে।
বসন্তে হিংকার গ্রীত্মে প্রস্তাব এই বলি তারে স্মরো
বর্ষা কালেতে উদগীথ জেনো
শরং কালেরে প্রতিহার মেনো
হেমস্তকালে নিধন বলিয়া শাস্ত্রে বিদিত হন
শীত হেমস্তে এক ঋতু বলি জানে যত জ্ঞানীজন।

কল্পন্তে হাম্মা খতৰ ঋতুমান্ ভৰতি য এতদেবং বিধান্ ঋতুরু পঞ্চবিধং সামোপাত্তে॥ ২

পাঁচরূপ সামে ঋতু দৃষ্টিতে পূজে যেই জ্ঞানীজন
সকল ঋতুই তাহার কাছেতে চির অন্ত্রগত হন
যে ঋতুতে হয় যাহার প্রকাশ
পায় সেই জন মিটাইয়া আশ
সকল সময় ইচ্ছা মতন ভোগ স্থা সেই করে
পঞ্চামেরে ঋতু দৃষ্টিতে যেই জন পূজা করে।

## দিতীয়াধ্যায় ঃ ষষ্ঠ থণ্ড

পশুষু পঞ্চবিধ সামোপাসীভাঙ্গা হিম্বারোথবয়ঃ প্রস্তাবো গাব উদগীথোহশ্বাঃ প্রভিহারঃ পুরুষো নিধনম্। ১

পশুদৃষ্টিতে পঞ্চসামের উপাসনা এবে করে।
ছাগ হিংকারে মেষে প্রস্তাব এই বলি তারে শ্মরে।
গোত্র উদগীথ মনে জ্বেনে রাখে।
অশ্বেতে প্রতিহার বলে দেখে।
পুরুষে নিধন শেষ আশ্রয় জ্বেনো মনে নিশ্চয়
পশুদৃষ্টিতে পঞ্চসামের এই উপাসনা হয়।

ভবন্তি হাল্য পশবঃ পশুমান্ ভবতি য এতদেবং বিধান্ পশুষু পঞ্চবিধং সামোপাত্তে ॥২

পঞ্চসামেরে সাধুগুণ জেনে পূজা যেই জন করে
পঞ্চ দৃষ্টিতে হেরিয়া তাহায় যেই জন মনে শ্মরে
পশুগণ হয় ভোগ্য তাহার
সব পশুগণ বশ হয় তার
পশু অধিকারী হইয়া সেজন পুনঃ পশুদাতা হয়
সত্য কথা এ শাস্ত্রেতে আছে মনে জেন নিশ্চয়।

## দিতীয়াখ্যায় : সপ্তম থগু

প্রাণের পঞ্চবিধং পরোবরীয়ঃ সামোপাসীত প্রাণো হিছারে। বাক্ প্রস্তাবশ্চকুরুদ,গীথঃ প্রোত্তং প্রতিহারো মনো নিধনং পরোবরীয়াংসি বা এভানি॥ ১

> উত্রোত্তর উত্তম গুণে ইন্সিয় দৃষ্টিতে পঞ্চ সামেরে পুজিও হে তৃমি শাস্ত শুদ্ধ চিতে আণে হিশ্বার বাক প্রস্তাব চোখে উদগীথ কানে প্রতিহার মনেতে নিধন এরা পর পর জেনো গুণবান হয় সব ইন্সিয় শ্রেষ্ঠ যে মন সঁপি হও তন্ময়।

পরোবরীয়ো হাস্ত ভবতি পরোবয়ীমসো হ লোকাঞ্চয়তি য এতদেবং বিদ্বাস্ প্রাণেযু পঞ্চবিধং পরোবরীয়ঃ সামোপাস্ত ইতি তু পঞ্চবিধক্ত॥

পঞ্চ সামেরে সাধ্গুণ যুত যেই জন মনে করে
উত্তরোত্তর উত্তম গুণে ইন্দ্রিয় দৃষ্টি পূজা করে
ক্রমে উন্নত জীবন লভিয়া
ক্রমে সবলোক জয় যে করিয়া
সুখী হন তিনি। ইন্দ্রিয় দৃষ্টিতে উপাসনা সেই করে।
(পাঁচ প্রকারের সাম উপাসনা এখানেই শেষ করে)

#### দিতীয়াধ্যায় ঃ অষ্টম থণ্ড

অধ সপ্তবিধস্ত বাচি সংবিধং সামোপাসীত যথ কিঞ্চ বাচো ছমিতি স হিঙ্কারো যথ প্রেতি স প্রস্তাবো যদেতি স আদি: ॥ ১ যতুদিতি স উদগীথো যথ প্রতীতি স প্রতিহারো যতুপেতি স উপজ্বো যন্ত্রীতি তদ্মিধনম ॥২

বাক দৃষ্টিতে সাত প্রকারেতে সাম উপাসনা করে।
হুম শব্দেতে হিন্ধারে জেনে প্রয়ে প্রস্তাবে শ্মরে।
আ এ ওঁন্ধার উৎ উদগীথ
উপ এ উপদ্রব জেনো নিশ্চিত
নিয়েতে নিধন এই ভাবে সাত বাক্যে দৃষ্টি হয়
বাকোর মাঝে হুম শব্দেতে হিন্ধার জেনো রয়।

সুদ্ধেথলৈ বাগ,দোহং যো বাচো দোহোথাবানদ্বাদো ভবতি য এতদেবং বিদ্বান্ বাচি সপ্তবিধং সামোপাত্তে॥ ৩

সামকে যেজন সাধ্গুণে জেনে বাক দৃষ্টিতে স্মরে
সাত প্রকারেতে সামেরে জানিয়া উপাসনা যেই করে
বাকরপ ফল দোহন করিয়া
প্রভূত অরশালী যে হইয়া
প্রচুর অরভোজী হয়ে তিনি আনন্দ ভরে র'ন
বাক দৃষ্টিতে সাত প্রকারেতে সামে পুজে যেই জন।

## দিতীয়াধ্যায় ঃ নবম খণ্ড

অথ খব্যুমাদিত্যং সপ্তবিধং সামোপাসীত সর্বদা সমস্তেন সাম মাং প্রতি মাং প্রতীতি সর্বেণ সমস্তেন সাম ॥১

সমস্ত সামে স্থাদেবেরে এরে উপাসনা করে।
অবয়ব ক্রমে সপ্তবিধতে তাহারে আরোপ করে।
স্থা যেহেতু সদাই সমান
ক্ষয়বৃদ্ধিতে চিব অমান
সকলের প্রতি সমান হইয়া রয়েছে বর্ত্তমান
সমবৃদ্ধিতে সমভাব যাঁর যে চির জ্যোতিশ্বান।

ভিন্মিন্ধিমানি সর্বাণি ভূতাগ্রস্বায়প্তানীতি বিছাৎ ভশ্ম তৎ পুরোদয়াৎ স হিন্ধার স্তদশ্য পদবোধ্বায়প্তান্তশ্মান্তে হিং কুর্বন্তি হিন্ধায়প্তান্ধিনো হ্যেভশ্য সাক্ষঃ ॥২

সেই আদিতো অমুগত হয়ে এই চরাচর রয়
সূর্য উদয়ে হিস্কার রূপ শাস্ত্রে একথা কয়
পশুগণ জেনো তার অমুগত
সূর্যের মাঝে সাম যেইমত
সূর্যের মাঝে সামরূপ ধরি যেই হিস্কার রয়
তাহারই ভজন করে জ্ঞানীগণ যেজন সর্বময়।

অথ যৎ প্রথমোদিতে স প্রস্তাবন্তদশু মনুষ্যা অধায়ন্তান্তস্মাত্তে প্রস্থান্তকামাঃ প্রশংসাকামাঃ প্রস্তাব ভাজিনো ছেভশু সামঃ ॥৩

প্রথম সূর্য উদিত হইলে প্রস্তাব রূপ হয়
মানব মনেতে সূর্যের এই সাম রূপ জেন রয়
আদিত্যরূপে সামের ভজন
সূর্যে শ্বরিয়া করে সুধীজন
পরোক্ষ আর প্রত্যক্ষতে প্রশংসা আশা করে
সূর্যের মাঝে সামেরে শ্বরিয়া থেইজন পূজা করে।

অথ যৎ সঙ্গববেলায়াং স আদিস্তদশু বয়াংগুদ্বায়ত্তানি তম্মান্তাগুদ্ত-ব্লিক্ষেইনার্থণাক্তাদায়াত্মাণং পরিপতস্ত্যাদিভাজীনি হেতস্তু সাম্বঃ॥৪

ইহার পরেতে সূর্যরশ্মি দিকে দিকে যথা রয়
তাহারই মাঝেতে আদিরূপ জেন মনেতে স্থানিশ্চয়
পাখারা সকলে হয়ে অমুগত
তাহারি মহিমা গায় অবিরত
তাহারে আঁকড়ি উড়ে আকাশেতে অবলম্বন করি
গরুরা তাহার বংস সাথেতে চলে বিচরণ করি।

অথ যৎ সম্প্রতি মধ্যন্দিনে স উদ্গীথস্তদশ্য দেবা অধায়ত্তান্তশ্মতে সম্ভয়াঃ প্রাক্তাপত্যানামুদগীথভাজিনো তেওখ সাদ্ধঃ ॥৫

মধ্যাহ্নেতে সূর্য যে রূপে উদগীথ তাহা জেন
সূর্যের মাঝে সামরূপে দেব অমুগত মনে মেন
উদগীথ গাথা গাহি দেবগণ
সূর্যের মাঝে সামের ভজন
করিয়া তাঁহারা প্রজাপতি স্কৃত বরণীয় জন হন
মধ্যাহ্নের সূর্য সমান প্রদীপ্ত রূপে রন।

অথ যদৃধ্ব'ং মধ্যন্দিনাৎ প্রাগপরাহ্লাৎ স প্রতিহারন্তদশু গর্ভাঅধারত্তান্তশ্মাত্তে প্রতিহতা নাবপত্তন্তে প্রতিহারভাজিনো তেত্তপ্র সাল্পঃ ॥৬

হপুর সন্ধ্যা পর হলে রবি যায় যে অস্তাচলে
গর্ভেতে শিশু তারি পূজা করি রহে গর্ভের কোলে
প্রতিহার জানি যে করে ভজন
কখন তাহার না হয় পতন
নিম্নে তাহার গতি নাহি হয় উদ্ধামুখে সে রয়
প্রতিহার রূপে অস্তকালীন সূর্যের পূজা হয়।

অথ যদৃধ্ব মপরাহ্লাৎ প্রাগন্তমমাৎ স উপদ্রবন্তদন্তারণ্য। অধায়ত্তান্তশাতে পুরুষং দৃষ্ট্র। কক্ষং খভ্রমিভ্যুপদ্রবন্তপদ্রব ভাজিনো ভেতস্য সামঃ ॥৭

সদ্ধ্যার পর সূর্য যখন অস্তাচলেতে যায়
তাহার সেরূপ উপদ্রবের মধ্যে কথিত হয়
অরণ্যবাসী যত পশুক্ষন
অস্তকালের করে যে ভক্ষন
অরণ্য গুহা তাই তাহাদের নির্ভয় মনে হয়

অথ যৎ প্রথমান্তমিতে তম্মিধনং পিতরোইনায়ত্তান্তমাতান্নিদধতি-নিধনভাজিনো ছেডস্য সাল্প এবং খবমুমাদিত্যং সপ্তবিধং সামোপাতে

তাইত তাহারা লোকালয় ছেড়ে সে পথে ধাবিত হয়।

পূর্য অন্ত হইলে জানিও নিধন রূপেতে রয়
পিতৃগণের এই সামরূপে অমুগত জেন রয়
গ্রাদ্ধকালেতে কুশের উপর
তাঁদের পূজিয়া দেয় সবে জল
এই সাতরূপে সূর্যের পূজা সামে বন্দিয়া হয়
যে ইহারে পূজে সূর্য প্রাপ্তি হয় তার নিশ্চয়।

### দিতীয়াধ্যায় : দশম থগু

অথ খবাদ্মসন্মিতমতিমৃত্যু সপ্তবিধং সামোপাসীত হিস্কার ইতি এক্সেরং প্রস্তাব ইতি এক্সেরং তৎ সমম্॥১

ইহার পরেতে সাত অবয়বে সাম উপাসনা করে।
অতি মৃত্যুরে অতিক্রেমিয়া সমান আখরে স্মরে।
তিন অক্ষরে হিশ্বার হয়
প্রস্তাব ও তিন অক্ষর ময়
দোহারে সমান জানি যেই জন আত্ম জ্ঞানেরে পায়
মৃত্যু তুয়ার পার হয়ে সেই মৃত্যুরে করে জয়।

আদিরিতি দ্যক্ষরং প্রতিহার ইতি চতুরক্ষরং তত ইহৈকং তৎ সমম্ ॥২

> আদি এই নাম তুইটি আখরে প্রতিহারে চার রয় প্রতিহার হতে একটি আখর আদিতে যুক্ত হয় তাহলে হইবে তুইই সমান এই কথা বুঝে যেই মতিমান আদি প্রতিহারে তাহার চোখেতে তুল্য একই হয় প্রতিহার হতে একটি আখর আদিতে যুক্ত রয়।

উদগীথ ইতি এক্সরমুপদ্রব ইতি চতুরক্ষরং ত্রিভিস্তিতি: সমং ভবত্যক্ষরমতিশিষ্যতে এক্সরং ডৎ সময় ॥৩

উদগীথ নামে তিনটি আখর উপদ্রেবতে চার
তিন তিন করি সমান রহিলে বাকি এক রহে তার
তবু মনে জেনো দোহে তিন বাল
সমান বলিয়া ধর এরে চলি
উদগীথ নামে তিনটি আখর উপদ্রেবতে চার
তিন তিন করি সমান করিলে বাকি রহিল না আর

নিধনমিতি এ্যক্ষরং ডৎ সমমেব ভবতি তানি হ বা এতানি ভাবিংশতিরক্ষরাণি ॥৪

> নিধন নামেতে তিনটি আখর সমান বলিয়া জেন সাত অবয়বে সামের উক্ত বাইশটি বলে মেন মিলের তরেতে চবিবশ বলি ঠিক জানি তারে দ্বাবিংশ বলি সমতার লাগি এই সংখ্যায় কমবেশী যাহ। হয় বুঝায়ে বলিতে কত কথা লাগে জান তাহা নিশ্চয়।

একবিংশত্যাদিত্য মাপ্নোত্যেকবিংশো বা ইত্যেইসাবাদিত্যে দ্বাবিংশেন পরমাদিত্যাজ্জয়তি তন্ত্রাকং তদ্বিশোক্ষ ॥৫

সামকে জানিয়া সাধ্গুণযুত যেই জন পূজা কবে
তুল্যাক্ষরে বিশিষ্ট রূপে সপ্তা বয়বে স্মরে
একুশটি রূপে সংখ্যা সহায়
মৃত্যু রূপে সে আদিতো পায়
এই লোক হতে গণনা করিতে সূর্য একুশ হন
বাইশ অক্ষরে যেই করে পূজা তার পরে তিনি র'ন

আপ্লোতি হাদিত্যস্য ক্ষরং পরে৷ হাস্যাদিত্যক্ষয়া জ্জয়ো'ভবতি য এতদেবং বিদ্যানাত্মসন্মিতমতিমৃত্যু সপ্তবিধং সামোপান্তে সামোপান্তে ॥৬

সূৰ্য লোকের পরে যেই লোক শুধু তাহা সুখময়
কোন তৃথ সেথা প্রবেশিতে নারে শোকাতীত সেই হয়
এইক্সপে করি আদিতা জয়
তৃল ভ সেই লোকে সেই রয়
সুধী বিদ্বান জ্ঞানী শুণীগণ তাহাই প্রাপ্ত হন
ৰাইশ আখরে তাঁহারে পৃক্তিয়া সেবা করে যেই জন।

### দিতীয়াধ্যায় : একাদশ খণ্ড

মনো হিন্ধারো বাক প্রস্তাবশ্চকুরুদ,গীথঃ শ্রোত্তং প্রতিছারঃ প্রাণো নিধনমেতদ, গায় 🕾 প্রাণেষু প্রোত্তম্ ॥১

মন হিংকার যাক প্রস্তাব নয়নেতে উদগীথ
কানে প্রতিহাব প্রাণেতে নিধন জানিও মনেতে প্রির
ইন্দ্রিয় মাঝে মনই প্রথম
তাই হিংকার হইল প্রথম
মন ইচ্ছায় বাকেতে প্রকাশ প্রস্তাব রূপে রয়
কান প্রতিহার বিষয় হইতে প্রতিহৃত্ত যে হয়।
স্থয়প্তি কালে দব ইন্দ্রিয় প্রাণেতে বিলীন হয়
গায়ত্তীকেতে প্রাণরূপে পূজা কোর তুমি নিশ্চয়
প্রাণের মাঝেতে প্রতিষ্ঠা তার
তাই জেন মনে গায়ত্তী সার
প্রাণরূপে তাই গায়ত্তী পূজা স্তব আদি করা হয়
শ্রেষ্ঠ বলিয়া প্রাণের মাঝেতে গায়ত্তী নিশ্চয়।

স য এবমেডদ, গায়ত্রং প্রাণেয়ু প্রোভং বেদ প্রাণী ভবতি সর্বমায়ুরেডি জ্যোগ,জীবতি মহান্ প্রজয়া পশুভির্তবতি মহান কীর্ত্ত্যা মহামনাঃ স্যাৎ তদত্রতম্ ॥২

পরাণ মাঝারে তিষ্ঠিত সেই গায়ত্র সামে মানি
প্জে যেই জন ইন্দ্রিয় তার বিকল না হয় জানি
শতায়ু লভিয়া জীবন উজল
সন্তান ও পশু লভিয়া সকল
কীর্ত্তিতে তিনি মহান হইয়া এই ধরাতলে রন
এই উপাসনা করিবেন যিনি উদার যেন গো হন:

## ছিতীয়াধ্যায় ঃ দ্বাদশ থগু

অভিমন্থতি স হিন্ধারো ধুমো জায়তে স প্রস্তাবো জালতি স উদগীথোইলারা ভবন্তি স প্রতিহার উপশাম্যতি তল্পিনং সংশাম্যতি তল্পিনমেতদ, রথস্তরমগ্নো প্রোতম্ ॥১

অগ্নি জালিতে কাঠ ঘর্ষণে হিস্কার তারে কয়
ধ্মোংপত্তি প্রস্তাব জেনো উদগীথ প্রজ্ঞলন হয়
অঙ্গার যেন প্রতিহার মাঝে
অগ্নি ক্ষীণেতে নিধনের সাজে
নিবাপিত নিধন ব/লয়া শাস্ত্রেতে জেন খাত
রথস্কর নামে সাম অগ্নিতে তাহাই প্রতিষ্ঠিত।

স ম এতমেতদ রথন্তর মগ্রো প্রোতং বেদ ত্রহ্মবর্চস্যন্নাদে। ভবতি সর্বমায়ুরেতি জ্যোগজাবতি মহাণ প্রজয়া পয্যভির্ব্যবতি মহাণ কীর্ত্ত্যা ন প্রত্যেঙ্গুরিমাচামেন্ননিস্তীবেৎ তদ ত্রতম্ ॥২

> রথন্তর এ সামেরে জানিয়া আগুণে প্রতিষ্ঠিত ব্রহ্মতেজেতে তেজস্থী হয়ে দীপাগ্নি তে সে স্থিত লভি পূর্ণায়ু সন্তানগণ পশুলভি তিনি মহীয়ান হন কীত্তি তাঁহার মহান হয় সে শুধু তাঁর ব্রত এই অগ্নির অভিমুখে আচমন থুতু সে ফেলেনা ভাই।

### দ্বিতীয়াধ্যায় ঃ ত্রয়োদশ খণ্ড

উপমন্দ্রতে স হিশ্বারো জ্ঞপয়তে স প্রস্তাবঃ স্ত্রিয়া সহশেতে স উদগীথঃ প্রতি স্থীং সহ শেতে স প্রতিহারঃ কালং গচ্ছতি ভল্লিধনং পারং গচ্ছতি ভল্লিধন মেডদ বামদেব্যং মিথুনে প্রোতম ॥ ১

পুরুষ সঙ্গেত হিস্কার দ্বেন স্থাকৈ খুসী প্রস্তাব
শয়ন রূপেতে উনগাঁথ জেনো দোঁহে রভ প্রতিহার
কালক্ষেপনেরে কহে যে নিধন
সমাপ্তিরেও জানিও নিধন
বামদেবার সাম নিথুনেতে যুগলে প্রতিষ্ঠিত
বায়ুও জলের মিলে বামদেবা আছে এইরূপ শ্রুত।

স য এবমেতদ্বামদেব্যং মিথুনে প্রোতং বেদ মিথুনী ভবতি মিথুনান্নিথুনাৎ প্রজায়তে সর্বমায়ুরেতি জ্যোগ্জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবাতি মহান কীর্ত্ত্যান কাঞ্চন পরিহরেৎ তদ্বতম।

বামদেবার জ্ঞাতবা যেই এই ভাবে মনে জ্ঞানে
অমোঘ বীর্যা হন সেইজন বিরহ কভুনা জ্ঞানে
উজ্পল জ্ঞাবন পূর্ণায়ু ময়
সস্তান আর পশুলাভ হয়
মহৎ কীর্ত্তি শুধু এইজন জ্ঞানে এই ব্রতসার
শ্যা আগতা দ্রীকে ত্যাগ কভু করিবে না জ্ঞানে আর

## দ্বিতীয়াধ্যায় ঃ চতুর্দশ থগু

উত্তন্ হিঙ্কার উদিতঃ প্রস্তাবো মধ্যন্দিন উদগীথোইপরাহু; প্রতিহারোইস্তং যন্ত্রিধনমেতদ বৃহদাদিত্যে প্রোতম্॥ ১

> উদীয়মান সে সূর্যেরে মনে হিংকার বলি জেন উদিত সূর্যে প্রস্তাব বলি অস্তরে তুমি মেন মধ্যাহেতে উদগীথ ময় অপরাহেতে প্রতিহার হয় অস্তগামী সে সূর্যে নিধন বহুং নামেতে স্থিত রহুং নামেতে সাম আদিতো রয় যে প্রতিষ্ঠিত।

স য এবমেতদ্ বৃহদাদিত্যে প্রোতং বেদ তেজস্ব্যন্নাদে। ভবতি সর্বমায়ুরেতি জ্যোগ্জীবতি মহান্ প্রজন্না পশুভির্ভবতি মহান কীর্ত্ত্যা তপন্তং ন নিন্দেৎ তদত্রতম্ ॥২

> আদিত্য মাঝে বৃহৎ সামেরে জ্ঞানিয়া প্রতিষ্ঠিত পূজে যেই জন, তেজ ও দীপ্তি পূর্ণ আয়ুতেক্তিত সন্তান পশু লভিয়া সেজন কীন্তির মাঝে মহৎ যে হন চির তাপত্রাতা সূর্যের কৃতু নিনদা করে না সেই চির উজ্জল জ্ঞাবন তাঁহার তাঁর ব্রত জ্ঞানো এই।

### দ্বিতীয়াখ্যায় ঃ পঞ্চদশ থগু

অজাণি সংপ্লবন্তে স হিক্ষারো মেথো জায়তে স প্রান্তাবা বর্ষতি সউদগীথো বিজ্ঞোভতে স্তনয়তি স প্রতিহার উদগৃহাতি ভল্লিখন মেডদ বৈরূপং পর্জন্যে প্রোভয়। ১

হিংকার রূপে আকাশ বিহারী অভ্র সমূহ রয়
জলবর্ষীসে সঞ্জাত মেঘ জেন প্রস্তাব ময়
বিত্তাং আর মেঘ গর্জনে
প্রতিহার রূপে জানে জেন মনে
বারিপাত মাঝে বিরতি তাহার নিধন রূপেতে রয়
বৈরূপ নাম সাম মেঘ মাঝে তিষ্ঠিত নিশ্চয়।

স য এবমেতদ্ বৈরূপং পর্জগ্যে প্রোতং বেদ বিরূপাংশ্চ স্কুরপাণ্চ পশুনবরুদ্ধে সর্বমায়ুরেভি জ্যোগ্জীবভি মহান প্রজয়া পশুভির্ন্তবিভ মহান কীর্জ্যা বর্ষস্তং ন নিজেৎ ভদত্রভয় ॥২

পজাকোর মাঝে তিটিত বৈরূপ সামে জেনে
লভে বিচিত্র রূপ ও স্থ্রপ পশুদল সেই জনে
উজ্পল জীবন পূর্ণতা ময়
সন্তান পশু লাভ তার হয়
কীত্তির মাঝে হইয়া মহৎ এই ব্রভধারী জ্বন
বর্ষণ কারী পর্জায়েরে মনদ কভু না কন্।

## দ্বিতীয়াধ্যায় ঃ যোডশ খণ্ড

বসন্তো হিঙ্কারো গ্রীক্ষঃ প্রস্তাবো বর্ষা উদগীথঃ শরৎ প্রতিহারো হেমন্তো নিধনমেতবৈরাজয়ত্বযু প্রোতম ॥ ১

বসন্ত মাঝে হিস্কার আর গ্রীন্মেতে প্রস্তাব
বরষার মাঝে উদগীথ রাজে শরতেতে প্রতিহার
হেমস্ত মাঝে রহে সে নিধন
জানে এই কথা যত সুধী জন
বৈরাজ নামে সাম ঋতু মাঝে এইরূপে এরা রয়
ঋতুব মাঝেতে সাম উপাসনা এইভাবে জেনো হয়।

স য এবংগতদ্ বৈরাজমৃত্যু প্রোডং বেদৰিরাজতি প্রজয়া পশুভিঃ ব্রহ্মবর্যসেন সর্বমায়ুরেডি জ্যোগ্জীবতি মহান্ প্রজয়া পশুভি-র্ভবতি মহান্ কীর্ড্যা ঋতুন্ন নিন্দেৎ ওদ্ব্রতম্ ॥ ২

বৈরাজ নামে সাম ঋতু মাঝে প্রতিষ্ঠিত এজনে
জানে যেই জন প্রজা পশু লভি উজ্জল বেদ জ্ঞানে
পূর্ণায়ু লভি উজ্বলিত হন
লভি প্রজা আর যত পশুগণ
কীর্তির মাঝে মহান হইবে তবু এই ব্রত তার
বর্ষণকারি মেঘের নিন্দা করে না কখন আর।

### ৰিতীয়াখ্যায় ঃ সপ্তদশ থণ্ড

পৃথিবী হিঙ্কারোইশুরিক্ষং প্রস্তাবো দ্যোরুদগীথো দিশঃ প্রতিকারঃ সমুদ্রো নিধনমেতাঃ শকর্ষো লোকেযু প্রোতাঃ ॥ ১

> পৃথিবীর মাঝে হিস্কার আর গগনেতে প্রস্তাব ছালোক মাঝেতে উদগীথ আর দিকে দিকে প্রতিহার হেমস্ত মাঝে নিধন যে হয় শক্ষরী নামে সাম লোকে রয় বৈরাজ নামে সাম লোক মাঝে এইভাবে এরা রয় শাস্ত্রের কথা নহে কভু ভুল জেন মনে নিশ্চয়।

স য এবমেডাঃ শকর্ষে। লোকেষু প্রোডা বেদ লোকীভবঙি সর্বমায়ুরেডি জ্যোগ্জীবডি মহান্ প্রজয়া পশুভির্ভবঙি মহান্ কার্ড্যা লোকায় নিন্দেৎ ভদত্রতম্।। ২

বৈরাজ নামে সাম ঋতু মাঝে বিরাজিত যেই জন
তাহারে জানিয়া প্রজা পশু আর বেদজ্ঞানে জ্ঞানী হন
উজ্পল জীবন দীর্ঘতা ময়
শুধু জেন মনে ব্রত তার হয়
কীব্রির মাঝে হইয়া মহং, ঋতুরে কখন সে ত
কবেনা নিন্দা তাহার জীবনে এই হয় তার ব্রত।

## দিতীয়াধ্যায় ঃ অপ্তদশ থগু

অজা হিন্ধারোইবয়ঃ প্রস্তবো গাব উদগীথোইখাঃ প্রতিহারঃ পুরুষো নিধনমেতা রেবভ্যঃ পশুষু প্রোভাঃ ॥ ১

অজ হিস্কার মেষ প্রস্তাব গো সকল উদগীত

অগ সকল প্রতিহার জেনো নামে রহে জেন স্থিত

পুরুষ নিধন রূপে সেথা রয়

রেবতী নামক সাম রূপে রয়

সব পশু মাঝে এই রূপে জেন রেবতী সামেতে রয়
পশুগণ মাঝে রেবতী সামের এই বন্দনা হয়।

স য এবমেতা রেবত্যঃ পশুষু প্রোতা বেদ পশুমান ভবতি সর্বমায়ুরেডি ক্যোগ্জীবতি প্রজয়া পশুভির্তবতি মহাম্ কীর্দ্ত্যা পশুয় নিম্মেৎ ভদব্রভম্ ॥২

> রেবতী নামক পশু সমূহেতে যে সাম প্রতিষ্ঠিত জানে সেই জন পশুধন লভি হয় সেইজন স্থিত দীর্ঘ জীবন পূর্ণতাময় প্রজা পশু লভি মহৎ সে হয় কীর্ত্তির মাঝে হইয়া মহান এই ব্রত হয় তার পশুগণে কভু করে না নিন্দা মনে জানে এই সার।

### দ্বিতীয়াধ্যায় : উনবিংশ খণ্ড

লোস হিন্ধারন্তক্ প্রন্তাবো মাংসমুদগীথোইন্দি প্রতিহারো মজ্জা নিধনমেতদ্ যজ্ঞাযজ্ঞীয়মঙ্গেষু প্রোতম ॥ ১

লোমে হিন্ধার থকে প্রস্তাব মাংসেতে উদগীথ
হাড়ে প্রতিহার মজ্জার মাঝে নিধন যে তিন্ঠিত
যজ্ঞাযজ্ঞীয় লয়ে এই নাম
দেহাবয়বেতে রহে জ্ঞেন সাম
উপরেতে লোম প্রথম তাহার দ্বিতীয়েতে ত্বক রয়
মাংস শ্রেষ্ঠ মৃতদেহ মাঝে প্রতিহার তাই রয়।

স য এবমেডদ্ যজ্ঞাযজীয়মকেষু প্রোতং বেদাকী ভবতি নাকেন বিষ্কুছ তি সর্বমায়ুরেডি জ্যোগ,জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহানকীর্ত্ত্যা সংবৎসরং মজ জ্যো নাশ্মীয়াৎ তদ্ব্রতং মজ জ্যো নাশ্মীয়াদিভিবা॥ ২

দেহ অবয়বে প্রতিষ্ঠিত এ সামকে যেজন জ্বানে
পূর্ণাবয়ব হন সেইজন বিকৃতি নাহি আনে
পূর্ণায় লভি জীবন উজল
সন্তান পশু লভি সে সকল
শুধু ব্রত তার এক বংসর মাংস সে কভু না ধার
আজীবন কভু না ধেয়ে মাংস ব্রত পালে নিশ্চয়।

### দিতীয়াধ্যায় ঃ বিংশ থগু

অগ্নিহিন্ধারো বায়ঃ প্রস্তাব আদিত্য উদ্গীথো নক্ষজাণি প্রতিহার শচন্দ্রমা নিধনমেতজাঙ্গন্ দেবতাস্থ প্রোত্য্ ॥ ১

অগ্নি হিন্ধার বায়্ প্রস্তাব আদিত্য উদগীথ
তারার মাঝেতে প্রতিহার রয় চাঁদেতে নিধনস্থিত
রাজন নামক এই সাম মাঝে
সব দেবতারা জ্বানিও বিরাজ্বে
রাজন শব্দে দীপ্তি মানের অর্থ জ্বানিও হয়
অগ্রণী এই দেবগণে তুমি জ্বানিও স্থনিশ্বয়।

স য এবমেওজাজনং দেবভাস্থ প্রোভং বেদৈভাসামেব দেবভানাং সলোকভাং সাষ্টি ভাং সাযুজ্যং গচ্ছতি সর্বমায়ুরেভি জ্যোগ্জীবভি মহান্ প্রজন্মা পশুভির্ভবভি মহানকীর্ড্যা ব্রাহ্মণান্ন নিন্দেৎ ভদ্ ব্রভম্ ॥ ২

> দেবতাগণের মাঝে বিরাজিত রাজেন সামেরে জেনে কিনি দেব মাঝে সালোক্য লভি সামুজ্য লভি মেনে উচ্চল জীবন পূর্ণতা ময় সন্তান আর পশু লাভ হয় তার এই ব্রত ব্রাহ্মণ গণে নিন্দা কভু না করে দেবতা গণের মাঝে বিরাজিত রাজেন সামেরে শ্বরে।

## দিতীয়াধ্যায় ঃ একবিংশ থণ্ড

এয়ী বিজ্ঞা হিশ্বারক্তার ইমেলোকাঃ স প্রস্তাবোইর্মিবায়ুরাদিত্যঃ স উদগীথো নক্ষত্রাণি বয়াংসি মরীচয়ঃ স প্রতিহারঃ সর্পাগন্ধর্বাঃ পিতরস্তরিধন মেত্য সাম সর্ব স্মিন প্রোত্তম ॥ ১

এয়ী বিভাসে হিন্ধার আর তিন লোক প্রস্তাব
অগ্নি বায়্ ও আদিত্য মাঝে উদগীথ হয় সার
তারা ও পাঝীতে কিরণের মাঝে
প্রতিহার জেন সতত বিরাজে
সর্পের মাঝে গন্ধর্বের আর পিতৃরা নিধন
সাম সম্দয় সর্ব জিনিধে এই ভাবে জেন রন।
স য এবমেৎ সাম সবস্মিন্ প্রোভং বেদ সর্বং হ ভবতি ॥ ২
সবাকার মাঝে সাম রূপে এরে যেইজন মনে জানে
সব অধিপতি হইয়া সেজন জয়ী হন স্বথানে

ভদেষ শ্লোকো—যানি ত্রীণি ত্রীণি তেভ্যোঃ ন জ্যায়ঃ পরমন্যদন্তি॥ ৩

এই শ্লোকে আছে পঞ্চ ভেদেতে এয়ী বিছার কথা ইহা হতে বড় আর কিছু নাই জানিও ইহাতে তথা।

যস্তদ্বেদ স বেদ সর্বং সর্বা দিশো বলিগলৈ হরন্তি সর্বসন্মা-ভ্যুপাসীত ভদ্তভং ভদ্তভ্যু ॥ ৪

> এইরপে যিনি সর্বাত্মকেতে সামকে যেজন জ্বানে সবদিক হতে সব প্রাণী তার আহার বহিয়া আনে বেদকে জ্বানিয়া সেই সুধীজন আমি সমুদয় জ্বানে দিয়ে মন সার কথা জেনে এই ভাবে সেই উপাসনা মাঝে রত ইহাই মন্ত্র এই জ্ঞান লভি করে সেই এই ব্রত।

### দিতীয়াধ্যায় ঃ দাবিংশ থগু

